

# প্রথম আলো

Prothom Alo North America  
14 April 2022, Thursday, 6th Year, Issue 265, 40 Pages



নিউইয়র্ক পুলিশের গর্বিত  
অফিসার লেফট্যানেন্ট  
সাজেদুর রহমান পৃষ্ঠা ১৬

১৪ এপ্রিল ২০২২, ১ বৈশাখ ১৪২৯, ১৩ রমজান ১৪৪৩, বৃহস্পতিবার, বর্ষ ৬, সংখ্যা ২৬৫, পৃষ্ঠা: ৪০

## নিজেই ধরা দিলেন অভিযুক্ত জেমস

### সাবওয়ে স্টেশনে হামলা

৬২ বছর বয়সী জেমসকে  
বুধবার বিকেলে ইস্ট ভিলেজ  
থেকে গ্রেপ্তার করা হয়েছে।

### এইচ বি রিতা

নিউইয়র্ক সাবওয়ে স্টেশনে হামলা ২৯  
ঘণ্টা পর দায়ী ফ্রাঙ্ক আর জেমস পুলিশের  
কাছে নিজেই ধরা দিয়েছেন। জেমস  
নিজেই পুলিশকে ফোন দিয়েছেন। এরপর



ফ্রাঙ্ক জ্যামস

গ্রেপ্তার দেখানো হয়েছে।  
গ্রেপ্তারের কয়েক ঘণ্টার মধ্যেই ফ্রাঙ্ক

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৪



### বসন্ত

আমেরিকায় ২০ মার্চ থেকে শুরু হয়েছে বসন্ত। যদিও নিউইয়র্ক এখনও শীতল। তবে প্রকৃতি ঠিকই  
জানান দিতে শুরু করেছে, বসন্ত এসে গেছে। নিউইয়র্কের ব্রংকস ওভাল পার্কে গাছে ফুটেছে অসংখ্য  
ফুল। ছবি: সৈয়দ মাসদুল কবির

## নগরপিতার ১০০দিন

### বিশেষ প্রতিনিধি

নিউইয়র্কের মেয়র  
এরিক অ্যাডামস  
ক্ষমতা গ্রহণের ১০০  
দিন অতিক্রম  
করেছেন। ১০ এপ্রিল  
রোববার ছিল তাঁর  
ক্ষমতাগ্রহণের ১০০  
দিন। দিনটিতেই খবর বেরিয়েছে কোভিড-  
১৯ এ আক্রান্ত হয়েছেন মেয়র অ্যাডামস।



এরিক অ্যাডামস

করোনা মহামারির শুরু ধাক্কায়ে নাজেহাল  
হওয়া নগরের মেয়র অ্যাডামস। ইতিহাসের  
কঠিন সময়ে ক্ষমতাগ্রহণ করেছেন।  
এরই মধ্যে নিউইয়র্ক নগর  
অপরাধীদের স্বগরাজ্যে পরিণত হয়েছে।  
চলমান মহামারি আর ২০২০ সালের ব্ল্যাক  
লাইভস ম্যাটার আন্দোলনের পর  
নিউইয়র্কের আইনশৃঙ্খলা পরিস্থিতির চরম  
অবনতি ঘটেছে।

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১

## পররাষ্ট্রমন্ত্রীর মন্তব্য বাংলাদেশ-যুক্তরাষ্ট্র সম্পর্ক সবচেয়ে শক্তিশালী অবস্থানে

### উত্তর আমেরিকা অফিস

বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে  
আবদুল মোমেন বলেছেন, দু'দেশের  
কূটনৈতিক সম্পর্কের সুবর্ণজয়ন্তীতে

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৪

## উন্নয়নের মাইলফলকের বছর হবে ২০২২-২৩

### জাতির উদ্দেশে প্রধানমন্ত্রী

### ঢাকা অফিস

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, দেশের  
অবকাঠামো উন্নয়নের এক মাইলফলক  
বছর হবে ২০২২ ও ২০২৩। অবকাঠামো

উন্নয়নের মাধ্যমে অর্থনৈতিক কর্মকাণ্ডে  
গতিশীলতা আনা, কর্মসংস্থান সৃষ্টি, সম্পদ  
বৃদ্ধি এবং মানুষের জীবনযাত্রা সহজ  
করাই তাঁর সরকারের মূল লক্ষ্য।

বাংলা নববর্ষ উপলক্ষে ১৩ এপ্রিল  
বুধবার জাতির উদ্দেশে দেওয়া ভাষণে এ

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১



কেতানজি ব্রাউন জ্যাকসন

## প্রথম কৃষজ্ঞ নারী বিচারপতি হলেন কেতানজি

### জাহিদা আলম

মার্কিন সিনেটে বিচারপতি পদে  
কেতানজি ব্রাউন জ্যাকসনের মনোনয়ন  
নিশ্চিত করেছে দেশটির সিনেট।

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১

## রিপাবলিকান দলে এখনও জনপ্রিয় ট্রাম্প

### রহমান মাহবুব

আমেরিকার  
রক্ষণশীলদের মধ্যে  
সাবেক প্রেসিডেন্ট  
ডোনাল্ড ট্রাম্পের  
জনপ্রিয়তা এখনও  
তুঙ্গে। ১১ এপ্রিল  
সোমবার প্রকাশিত



ডোনাল্ড ট্রাম্প

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৪



অসুস্থদের পাশে  
সারারাত কেউ  
থাকলে রাত  
কেটে যাবে  
শান্তিতে।

আপনার প্রিয়জন যদি ডিমেনশিয়ায়  
ভোগেন তাহলে তিনি ২৪ ঘন্টার জন্য  
শ্রম কেয়ার সার্ভিস পাবেন।

আমাদের সার্ভিস সমূহ:

ফারসোনালা কেয়ার এইডস  
হোম হেলথ এইডস  
দক্ষ নার্সিং কেয়ার  
থেরাপিস্ট

আমরা বাংলায় কথা বলি



Companionship. Comfort. Peace of Mind.

Tel: 718-435-1100ex 272

www.HumanCareNY.com



ইনকাম ট্যাক্স আমাদের সেবাসমূহ

- ব্যক্তিগত ট্যাক্স রিটার্ন
- কর্পোরেট ট্যাক্স রিটার্ন
- স্মল বিজনেস ট্যাক্স রিটার্ন
- সেফ-এম্প্লয়েড ট্যাক্স রিটার্ন (উবার, লিফট, ক্যাব ড্রাইভারস)
- একাউন্টিং বুককিপিং, ইমিগ্রেশন ফরম পূরণ, বিজনেস গঠন

## চিশ্‌তী একাউন্টিং অ্যান্ড ট্যাক্স সার্ভিসেস

Trusted Accounting and Tax Services.

Over 13 years of Accounting and Taxation Experience.

### ইনকাম ট্যাক্স

- Individual Tax Return
- Corporate Tax Return
- Small Businesses Tax Return
- Self-employed (Uber/Lyft/Cab drivers)



### একাউন্টিং ও বুককিপিং

- Payroll
- W2s, 1099s
- Financial Statements
- Sales Tax Quarterly and year end filings

আমাদের  
অফিস জ্যাকসন  
হাইটসের  
প্রাণকেন্দ্রে



Call/email/make appointment at www.chishtiaccounting.com T:917-832-7785 C: 347-515-3858 E: chishti@chishtiaccounting.com 73-19 Broadway, Jackson Heights NY11372

Mohammed K. Chishti, CPA, MBA



Queens Social Adult  
Day Care Center Inc

# কুইন্স সোশাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক



কুইন্স সোশাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক একটি ডে-কেয়ার সার্ভিস সেন্টার। আমরা লিঙ্গ, জাতি অথবা ধর্ম বৈষম্যহীনভাবে সবধরনের গ্রাহক সেবা প্রদান করি। আমরা দুরারোগে অসুস্থ এবং প্রতিবন্ধী গ্রাহকদের, প্রবীণ ব্যক্তিদের নিরাপদ এবং উপযুক্ত ডে-কেয়ার সার্ভিস প্রদান করে থাকি। আমরা নিশ্চিত করি যেন গ্রাহক মানসম্পন্ন সেবা আমাদের সেন্টার থেকে পেতে পারেন যাতে করে তাকে কোন নার্সিং হোমে যেতে না হয়। মেট্রোপলিটন এলাকায় আমাদের অভিজ্ঞ কর্মীরা সর্বাঙ্গিক ডে-কেয়ার সেবা প্রদান করে থাকেন।

## ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- ▶ নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ▶ ফিডট্রিপস (পিকআপ এন্ড ড্রপস)
- ▶ ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- ▶ নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- ▶ চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ▶ ওজু ও নামাজের ব্যবস্থা
- ▶ টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ▶ ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- ▶ সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা
- ▶ শিক্ষা কার্যক্রম
- ▶ কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- ▶ গ্রন্থাগার
- ▶ শারিরীক স্বাস্থ্য কার্যক্রম
- ▶ ইয়োগা, তাইচি, ব্যায়াম ও জিমের ব্যবস্থা
- ▶ ফিজিক্যাল থেরাপী

## মানসিক স্বাস্থ্য পরামর্শ

- ▶ রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- ▶ পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- ▶ মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

## বিনোদনমূলক কার্যক্রম

- ▶ পিকনিক
- ▶ যাদুঘর ভ্রমণ
- ▶ সমদ্র সৈকতে পার্টি
- ▶ নৌ-ভ্রমণ ও মৎস শিকার

## আধ্যাত্মিক কার্যক্রম

- ▶ শান্ত সময়
- ▶ ধ্যান

## অবসর কার্যক্রম

- ▶ কেরাম বোর্ড
- ▶ লুডু
- ▶ দাবা
- ▶ ধাঁধা
- ▶ অধ্যয়ন



For details information please contact

**ENGINEER MAHFUZUL HAQUE**

MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain

**148-41 Hillside Ave, Jamaica, NY 11435**

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com



রাশাদ হোসাইন

## ঢাকা যাচ্ছেন বাইডেনের উপদেষ্টা

### বিশেষ প্রতিনিধি

মার্কিন প্রেসিডেন্টের ধর্মীয় স্বাধীনতা বিষয়ক বিশেষ দূত রাশাদ হোসাইন চারদিনের সফরে ঢাকা যাচ্ছেন। প্রস্তাবিত সূচি অনুযায়ী আগামী রোববার তিনি বাংলাদেশে পৌঁছাবেন। থাকবেন ২০ এপ্রিল পর্যন্ত।

দায়িত্বশীল কূটনৈতিক সূত্র সফরের বিষয়টি নিশ্চিত করেছে। সফরকালে সরকারের মন্ত্রী, সচিব, নাগরিক সমাজের প্রতিনিধি এবং ধর্মীয় ব্যক্তিত্বদের সঙ্গে তাঁর বৈঠক হবে।

তবে সরকারের দায়িত্বশীল প্রতিনিধিরা জানান, পবিত্র মাহে রমজানে অফিস শিডিউলে পরিবর্তন এবং মন্ত্রী-সচিবদের পূর্বনির্ধারিত সূচির কারণে প্রেসিডেন্ট জো বাইডেনের বিশেষ দূতের সঙ্গে বৈঠকের অ্যাপয়েন্টমেন্ট এখনও চূড়ান্ত হয়নি।

রাজধানীতে তাঁর অন্য কর্মসূচির সঙ্গে সাক্ষাৎসূচির সময়েরও চেষ্টা চলছে। তবে সরকারি সূত্র নিশ্চিত করেছে যে পররাষ্ট্র, জনপ্রশাসন, আইন এবং ধর্ম মন্ত্রণালয়ের উচ্চপর্যায়ে মার্কিন বিশেষ দূতের বৈঠকের আগ্রহ রয়েছে।

## ক্ষমতার অপব্যবহার ও দুর্নীতিতে যুক্তরাষ্ট্রের উদ্বেগ

### আইনশৃঙ্খলা বাহিনী

#### বিশেষ প্রতিনিধি

মার্কিন স্টেট ডিপার্টমেন্টের বার্ষিক মানবাধিকার প্রতিবেদনে বাংলাদেশের নিরাপত্তা বাহিনীর ক্ষমতার অপব্যবহার ও দুর্নীতিতে উদ্বেগ প্রকাশ করা হয়েছে।

প্রতিবেদনে বলা হয়েছে, ব্যাপক অর্থে তাদের 'দায়মুক্তি' দেয়া হয়। তবে কিছু ক্ষেত্রে নিরাপত্তা বাহিনীর দুর্নীতি, নির্যাতন ও হত্যার মতো ঘটনায় তদন্ত এবং অপরাধীদের বিচারের সম্মুখীন করেছে সরকার। বিশ্বের ১৯০টি দেশের মানবাধিকার পরিস্থিতি নিয়ে মার্কিন স্টেট ডিপার্টমেন্টের তৈরি করা বার্ষিক রিপোর্টে এ দাবি করা হয়েছে।

২০২১ সালের বৈশ্বিক মানবাধিকার পরিস্থিতির মূল্যায়নে তৈরি হয়েছে '২০২১: কাল্পিত রিপোর্টস অন হিউম্যান রাইটস প্র্যাকটিসেস'। ওই প্রতিবেদনের বাংলাদেশ চ্যাপ্টারটি ৭৪ পৃষ্ঠার। রিপোর্টের বাংলাদেশ চ্যাপ্টারের বলা হয়েছে, সংবিধান অনুযায়ী বাংলাদেশে সংসদীয় পদ্ধতির সরকার ব্যবস্থা বহাল, যেখানে ক্ষমতা মূলত কেন্দ্রীভূত প্রধানমন্ত্রীর কার্যালয়ে। ২০১৮ সালের ডিসেম্বরে অনুষ্ঠিত জাতীয় সংসদ নির্বাচনে শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগ টানা তৃতীয় মেয়াদে জয়ী হয়ে আরও পাঁচ বছরের জন্য রাষ্ট্র পরিচালনার দায়িত্ব নিয়েছে। তবে ওই নির্বাচনে ব্যাপক কারচুপি, বাস্তবজীবন ভোট, বিরোধী পোলিং এজেন্ট ও ভোটারদের ভয় দেখানোসহ অনিয়মের নানা অভিযোগ ছিল। ফলে পর্যবেক্ষকরা নির্বাচনটিকে অবাধ ও সূর্য বালু স্বীকৃতি দেননি।

মার্কিন রিপোর্টে বলা হয়, বাংলাদেশে পুলিশ, বর্ডার গার্ড এবং র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের মতো সন্ত্রাসবিরোধী ইউনিটগুলোকে নিয়ে নিরাপত্তা বাহিনী গঠিত হয়েছে, যা অভ্যন্তরীণ ও সীমান্ত নিরাপত্তায়

নিয়োজিত। দেশটির সেনাবাহিনী তথা সশস্ত্র বাহিনী জাতীয় প্রতিরক্ষার দায়িত্বে, তবে কিছু কিছু ক্ষেত্রে তারা অভ্যন্তরীণ নিরাপত্তার দায়িত্বও পালন করে। বাংলাদেশে বেসামরিক নেতৃত্ব নিরাপত্তা বাহিনীর ওপর কার্যকর নিয়ন্ত্রণ বজায় রেখেছেন উল্লেখ করে মার্কিন রিপোর্টে নিরাপত্তা বাহিনীর বিরুদ্ধে ক্ষমতার অপব্যবহারের অভিযোগ করা হয়।

প্রতিবেদনের বিষয়ে বাংলাদেশ সরকারের তরফে তাৎক্ষণিক কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

মার্কিন প্রতিবেদনে মানবাধিকার লঙ্ঘনের কিছু অভিযোগ তোলা হয়েছে। বলা হয়েছে, উত্থাপিত কিছু অভিযোগের বিশ্বাসযোগ্য প্রতিবেদন যুক্তরাষ্ট্রের হাতে রয়েছে। যার মধ্যে বিচারবহির্ভূত হত্যা, গুম, সরকারি এজেন্টদের দ্বারা নির্ধূর এবং অবমাননাকর আচরণ, নির্যাতন, মামলা, প্রাণনাশের হুমকি, নির্বাচনে আটক, রাজনৈতিক কারণে বন্দি করা, উদ্দেশ্যপ্রণোদিত প্রতিশোধ, বিচার বিভাগকে চাপে রাখা, স্বেচ্ছাচারী বা বেআইনী হস্তক্ষেপ, একজনের অপরাধে পরিবারের অন্য সদস্যকে হয়রানি, সাংবাদিকদের ভয়ভীতি প্রদর্শন, আর্থিক প্রেষণার, সেপারেশন আরোপসহ মতপ্রকাশ এবং মিডিয়ায় ওপর গুরুতর বিধিনিষেধ, ইন্টারনেট ব্যবহারে নিষেধাজ্ঞা, শাস্তিপূর্ণ সমাবেশের স্বাধীনতা খর্ব করার চেষ্টা উল্লেখযোগ্য। তাছাড়া লিঙ্গ-ভিত্তিক সহিংসতা, তদন্ত এবং জবাবদিহিতার অভাব, যৌন সহিংসতা, শিশু নির্যাতন, বাল্য ও জোরপূর্বক বিয়েসহ মানবাধিকার লঙ্ঘনের আরও কিছু অভিযোগ করা হয়। রিপোর্টে জাতিগত সংখ্যালঘু গোষ্ঠী বা আদিবাসীদের লক্ষ্য করে সহিংসতার হুমকি, লেসবিয়ান, সমকামী, ট্রান্সজেন্ডারদের অধিকার সুরক্ষার পথে প্রতিবন্ধক আইনের অস্তিত্ব বা ব্যবহার বিষয়ে উদ্বেগ প্রকাশ করা হয়।



গত ৮ এপ্রিল ইফতার মাহফিল অনুষ্ঠানে উপস্থিত প্রবাসী নারায়ণগঞ্জবাসীর কণ্ঠভোটে নতুন কমিটি গঠিত হয়। ছবি: সংগৃহীত

## নারায়ণগঞ্জ জেলা সমিতির নতুন কমিটি

### উত্তর আমেরিকা অফিস

নারায়ণগঞ্জ জেলা সমিতি উত্তর আমেরিকা ইনকের নতুন কমিটি গঠিত হয়েছে। নতুন কমিটির সভাপতি সংগঠনের সাবেক সভাপতি ও উপদেষ্টা মোহাম্মদ মজিবর এবং সাধারণ সম্পাদক হয়েছেন সংগঠনের সাবেক সিনিয়র সহ-সভাপতি মোস্তফা জামান টিটো।

গত ৮ এপ্রিল শুক্রবার সংগঠনের ইফতার মাহফিল অনুষ্ঠানে উপস্থিত প্রবাসী নারায়ণগঞ্জবাসীর কণ্ঠভোটে এই নতুন কমিটি গঠিত হয়। সংগঠনের ২৩ সদস্যবিশিষ্ট কমিটির কর্মকর্তাদের সমবেতরা করতালির মাধ্যমে অভিনন্দন জানান। সংগঠনের আহ্বায়ক কমিটি আয়োজিত ইফতার মাহফিল অনুষ্ঠিত হয় উডসাইডে গুলশান ট্যারেস মিলনায়তনে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইফতার পার্টি অনুষ্ঠানের প্রধান সমন্বয়কারী বীর মুক্তিযোদ্ধা মো. মতিউর রহমান এবং নতুন কমিটির নাম ঘোষণা করেন কমিটির

আহ্বায়ক নির্মল পাল। অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন সংগঠনের প্রতিষ্ঠাতা সদস্য ও সাবেক সভাপতি আরশাদুল বারী আসাদ ও সাবেক সভাপতি মোহাম্মদ মোহসীন। নব-নির্বাচিত কমিটির সভাপতি মোহাম্মদ মজিবর সমাপনী বক্তব্য রাখেন। অনুষ্ঠানটি পরিচালনা করেন দর্পণ কবীর। অনুষ্ঠান মধ্যে উপবিষ্ট ছিলেন বীর মুক্তিযোদ্ধা মো. মতিউর রহমান, নির্মল পাল, কামরুল হাসান বাদল, মোহাম্মদ মজিবর, মোহাম্মদ মোহসীন, মনিরুজ্জামান সেলিম, নূর বাবুল ও মোস্তফা জামান টিটো। ইফতারে দোয়া ও মোনাজাত পরিচালনা করেন সংগঠনের কোষাধ্যক্ষ মোহাম্মদ আব্দুল কাদির। অনুষ্ঠানের শুরুতে কোভিড-১৯ জীবাণুক্রান্ত হয়ে প্রয়াত এই সংগঠনের সাবেক কর্মকর্তা ও উপদেষ্টা আব্দুল মতিন এবং ফজলুল হকের স্মরণে শ্রদ্ধা জানানো হয়। অনুষ্ঠানে ইফতার কমিটির প্রধান সমন্বয়ক মো. মতিউর রহমান বলেন, নিউইয়র্কে নারায়ণগঞ্জ জেলা সমিতি

গঠিত হয়েছিল ১৯৮৯ সালে। আমরা এই সমিতিকে আরও এগিয়ে নিয়ে যেতে চাই। কিন্তু বিভিন্ন সময়ে একটি গোষ্ঠী অপতৎপরতা চালিয়ে আমাদের চলার পথে প্রতিবন্ধকতা সৃষ্টি করেছে। তারা সকলের ঐক্যবদ্ধ থাকার জন্য এগিয়ে আসবেন, এটাই প্রত্যাশা করি।

সংগঠনের সাবেক সভাপতি আরশাদুল বারী আসাদ বলেন, কাজ করার স্বচ্ছতা থাকলে কোনো বাধা প্রতিবন্ধকতা সৃষ্টি করতে পারে না। আমরা সবসময় যেন একে অন্যর পাশে থেকে সংগঠনের কাজকে এগিয়ে নিয়ে যেতে পারি, সকলকে এ ব্যাপারে সচেষ্ট থাকতে হবে।

সভাপতির ভাষণে মোহাম্মদ মজিবর বলেন, সকলের সহযোগিতা পেলে আমরা প্রবাসে আঞ্চলিক সংগঠন হিসাবে এমন কাজ করার ইচ্ছা রাখি, যা করতে পারলে আমাদের সংগঠনটি মডেল সংগঠনে পরিণত হবে। সংগঠনের সাবেক সভাপতি মোহাম্মদ মোহসীন সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

## জ্যামাইকার সার্টফিন বুলেভার্ডে এই প্রথম বাংলাদেশি ডাক্তার

## আমরা ইমিগ্রেশনের জন্য মেডিকেল করি

### আমাদের সেবাসমূহ

- যন্ত্রসহকারে পূর্ণাঙ্গ স্বাস্থ্যসেবা দেওয়া হয়
- প্রাইমারি কেয়ার/ইন্টারনাল মেডিসিন
- রক্ত, প্রস্রাব, ইকোজি, সনোগ্রাম, এলাজি পরীক্ষার ব্যবস্থা আছে
- হৃদযন্ত্রের রক্ত সরবরাহের জন্য ফ্লু/ভ্যাকসিন
- জব, স্কুল, টিএলসি সম্পর্কিত শারীরিক পরীক্ষা (ফিজিক্যাল এক্সাম)
- হেলথ ইনসুরেন্স ছাড়া রোগীদের বিশেষভাবে চিকিৎসার ব্যবস্থা আছে
- ফ্রি ব্লাড প্রেসার ও ডায়াবেটিস পরীক্ষার ব্যবস্থা আছে
- স্কুল ফর্ম পূরণ, WIC ফর্ম, PAP Smear পরীক্ষা, ড্রাগ টেস্ট করা হয়
- স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- অন্য সব ধরনের চিকিৎসা অত্যন্ত যত্নসহকারে করা হয় এবং পরামর্শ দেওয়া হয়।
- আমরা প্রায় সব ধরনের ইনসুরেন্স গ্রহণ করে থাকি।
- আমাদের অফিস প্রায় ৭ দিনই খোলা।



### আপনি জানেন কি?

- বাংলাদেশি ও ভারতীয় অভিবাসীদের রুদ্রোগের আশঙ্কা অন্যান্য আমেরিকানদের চেয়ে বেশি।
- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখ, থাইরয়েড, এডজমা (হাঁপানি), বাতের ব্যাথা, চর্মরোগ, এলাজি, যৌন রোগসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারীরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের আশঙ্কা সম্পর্কে জেনে নিন।



রুবিনা আক্তার, এমডি

বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ



মোহাম্মদ এ. ওয়াহিদ, এমডি

বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

**WAHID MEDICAL PLLC**

147-28, Hillside Avenue, Jamaica, NY-11435

Tel: 718-487-3671, Fax: 718-487-3715

**Gehil Associates**  
ATTORNEYS AT LAW  
www.gehilaw.com

**Grand Opening**  
আমরা এখন Jackson Height

74-09 37th Ave, Suite 205, Jackson Heights, NY 11372  
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417  
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432

TEL: 718-263-5999  
TEL: 718-577-0711  
TEL 718-764-6911

\*ইমিগ্রেশন \*ব্যাকগ্রাউন্ড \*ক্রেডিট কার্ড মেটার \*ডিভোর্স \*সিটিজেনশিপ \*চাইল্ড কার্টাডি  
\*চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন \*সব ধরনের ভিসা ও ফিয়ারনসি ভিসা প্রসেসিং



- > Do you want apply for a green card?
- > Are you having credit card problems?
- > Has your bank account been sealed?
- > Are you being deported?
- > Are you unable to pay your debts?
- > Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS, PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME

**CALL: 718-263-5999**

\*তুলনামূলকভাবে কম ফি \*সম্মত এবং সাপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ



আমরা বাংলায় কথা বলি



Ms. Farzana Choudhury



# কর্ণফুলী ইনকাম ট্যাক্স সার্ভিসেস

## KARNAFULLY TAX SERVICES INC

We are Licensed by the IRS

# CPA & Enrolled Agent

এর মাধ্যমে ট্যাক্স ফাইল করুন

## ইনকাম ট্যাক্স

- Individual Tax Return (All States)
- Self Employed (taxi driver and vendor), /and Sole Proprietorship.
- Small Business
- Corporate Tax Return
- Partnership Tax Return
- Current Year / Prior Years' & Amended Tax Returns
- Individual Tax ID Numbers (ITIN)



Direct Deposit

## একাউন্টিং

- Payroll, W-2's, Pay Checks,
- Pay subs, Sales Tax, Quaterly & Year-end filings

## NEW BUSINESS SETUP

- Corporation
- Small business (S-corp)
- Partnership
- LLC/SMLLC

## ইমিগ্রেশন

- Petition for Alien relatives
- Apply for citizenship or Passport
- Affidavit of Support
- Condition Removal on Green Card
- Reentry Permit
- Adjustment of Status

Representation taxpayers IRS & State tax audit.

আমাদের ফার্মে রয়েছে অভিজ্ঞ  
**CPA & Enrolled Agent**

Special Price for W2 File



**Mohammed Hasem, EA, MBA**

**MBA in Accounting**

IRS Enrolled Agent

IRS Certifying Acceptance Agent

Admitted to Practice before the IRS



ENROLLED AGENT

**Office Hours:**  
Monday - Saturday  
10 am - 9 pm  
Sunday 7 pm



Tax Preparation  
fee pay by Credit card

**Ph: 718-205-6040, 718-205-6010, Fax : 718-424-0313**

karnafullytax@yahoo.com, www.karnafullytax.com

Please subscribe to our  YouTube Channel KARNAFULLY TAX to get the latest updates.

**37-20 74th Street, 2nd Floor, Jackson Heights**

## নারায়ণগঞ্জ জেলা সমিতি উত্তর আমেরিকার ইফতার পার্টি ২০২২।



NARAYANGONJ DISTRICT ASSOCIATION OF NORTH AMERICA INC

নারায়ণগঞ্জ জেলা সমিতি অফ উত্তর আমেরিকা ইন্ক

### সম্পাদকীয়

## শব্দ দূষণ আর যানজট: সমাধান কোথায়?

রাজধানী শহর ঢাকার দীর্ঘদিনের সমস্যা হচ্ছে এই যানজট। দিন যত যাচ্ছে এ সমস্যা ততই বৃদ্ধি পাচ্ছে। যানজট একটি বৈশ্বিক সমস্যা এখন। বিশ্বের বড় বড় নগর এ সমস্যা সামাল দিচ্ছে নানাভাবে নানা দীর্ঘমেয়াদী পরিকল্পনার মাধ্যমে। বাংলাদেশের রাজধানী ঢাকাই এখন শুধু যানজটের নগর নয়। সিলেট, চট্টগ্রামসহ অন্যান্য নগরেও যানজট মোকাবেলার জন্য আধুনিক নগর পরিকল্পনার অভাবকে দায়ী করা যেতে পারে।

বহুজাতিক গবেষণাপ্রতিষ্ঠান নামবিওর প্রকাশিত ট্রাফিক ইনডেক্স ২০১৯-এ বিশ্বের যানজটপূর্ণ শহরের তালিকায় ঢাকার অবস্থান রেখেছে শীর্ষে। বিশ্বের বিভিন্ন দেশের বড় বড় শহরে যানজটে কর্মঘণ্টা নষ্ট হওয়ার কথা শোনা গেলেও আমাদের অবস্থা ভয়াবহ। বিশ্বব্যাংকের প্রকাশিত এক পরিসংখ্যানে বলা হয়েছে, ঢাকায় যানজটের কারণে প্রতিদিন ৩২ লাখ কর্মঘণ্টা নষ্ট হয়। এর ফলে বছরে যে আর্থিক ক্ষতি হয়, তার পরিমাণ প্রায় ৩০ হাজার কোটি টাকা। যানজটের কারণে মানুষের পক্ষে নির্ধারিত সময়ে কোনো গন্তব্যে পৌঁছানো কঠিন হয়ে পড়ে। মাঝেমধ্যে মুমূর্ষু রোগী নিয়ে অ্যাম্বুল্যান্সকেও পড়তে হয় যানজটে।

ফলে হাসপাতালে যাওয়ার আগেই মৃত্যু হয় অনেক রোগীর। নগরীতে বায়ুদূষণের বড় কারণও এই যানজট। এর প্রভাব পড়ছে জনস্বাস্থ্যে। একটি নগরীর মোট আয়তনের ২৫ শতাংশ এলাকা সড়ক থাকা দরকার, সেখানে ঢাকায় রয়েছে মাত্র ৭/৮ শতাংশ। তাছাড়া দেশের বেশিরভাগ গুরুত্বপূর্ণ সরকারি প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়ের অবস্থান ঢাকায় হওয়ার কারণে রাজধানীর ওপর চাপ বাড়ছে। প্রতিদিন গ্রাম বা অন্যান্য শহর থেকে হাজার হাজার মানুষ ঢাকায় আসছে। এটিও যানজটের একটি উল্লেখযোগ্য কারণ। শুধু আমাদের দেশে নয়, বিশ্বের নানা দেশেই যানজটের সমস্যা আছে। ২০১০ সালের আগস্ট মাসে চীনে ৬২ মাইল দীর্ঘ এক যানজটে নাকাল হয়েছিল লাখ লাখ মানুষ। ১৪ আগস্ট শুরু হওয়া এই ‘মেগাজটে’ চীনের প্রধান প্রধান মহাসড়ক সম্পূর্ণরূপে বন্ধ হয়ে যায়। এর মধ্যে ছিল বেইজিং-তিব্বতের সংযোগকারী একটি এক্সপ্রেসওয়েও। এই যানজট ছিল দীর্ঘ ১২ দিন।

শব্দ দূষণও এখন ঢাকাসহ বাংলাদেশের অন্যান্য নগরে এক মারাত্মক সমস্যা। শব্দ দূষণ নিয়ন্ত্রণের জন্য পুরোনো আইন থাকলেও এর প্রয়োগ নেই। ধর্মীয়, সামাজিক কারণে মাইকের ব্যবহার, গাড়ির হর্ন বাজানোর প্রতিযোগিতা কোনো আধুনিক নগর জীবনের নিতা অনুষঙ্গ হতে পারে না।

‘রাত্বে মশা, দিনে মাছি, এই নিয়ে ঢাকায় আছি’—একসময় এটা ছিল ঢাকার নাগরিক বিভূষনার ছড়া। এখনও মশার উৎপাত আছে, তবে তার চেয়ে বেশি কষ্ট যানজটে দীর্ঘ সময় অপচয়। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের গবেষণা মতে, এখন যানজটের কারণে ঢাকায় দৈনিক ৮২ লাখ কর্মঘণ্টা নষ্ট হয়, যার আর্থিক মূল্য দাঁড়ায় প্রায় ১৩৯ কোটি টাকা। এ হিসাবে বছর শেষে যানজটে ক্ষতির পরিমাণ ৫০ হাজার কোটি টাকা ছাড়িয়ে যাবে। ২০১৮ সালে যানজটে দিনে ৫০ লাখ কর্মঘণ্টা ক্ষতি হয়েছিল। তখন এর আর্থিক ক্ষতির পরিমাণ ছিল বছরে প্রায় ৩৭ হাজার কোটি টাকা। অর্থাৎ প্রতিবছর যানজট বাড়ছে, বাড়ছে আর্থিক ক্ষতির পরিমাণও। এই ক্ষতির পরিমাণ কমানো গেলে আমাদের উন্নয়নযাত্রা যে আরও গতি পেত, তা নিয়ে সন্দেহ করার সুযোগ আছে কি? বুয়েটের সড়ক দুর্ঘটনা গবেষণা ইনস্টিটিউটের হিসেব মতে, ২০০৭ সালে ঢাকার সড়কে যানবাহনের গড় গতিবেগ ছিল ঘণ্টায় ২১ কিলোমিটার। এখন তা কমে দাঁড়িয়েছে ৪ দশমিক ৮ কিলোমিটারে। অর্থাৎ দেড় দশকে ঢাকায় যানবাহন চলাচলের গড় গতি কমে গেছে ঘণ্টায় ১৬ কিলোমিটারের মতো। এই গতি কমে আসার অনেক কারণের অন্যতম দুটি কারণ হলো, ঢাকায় মানুষ এবং যানবাহনের সংখ্যা প্রতিদিনই বাড়ছে। ঢাকায় গত এক দশকে বাস-মিনিবাসের তুলনায় ব্যক্তিগত গাড়ি ও মোটরসাইকেল বেড়েছে অনেক বেশি। গত ১০ বছরে রাজধানীতে মোটরসাইকেল বেড়েছে প্রায় ৮ গুণ। সংখ্যা দাঁড়িয়েছে প্রায় ৭ লাখে। ব্যক্তিগত গাড়ির সংখ্যা দ্বিগুণের বেশি বেড়েছে। একই সময়ে ডবল ও সিঙ্গেল কেবিন পিকআপ বেড়েছে প্রায় ৬ গুণ। ২০১০ সালে ঢাকায় বাস-মিনিবাসের সংখ্যা ছিল ২৩ হাজার ৩১৩। এখন তা বেড়ে দাঁড়িয়েছে ৪৭ হাজার ৪৮৪টিতে। অর্থাৎ বাসও দ্বিগুণ হয়েছে।

সরকারি হিসেবেই দেশের মোট জনসংখ্যার ১১ দশমিক ২ শতাংশই বাস করে ঢাকায়, যা এ অঞ্চলের দেশগুলোর মধ্যে সর্বোচ্চ। চীনের বৃহত্তম শহর সাংহাইয়ে ওই দেশের জনসংখ্যার মাত্র ১ দশমিক ৮ শতাংশ বাস করে। প্রতিবেশী দেশ ভারতের প্রধান কোনো শহরেই জনসংখ্যার ২ শতাংশের বেশি বাস করে না। অথচ কাজের প্রয়োজনে মানুষের ঢাকামুখী চল কোনোভাবেই ঠেকানো যাচ্ছে না। মানুষ ও যানবাহনের তুলনায় ঢাকার জায়গা কমে গেছে। তাই এখন গুরুত্ব দিয়ে বিকল্প ভাবতে হবে। বিকল্প হিসেবে আমাদের আরও একটি নতুন ঢাকা বানানো জরুরি হয়ে পড়েছে। বিশেষ করে সচিবালয়, বাংলাদেশ সূত্রিম কোর্ট এবং প্রেসক্লাব বর্তমান জায়গা থেকে সরিয়ে জুতসই কোথাও না নিলে স্বস্তি পাওয়া যাবে না।

শব্দ দূষণ বন্ধে আইনের কঠোর প্রয়োগ করতে হবে। বাড়াতে হবে নাগরিক সচেতনতা। দ্রুতগতিতে বাংলাদেশ উন্নয়নের দিকে যাচ্ছে। এ উন্নয়নের সাথে জীবনমানের উন্নয়ন নিশ্চিত না করতে পারলে আমাদের ভোগান্তির মধ্যেই হাবুডুবু খেতে হবে। নাগরিক যন্ত্রণার ত্রাহি অবস্থা থেকে বাংলাদেশের মানুষ পরিত্রাণ চায়।

## শেখর ভট্টাচার্য

## মুজিবনগর সরকার ও তাজউদ্দীন

## আহমদের সাহসী নেতৃত্ব

## শেখর ভট্টাচার্য

গাজীপুরের কাপাসিয়া উপজেলার দরদরিয়া গ্রামটি ঢাকা থেকে ৮২ কিলোমিটার দূরে। গ্রামটি প্রকৃত অর্থে ছায়া সুনিবিড়, শান্তির নীড়, জননী জন্মভূমি। দরদরিয়া গ্রাম শুধু নয়, পুরো উপজেলাটি উচুভূমির ওপর দাঁড়িয়ে। দরদরিয়া এবং এর পার্শ্ববর্তী গ্রামগুলো প্রকৃত অর্থে রাঙামাটির গ্রাম। এই রাঙামাটিতে অজস্র চেনা, অচেনা গাছের সারি। কিছুদিন আগেও অঞ্চলটি যে বনভূমি দ্বারা আচ্ছাদিত ছিলো, তা এখনও বোকা যায়। অনারকম একটি নির্জনতা আছে গাছ-গাছালি ঘেরা এই উপজেলায়। এই দরদরিয়া গ্রামেই বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদ ১৯২৫ সালের ২৩ জুলাই জন্মগ্রহণ করেন। তাজউদ্দীন আহমদের বাবা ছিলেন মৌলভী মো. ইয়াসিন খান এবং তাঁর মা মেহেরুন্নেছা খানম।

জীবিকার কারণে এই গ্রামটির পাশ দিয়ে আমাকে অসংখ্যবার যেতে হয়েছে। ইচ্ছে করই গাড়ি থামাতাম, পথের পাশের কোনো টঙ দোকানে চা খেতে। টোকবাজার, নারায়ণপুর, ত্রিমোহনী, বীর উজ্জলী— একেকদিন একেকটি বাজারে নেমে প্রান্তিক মানুষের সাথে বসে চা খেতে খেতে বৈঠকী চড়ে আলাপজুড়ে দিতাম। উদ্দেশ্য একটিই— তাজউদ্দীন আহমদ সম্পর্কে সাধারণ মানুষদের কাছ থেকে জ্ঞান। এসব সাধারণ মানুষের সাথে যখন আলাপ করতাম তখন একটি জিনিস লক্ষ্য করতাম তারা স্বতঃস্ফূর্তভাবে বাংলাদেশের প্রবাসী সরকারের প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদকে নাম ধরে না ডেকে ‘বঙ্গতাজ’ বলে সম্বোধন করতেন। বলতে দ্বিধা নেই ১৯৯৬ সাল পর্যন্ত আমি জনতাম না জনগণ তাঁকে ভালোবেসে ‘বঙ্গতাজ’ বলেই সম্বোধন করে থাকে। জাতির পিতা শেখ মুজিবুর রহমান যেমন সকলের কাছে বঙ্গবন্ধু, তাজউদ্দীন আহমদও মানুষের কাছে ‘বঙ্গতাজ’। জানিনা ‘বঙ্গতাজ’ সম্বোধনটি সরকারিভাবে স্বীকৃত হয়েছে কি-না।

এসমন্ত অনানুষ্ঠানিক আলোচনায় তাজউদ্দীন আহমদের প্রতি মানুষের, শ্রদ্ধা, ভালোবাসা, সমীহর বিষয়টি টের পেতাম। সকল বিষয়ে তাজউদ্দীন আহমদের পরিমিতিবোধ, সহিষ্ণুতা, নিবেদন সম্পর্কে মানুষের যে কী অসাধারণ ধারণা ছোট ছোট জনসংলাপ থেকে টের পেতাম। আলোচনা শেষে যখন ফিরে আসতাম, তখন মনে হতো এবং এখনও মনে হয় তাজউদ্দীন আহমদ সম্পর্কে আমরা কত কম জানি। তাঁকে যাঁরা জানেন অথবা জানেন না যাঁরা মুক্তিযুদ্ধের গবেষক তাঁরা কতটুকু তাঁর জীবন ও কর্মের প্রতি দৃষ্টি নিক্ষেপ করেছেন। তাঁকে জানানোর দায় মূলত তুলে নিয়েছেন তাঁর দু’কন্যা শারমিন আহমদ ও সিমিন হোসেন রিমি। এছাড়া অল্প কয়েকজন মানুষ তাঁর মতো মানুষ সম্পর্কে কয়েকটি বই লিখে তাঁকে জানানোর চেষ্টা করেছেন। জীবনযাপনে তাঁর কোনো বাঙ্লা ছিল না। অতিসাধারণ জীবনযাপন করে গেছেন সারাটি জীবন। মুক্তিযুদ্ধ চলাকালীন তাঁর জীবনযাপন আরও সংযমী হয়ে পড়ে। কলকাতার চন্দ্রর থিয়েটার রোড যা এখন শেক্সপিয়ার সরণি নামে পরিচিত সেজায়গায় অস্থায়ী রাজধানী মুজিবনগরে, প্রধানমন্ত্রীর অফিসের পাশের ছোট কক্ষে তিনি থাকতেন। যুদ্ধকালে তাঁর সঞ্চল ছিল একটিমাত্র শার্ট, যা নিজ হাতে ধুয়ে শুকিয়ে তিনি পরতেন। তাঁর জীবনযাপনের ব্যাপারে সিমিন হোসেন রিমি, শারমিন আহমদ, সৈয়দ মঞ্জুরুল ইসলাম, সিরাজুল ইসলাম চৌধুরীসহ অন্য অনেকের লেখা বইয়ে প্রাপ্ত তথ্যের সাথে তাঁর যাপিতজীবনের কোনো অসামঞ্জস্য খুঁজে পাওয়া যায় না। এমনকি উল্লিখিত অনানুষ্ঠানিক জনসংলাপে প্রাপ্ত তথ্যও



একই রকম। ব্যক্তি তাজউদ্দীন মানুষের কাছে যেমন, গবেষকদের কাছেও হুবহু তেমন।

উচ্চশিক্ষিত, স্বভাবে অকৃত্রিম, দূর্যোগে সিদ্ধান্ত গ্রহণে পারদর্শী, দেশ ও দেশের মানুষের প্রতি নিবেদন সীমাহীন। এই মহৎ মানুষটির জীবন ছিল খোলা বইয়ের মতো। যেমন তাঁর শ্রদ্ধেয় নেতা বঙ্গবন্ধুর যাপিতজীবন। অন্তত গ্রামের মানুষ তাঁকে পড়তে পারতেন। তাজউদ্দীন আহমদও একইভাবে অনুধাবন করতে পারতেন সাধারণ মানুষের মনের কথা। একথাটির অকাট্য একটি প্রমাণ পাই তাঁর বয়ান থেকে। বঙ্গবন্ধুর অনুপস্থিতিে তিনি কী করে আরও উদ্বুদ্ধ হলেন, প্রবাসী সরকারের নেতৃত্ব গ্রহণ করতে। স্বাধীন রাষ্ট্ররূপে বাংলাদেশের অভ্যুদয়ে যে সরকারের নেতৃত্ব তিনি দিয়েছিলেন, তার পটভূমি সম্পর্কে তিনি বলেন, ‘পালিয়ে যাবার পথে এদেশের মানুষের স্বাধীনতালাভের চেতনার যে উন্মেষ দেখে গিয়েছিলাম, সেটাই আমাকে আমার ভবিষ্যৎ সিদ্ধান্ত নেবার পথে অনিবার্য সুযোগ দিয়েছিল। জীবননগরের কাছে সীমান্তবর্তী টুঙ্গি নামক স্থানে একটি সেতুর নিচে ক্লাস্ত দেহ এলিয়ে আমি সেদিন সাড়ে সাত কোটি বাঙ্গালীর স্বার্থে যে সিদ্ধান্ত নিয়েছিলাম তা হলো, একটি স্বাধীন সরকার প্রতিষ্ঠা করে বাংলাদেশের স্বাধীনতাসংগ্রাম পরিচালনার জন্য কাজ শুরু করা।’ এর অর্থ কী দাঁড়ায়, মানুষের ভেতরের মুক্তির চেতনার চূড়ান্ত রূপ যা তিনি প্রত্যক্ষ করেছিলেন ২৫ মার্চের বীভৎস রাতের পর ঢাকা ছেড়ে চলে যাওয়ার পথে, সেই প্রত্যয় তাঁকে বঙ্গবন্ধুর অনুপস্থিতিতে হাল ধরার অদম্য সাহস তিনি যোগাড় করেছিলেন। একথাটির হুবহু অনুরণন দেখতে পাই আমরা মুক্তিযুদ্ধ পরিচালনার প্রতিটি দিনে।

নেতা হিসাবে বঙ্গবন্ধুর প্রতি তাঁর শ্রদ্ধা, ভালোবাসাতে কোনো খাদ ছিল না। এর প্রমাণ আমরা পেয়েছি মুক্তিযুদ্ধ চলাকালীন প্রতিটি মুহুর্তে। দুটি বিষয়ে তিনি ছিলেন আপোসহীন—একটি হলো রাজনৈতিক সরকারের নেতৃত্বে স্বাধীনতা লাভ, আরেকটি হলো পাকিস্তানের কাগাগার থেকে বঙ্গবন্ধুর মুক্তি অর্জন। তাজউদ্দীন সর্বক্ষণ বঙ্গবন্ধুর নেতৃত্বের প্রতি ছিলেন অবিচল। ১৯২৫ সাল যাঁর জন্ম, ১৯৭১ সালে মাত্র ৪৬ বছর বয়সে বাঙালির হাজার বছরের স্বপ্নকে বাস্তবায়ন করার জন্য তিনি নেতার অনুপস্থিতিে নেতৃত্বের হাল ধরেছিলেন। ১৯৭১ সালের ২৭ মার্চ তিনি ভারতে প্রবেশ করেছিলেন একটি সার্বভৌম দেশের প্রতিনিধি হিসাবে এবং মাত্র ১৪ দিনের মধ্যে তিনি যে অগুনতি গুরুত্বপূর্ণ কাজ সফলভাবে করতে সক্ষম হয়েছিলেন অত্যন্ত ঠাণ্ডা মাথায়। বুদ্ধিদীপ্ত, সুদক্ষ এবং নিঃশর্ত দেশপ্রেম না থাকলে, এত কম সময়ে এত গুরুত্বপূর্ণ কাজ সাধারণ নেতার পক্ষে সম্ভব নয়।

এই সময়ের মধ্যে বঙ্গবন্ধুকে রাষ্ট্রপতি করে ১৯৭১ সালের ১০ এপ্রিল গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার গঠিত হয় এবং সেদিনই স্বাধীন বাংলা বেতারযোগে প্রধানমন্ত্রী তাজউদ্দীন বিশ্ববাসীকে নবজাত বাংলাদেশকে স্বীকৃতি প্রদানের আহ্বান জানান। ১১ এপ্রিল মুক্তিযুদ্ধ পরিচালনার জন্যে তিনি বিভিন্ন সেক্টরের নাম ঘোষণা করে সেক্টর

কমান্ডার নিয়োগ এবং প্রস্তাবিত মন্ত্রিসভার বাকি সদস্যদের খুঁজে বের করেন। দেশের মাটিতেই শপথগ্রহণ হবে, এই ছিল তাঁর ইচ্ছা। সেই অনুসারে ১৭ এপ্রিল কুষ্টিয়া জেলার মেহেরপুর মহকুমার বৈদ্যনাথতলার আম্রকাননে দেশি-বিদেশি সাংবাদিক সম্মেলনে আনুষ্ঠানিকভাবে মন্ত্রিসভার শপথগ্রহণ অনুষ্ঠান ও স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ করা হয়।

তাজউদ্দীন আহমদ তাঁর প্রিয় নেতার নামে এই ঐতিহাসিক স্থানটির নতুন নামকরণ করেন মুজিবনগর, যা ছিল বাংলাদেশের প্রথম রাজধানী। তিনি বলেছিলেন, যুদ্ধাবস্থায় সরকার যেখানে যাবে সেখানেই রাজধানী স্থানান্তরিত হবে। ১৭ এপ্রিল মন্ত্রিসভার শপথগ্রহণ অনুষ্ঠান ও স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ করার মাধ্যমে সমগ্র বিশ্বকে জানান দেয়া হলো, বাংলাদেশের মুক্তি সংগ্রাম কোনো বিচ্ছিন্নতাবাদী গোষ্ঠীর আন্দোলন নয়। গণতান্ত্রিকভাবে জনগণের ভোটে নির্বাচিত প্রতিনিধিদের সমন্বয়ে একটি গণপ্রজাতন্ত্রী আধুনিক রাষ্ট্রের অভ্যুদয়ের নিয়মতান্ত্রিক আন্দোলন ও চাপিয়ে দেয়া যুদ্ধের মোকাবেলা।

জাতির এই দুঃসময়ে এবং গৌরবেরকালে তাঁকে প্রতিটি মুহূর্ত লড়াই করে যেতে হয়েছে বিশ্বশক্তির আজ্ঞাবহ দেশসমূহ এবং তাদের তাবেদার অভ্যন্তরীণ সাম্প্রদায়িক ও প্রতিক্রিয়াশীল শক্তির ক্রীড়নকন্দের সাথে। তাঁর মন্ত্রিসভার পররাষ্ট্রমন্ত্রী খন্দকার মোশতাক সেদিনের যুবতাদাদের পরিকল্পিত উপায়ে তাঁকে বঙ্গবন্ধুর প্রতিদ্বন্দ্বী হিসাবে দাঁড় করিয়ে জাতির মধ্যে বিভেদ সৃষ্টির বিরতিহীন প্রচেষ্টা এর একটি অংশ ছিল। সরকার গঠনের শুরুতেই তাজউদ্দীন আহমদকে জটিল অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক ষড়যন্ত্রের মোকাবিলা করতে হয়েছিল, যার জের চলতে থাকে দেশ স্বাধীন হবার পরেও। শেখ ফজলুল হক মনির নেতৃত্বে যুবদলের একটি অংশ তাঁর এবং বাংলাদেশ সরকারের বিরুদ্ধে গুরুতর অনাস্থা প্রকাশ করে। ভারতীয় গোয়েন্দা বাহিনী র-এর সহায়তায় তারা ক্ষুদ্র গোষ্ঠীস্বার্থে মুজিব বাহিনী গড়ে তোলে, যে বাহিনীকে দেখা যায় কখনও কখনও প্রবাসী সরকারের নিয়ন্ত্রণের বাইরে গিয়েও সিদ্ধান্ত গ্রহণ করতে। ওদিকে পররাষ্ট্রমন্ত্রী খন্দকার মোশতাক মার্কিন যুক্তরাষ্ট্রের নিম্জন-কিসিঞ্জার সরকারের সঙ্গে গোপনে যোগাযোগ করে স্বাধীনতা নস্যাত করার উদ্দোগ নেয়। তাজউদ্দীন আহমদের ভাষায়— “পাকিস্তান তার বন্ধুদের মাধ্যমে বাংলাদেশ সরকারের মধ্যে ভাঙ্গন সৃষ্টির চেষ্টা করেছিল। কিন্তু সফল হয়নি... সংগ্রামের একপর্যায়ে আমেরিকা প্রশ্ন তোলে, স্বাধীনতা চাও নাকি মুজিবকে চাও। এর উত্তরে আমি বলেছিলাম স্বাধীনতা চাই, মুজিবকেও চাই।” সত্যিই তাজউদ্দীন আহমদ সেদিন সব ষড়যন্ত্র প্রতিহত করে বাংলাদেশের স্বাধীনতা এবং জাতির জনকের নিঃশর্ত মুক্তি নিশ্চিত করেছিলেন। এই সুবিশাল অর্জনে তিনি কোনো কৃতিত্ব দাবি করেননি। তিনি বলেছিলেন— “আমি তো শুধু ধারীর কর্তব্য পালন করেছি মাত্র।”

সময়ের থেকে এগিয়ে থাকা এ মানুষটিকে অনেকেই বুঝতে পারেননি। যারা বুঝতে পেরেছিল তারা ষড়যন্ত্র করেছে তাজউদ্দীন আহমদকে ক্ষমতা বলয় থেকে দূরে রাখতে। তারা তা করতে পেরেছিল সফলভাবে। বঙ্গবন্ধু তাজউদ্দীনকে যেমন হৃদয়ে ঠাঁই দিয়েছিলেন, তাজউদ্দীনও জীবনের শেষ দিন পর্যন্ত বঙ্গবন্ধুর আদর্শ থেকে একচুলও দূরে সরে যাননি। তিনি মৃত্যুকে আলিঙ্গন করেছেন। কিন্তু বঙ্গবন্ধুর আদর্শের ছায়া থেকে দূরে সরে যাননি। স্বাধীন বাংলাদেশের শৈশবকালেই প্রাপ্তপ্রিয় এই দু’নেতাকে আমরা হারিয়েছি। দেশটিতে তাঁর মৌল আদর্শের দিকে এগিয়ে নিয়ে যেতে হলে তাঁদের সমন্বিত আদর্শকে জাতির নৈতিক অবস্থান বিবেচনা করে এগিয়ে যেতে হবে। একাজটি করতে পারলে বাংলাদেশ একান্তরের চেতনা ধরে বঙ্গবন্ধু সূচিত পথনকশা অনুসরণ করে এগিয়ে যেতে পারবে।

# রমজানের শেষ দশ দিন নাজাতের

## শামীম সিদ্দিকী

### পবিত্র রমজান মুসলমান জাতির জন্য সবচেয়ে পূণ্যময় মাস। রমজানের প্রতিটা মুহূর্ত ফজিলতপূর্ণ। তবে শেষ দশকের গুরুত্ব ও মাহাত্ম্য রমজানের অন্য দিনগুলোর তুলনায় অনেক বেশি। রমজানের তৃতীয় বা শেষ দশকে আল্লাহতায়ালা বান্দার জন্য নাজাতের ফায়সালা করেন। আল্লাহতায়ালা বলেন, ‘নিশ্চয়ই আমি এটি (কুরআন) নাজিল করেছি লাইলাতুল কদরে। তোমাকে কী সে জানাবে লাইলাতুল কদর কী? লাইলাতুল কদর হাজার মাসের চেয়েও শ্রেষ্ঠ। এ রাতে ফেরেশতারা ও রূহ (জিবরাইল) তাদের রবের অনুমতিক্রমে সকল সিদ্ধান্ত নিয়ে অবতরণ করেন। শান্তিময় সে রাত ফজরের সূচনা পর্যন্ত। (সূরা কদর: ১-৫)

তাই এ দশকে বেশি বেশি ইবাদত-বন্দেগি করে আল্লাহর সন্তুষ্টি অর্জনের চেষ্টা করা। হজরত আয়েশা (রা.) থেকে বর্ণিত, হজরত রাসুলুল্লাহ (সা.) ইরশাদ করেছেন, তোমরা রমজানের শেষ দশকের বেজোড় রাত্রিতে লাইলাতুল কদর অনুসন্ধান করো।’ -সহিহ বোখারি: ২০১৭

মাহে রমজানের শেষ দশকের কোনো এক রাতে লাইলাতুল কদর আছে যা হাজার রাতের চেয়েও উত্তম। আর সে রাতেই পবিত্র কোরআন

অবতীর্ণ হয়েছে। এজন্য এই শেষ দশকের আমল খুবই গুরুত্বপূর্ণ। অন্য হাদিস আছে, হজরত আয়েশা (রা.) থেকে বর্ণিত, হজরত রাসুলুল্লাহ রমজানের শেষ দশকে ইতিকাফ করতেন, এবং বলতেন তোমরা রমজানের শেষ দশকে শবে কদর তালাশ করো। -সহিহ বোখারি: ২০২০

জামে তিরমিজিতে উদ্ধৃত হাদিসে এ ব্যাপারে সুস্পষ্টভাবে উল্লেখ রয়েছে যে, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রমজান মাসের শেষ দশকে তার ঘরের লোকদের ইবাদত-বন্দেগি ও নামাজ আদায়ের জন্য জাগিয়ে দিতেন। হজরত আয়েশা (রা.)-এর অপর একটি বর্ণনায় আরও বলিষ্ঠ ভাষায় উল্লেখ করা হয়েছে যে, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রমজানের শেষ দশকে তার ঘরের লোকদের মধ্যে রাত্র জাগরণ করে ইবাদত-বন্দেগি করতে পারে এমন কাউকেই ঘুমাতে দিতেন না। বরং প্রত্যেককেই জাগ্রত থেকে ইবাদত করার জন্য প্রস্তুত করতেন। — উমদাতুল কারি, শরহে বোখারি।

শবে কদর লাভের প্রত্যাশায় ধর্মপ্রাণ মানুষ ইতিকাফে বসবেন। ইতিকাফে সহজে পালনযোগ্য কিছু আমল হলো- খুশ-খুজুর সঙ্গে প্রতি ওয়াক্ত নামাজ প্রথম ওয়াক্তে আদায় করা। মাগরিব ও এশার নামাজের পর অতিরিক্ত ২/৪ রাকাত নফল নামাজ আদায় করা। প্রতিরাতে নিজের সামর্থ্য অনুযায়ী কিছু দান-সদকা করা। ঘুমানোর আগে অন্তত সে বস সূরা মুখস্ত আছে, তা একবার করে তেলাওয়াত করা। মুসলমানদের বিশ্বাস অনুসারে কদরের রাতে



মানুষের ভাগ্য নির্ধারণ করা হয় এবং এ রাতে কোনো আমল করলে তার সওয়াব অনেক অনেক গুণ বৃদ্ধি করে দেয়া হয়। তাই এর গুরুত্ব ও তাৎপর্য রমজানের অন্যান্য দিনগুলো থেকে একটু ব্যতিক্রম। অনেক বেশি।

রমজানের শেষ দশ দিনে নিয়মিত সব আমলের পাশাপাশি তাহাজ্জুদ, কোরআনে কারিম তেলাওয়াত ও জিকির-আজকারসহ অন্যান্য আমলের মাধ্যমে কাটানো চাই। এছাড়া রমজানের শেষ দশ দিন ধনীদের জন্য দান-সদকা, অসহায়-দারিদ্রের সহায়তাসহ বিভিন্ন ধরনের সহযোগিতামূলক কাজে অংশ নেওয়ার সুবর্ণ সুযোগ এনে দেয়।

হলেই রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার কোমর শক্ত করে বাঁধতেন, এই সময়ের রাতগুলোতে জাগ্রত থাকতেন এবং তার গৃহবাসী লোকদেরকে সজাগ করতেন।’ —সহিহ বোখারি ও মুসলিম

এই হাদিস হতে জানা যায় যে, রমজান মাসের শেষ দশক আসলেই আল্লাহর রাসুল সাল্লাল্লাহু আলাইহি সাল্লাম চূড়ান্তমাত্রার ইবাদতের জন্য পূর্বপ্রস্তুতি গ্রহণ করতেন। আর তিনি একাই ইবাদত-বন্দেগি করতেন এমনটি নয়, বরং নিজের গৃহবাসী আপনজনদেরকেও রাতে জাগ্রত থেকে ইবাদত করার জন্য প্রস্তুত করতেন।

হজরত রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজে ইবাদতে মশগুল হতেন তার ঘরের লোকদেরকে রমজানের শেষ দশকে ইবাদতে মশগুল রাখতেন। শেষ দশকে কল্যাণময় কদরের বরকত ও ফজিলত যেন কোনো প্রকারে হারিয়ে না যায়, তা থেকে বঞ্চিত থাকতে না হয়, এই উদ্দেশ্যেই তার এই ব্যবস্থা। আমাদের প্রিয় নবী রাসুলুল্লাহ (সা.) এর পদাঙ্ক অনুসরণ করা প্রতিটি মুসলমানের জন্যই বাঞ্ছনীয়। এ ব্যাপারে দ্বিমত পোষণ করার কোনো সুযোগ নেই। তাইতো রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অনুসরণে সাহাবয়ে কোরাম ও রুজ্জাহীনে দ্বীন এ দশকে ইবাদতের ব্যাপারে সর্বোচ্চ যত্নবান থাকতেন।

মহান আল্লাহ রাব্বুল আলামিন আমাদের সবাইকে ইবাদতের মাধ্যমে রমজানের শেষ দশকের পূণ্যময় নাজাতের সময়টুকু কাটানোর তাওফিক দান করুন। আমিন।

# হাবিলদার চাচার ভাতিজা!

## স্মরণ

## ইব্রাহীম চৌধুরী

আমার বাবার কাজিন মঈন উদ্দিন চৌধুরী। স্বাধীনতাপূর্ব সময়কাল তখন। মঈন চাচা ইস্ট পাকিস্তান রেজিমেন্টে চাকরি করেন। মাঝেমধ্যে বাড়ি আসেন। খাকি পোশাক। সুঠাম দেহ। অন্য আরও দু’দশনের চেয়ে দীর্ঘদেহী। আগুনঝরা বড় বড় চোখ।

গ্রামের লোকজন এমনিতেই আমাদের বাবা-চাচাকে সমীহ করেন। এসবের নানা কারণ আছে। হাবিলদার চাচা গ্রামে আসলে লোকজনকে বেশ ভয়ে থাকতে দেখতাম। আমাদের গ্রামের সাথে ভারতের সীমান্তের একটা নিবিড় যোগাযোগ আছে। এসব সীমান্তবর্তী এলাকার লোকজন তখন ব্যাপকভাবে সীমান্তের এপার-ওপারে ব্যবসা করেন। ভারতীয় নাসির বিড়ি তখন ব্যাপক জনপ্রিয়। এ ব্যবসার সাথে জড়িত লোকজনকে ‘বোঙ্গা কারবারি’ বলা হতো। এসব বোঙ্গা কারবারির কাছে খাকি পোশাক এমনিতেই আতঙ্কের ছিল। অবশ্য বৃটিশ পুলিশের খাকি পোশাকের লোকজনকে ভয় আর সমীহ করার জেরও চলছিল।

ছুটিতে এসে খাকি পোশাক পরে কেন হাবিলদার চাচা ঘুরে বেড়াতেন?— এ প্রশ্নের উত্তর আমার জানা নেই। তবে জানা আছে, হাবিলদার চাচা ছুটিতে আসলে আমাদের বাড়িতে বেশ সাজ সাজ রব উঠত। দূরান্ত থেকে লোকজন এসে তাঁর সাথে দেখা করতে আসতেন। টঙ্গি ঘরে(মূল বাড়ির বাইরে আলাদা একটি বৈঠক ঘরকে সিলেট অঞ্চলে টঙ্গি ঘর বলা হতো) তখন ব্যাপক লোকজনের মজমা বসত। হাবিলদার চাচার বাবা বশীর উদ্দিন চৌধুরী ছিলেন এলাকার বহু বারের ‘সরপঞ্চ’। এ সরপঞ্চ পদবিটা বৃটিশ আমলের। চেয়ারম্যান, মেসার পদবি এসব তখনও সৃষ্টি হয়নি।

আমি তখন এ বাড়ির একমাত্র ছেলে সন্তান।পাহারা দেয়ার জন্য একাধিক স্থরের ব্যবস্থা ছিল আমার জন্য। পাঠশালায় যাওয়া শুরু করেছি। আমাদের

গ্রামের বাড়ি পাহাড়ি এলাকায়। তখনকার দিনে রাস্তাঘাট এভাবে ছিল না। সাপ, শেয়াল, বাদরের উৎপাতের মধ্যেই বেড়ে উঠছিলাম। শিক্ষক বাবার একমাত্র ছেলে। আমাকে কোলে কাঁধে করে স্কুলে নিয়ে যাওয়া-আসা করা হয়! ফলিক, ফরিদ বা শ্যামলের কাঁধ থেকে নেমেই আমি উৎপাত শুরু করি। স্কুলে গিয়েই প্রথম লাইনে দাঁড়াতে হয়। দাঁড়িয়েই একদফা যে কারও সাথে মারামারি দিয়ে দিনের শুরু হতো। এরপর ‘পাক সার জমিন সাদ বাদ...!”আমাদের পাঠশালায় তখনও ইন্টের দেয়াল ছিল না। কার্টের বেড়া দেয়া টিনের চালার স্কুলঘর। এরমধ্যেই দেয়ালে শোভা পাচ্ছিল ‘ফিল্ড মার্শাল’ আইয়ুব খানের ছবি।

জাতীয় সঙ্গীত গাওয়ার পর ফিল্ড মার্শাল আইয়ুব খানের নামে তখন জিন্দাবাদ স্লোগান দেয়া হতো। স্লোগান দেই আর মনে মনে বলি, মঈন হাবিলদার চাচার নামে স্লোগান দেয় না কেন লোকজন!ধরেই নিয়েছিলাম, ফিল্ড মার্শাল আইয়ুব খানের পরই আমার চাচা মঈন উদ্দিন চৌধুরীর অবস্থান। ফিল্ড মার্শাল পদবির পরেই যে হাবিলদার পদবি নয়, মাঝে আরও বেশ কিছু পদ-পদবি আর ক্ষমতাধর লোকজন আছেন, সে খবর পেতে আমার বেশ সময় লেগেছিল!

আইয়ুব খানের অপশাসনের নিপীড়ন সরাসরি আমার পিঠের ওপর পড়েনি। তবে ফিল্ড মার্শলের নামে স্লোগান দেয়ার পর বহুদিনই পিঠে টান পড়ছে। বাবার বাম হাতে ধরা বাঁশে কঞ্চি প্রায়ই ভেঙ্গে যাওয়ার ঘটনা ঘটেছে। শ্যামল আরেকটা কঞ্চি হাতে তুলে দেয়ার ফাঁকে আইয়ুব খানের ছবির দিকে নিরুপায় দৃষ্টিতে তাকিয়েছি।

হাবিলদার চাচা, মানে আমার মঈন চাচা গ্রামে আসলে আমার দাপট আরও বেড়ে যেত। একে লাথি মারা, ওকে ঘুষি মারা, জাপটে ধরা, খামচি মেরে চামড়া তুলে নেয়ার ঘটনা বেড়ে যেত। ক্ষমতার ছায়াতলে থেকে মানুষের বেপরোয়া আচরণের উদাহরণ আমারচেয়ে কে বেশি বলতে পারবে!

একদিন আমার সহপাঠী শ্যামল বিশ্বাসের ওপর হামলা চালালাম। শ্যামল আমার সহপাঠী হলেও বয়সে অনেক বড়



মঈন উদ্দিন চৌধুরী

ছিল। ঠিক কবে সে পাঠশালায় ভর্তি হয়েছিল?— এমন প্রশ্ন করলে শ্যামল তার হাতের সব আঙুল ধরে ধরে গোনা শুরু করে দিত। অস্ফুট উচ্চারণে খৃষ্ট ধর্মে বিশ্বাসী শ্যামলের উক্তি ছিল— ঈশ্বর জানেন!

কয়জনের দায়িত্ব ছিল আমাকে বাড়ি থেকে স্কুলে নিয়ে যাওয়া এবং নিয়ে আসার। এসব লোকজন আমার মায়ের পরম স্নেহের ছিল। প্রতিদিনই তাদের কিছু না কিছু খাবার দিতে দেখতাম। আমাকে পাহারা দেয়ার ‘মহৎ’ কাজ করে এসব লোকজন বেশ আয়েশে দিন কাটায়। আমার ওপর কারণে অকারণে যখন হামলা শুরু হতো, তখন তাদের মিটিমিট করে হাসির দৃশ্যটি আজও মনে পড়লে গায়ে জ্বালা ধরে!

স্কুলে যাওয়ার অর্ধেক পথ গিয়েই বলি, পেট খারাপ। আজ স্কুলে যাচ্ছি না।দায়িত্বপ্রায়ণ শ্যামল আমাকে স্কুলে নিয়ে যাবেই। পেট খারাপের অজুহাতে স্কুলে আগে না যাওয়ার ঘটনা ঘটেছে বলে শ্যামল বিষয়টাকে আমলে নিতেই চায় না। এ নিয়েই শ্যামলের ওপর হামলে পড়া। নখের আচড়। কালো কুচকুচে গালে আচড় থেকে রক্ত ঝরছে। এমন অবস্থায় শ্যামল আমাকে নিয়ে বাড়িতে ফেরত নিয়ে যায়। প্রথমে নিম্ন আদালতের সামনে উপস্থিত। কিছু বলার আগেই

ভিক্তিমের বক্তব্য আদালত শুনে ফেলেছেন। আমার মা শ্যামলের রক্ত পড়া গালে ‘ইন্ডিয়ার বাম’ নামের ওষুধ লাগিয়ে দিচ্ছেন। এরপর হাতপাখার হ্যান্ডেল ভেঙ্গে যাওয়ার ঘটনা মনে আছে এখনও। হাতপাখার মার খাচ্ছি। শ্যামল মিটমিট করে হাসছে। সে জানে এক আদালতের বিচারেই শেষ হচ্ছে না।

বাবা বাড়িতে নেই। পরের আদলতে কঠিন দণ্ডের কথা মনে করে হাতপাখা দিয়ে হামলাকে হজম করছিলাম। সামনে দুর্দিন আসছে মনে করলে চলমান দুর্দশায় ভেঙ্গে না পড়ার ট্রেনিং তখন থেকেই নেয়া।শ্যামলের মিটমিট হাসি দেখে আর সহ্য হচ্ছিল না।

:মনে রাখিস, দেখিস শ্যামল, আমিও হাবিলদারের ভাতিজা!

হাবিলদারের ভাতিজার হুমকি শুনে শ্যামল হয়ত ঠিকই ভয় পেয়েছিল সেদিন। তবে আমার মঈন চাচাকে কোনোদিন কাউকে হুমকি দিতে দেখিনি। মুক্তিযুদ্ধের শুরুতে হাবিলদার চাচা বাড়িতে ফিরলেন। তখন যুদ্ধের দামামা শুরু হয়ে গেছে। সবাইকে জানালেন, তিনি আর ফিরছেন না। ততদিনে আমি অবশ্য জেনে গেছি, ফিল্ড মার্শাল আর হাবিলদারের মধ্যে আরেকটি পদবি রয়েছে— কর্নেল।

আমাদের এলাকায় সত্তরের নির্বাচনে প্রার্থী হয়েছিলেন এম এ জি ওসমানী। মহান মুক্তিযুদ্ধের সমরনায়ক। পাকিস্তান সেনাবাহিনী থেকে কর্নেল হিসেবে অবসর নিয়েছিলেন। তাঁকে এলাকার লোকজন ‘কর্নেল ওসমানী’ নামে ডাকতেন। সত্তরের নির্বাচনে কর্নেল ওসমানীর সভায় দাঁড়িয়েই প্রথম ‘জয় বাংলা’ স্লোগান দিয়েছিলাম।

হাবিলদার চাচা বাড়িতে এসে ঘোষণা দিলেন, তিনি আর চাকরিতে ফিরে যাচ্ছেন না। দেশে যুদ্ধ আসন্ন। একাত্তরের মার্চ মাসের প্রথম দিকে হবে সময়টা। প্রতিদিন টঙ্গি ঘরে গ্রামের যুবকদের নিয়ে সভা করেন। গভীর রাত পর্যন্ত এসব সভায় কী আলোচনা হচ্ছিল, তা জানার সুযোগ ছিল না।

যুদ্ধের জন্য গ্রামপর্যায়ে প্রস্তুতি আসলে শুরু হয়ে গিয়েছিল। বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ তখন হয়ে গেছে। মঈন চাচারা এনিয়ে বলাবলি করছেন। যার যাকিছু আছে তা নিয়ে যুদ্ধের প্রস্তুতি। তখন তা টের পাইনি। পরে মিলিয়ে দেখেছি।বাঙালির যুদ্ধ করার প্রস্তুতিতে আমার হাবিলদার চাচা আলাদা কোনো নির্দেশের অপেক্ষা করেননি।

২৫ মার্চের রাতে পাকিস্তানিদের বর্বর হামলার খবরটি পরদিন রেডিওতে আমরা শুনেছি। এর দিন দুই-একের মধ্যে এক সকালে দেখি সাতজনের খাকি পোশাক পরা একদল লোক হাবিলদার চাচার টঙ্গি ঘরে। জানা গেলো, সিলেট রেডিও স্টেশন পাহারায় থাকা পুলিশ সদস্যরা পাক আর্মির তাড়া খেয়ে হাওর পাড়ি দিয়ে আমাদের বাড়িতে পৌঁছেছেন। তাঁদের কাছে খবর ছিল, বাড়িটি হাবিলদার মঈন উদ্দিন চৌধুরীর বাড়ি।পুলিশ সদস্যরা তিনদিন ছিলেন। তখনই তাঁদের হাতে জীবনে প্রথম আগ্নেয়াস্ত্র দেখলাম। পুলিশ সদস্যরা সকালে উঠে রীতিমতো বাড়ির আঙ্গিনায় প্যারেড করেন। অস্ত্র ঘষামাঝা করেন।

বাল্য-কৈশোরের নিত্যসঙ্গী শ্যামল, ফরিদ, আজব আলী, হেলালদের নিয়ে পালিয়ে আসা পুলিশ সদস্যদের দেখি। তাঁদের খাওয়া-দাওয়া করানোর জন্য হাবিলদার চাচার ঘরে রান্না হচ্ছে। খাবার পরিবেশনে অন্যদের সাথে যোগ দিই। হাবিলদার চাচা তাকিয়ে থাকেন।

অন্যসময় হলে তাঁর সামনে পড়ার কোনো সাহস ছিল না।

একদিন ভোরে উঠে দেখি পুলিশ সদস্যরা নেই। জানলাম, মঈন চাচা এলাকার স্বেচ্ছাসেবক যোগাড় করে দলটিকে ভারত সীমান্তের দিকে পাঠিয়ে দিয়েছেন। নিজে কোনো এক নির্দেশের অপেক্ষা করছেন। সম্ভবত এপ্রিলের মাঝামাঝি সময়ে জানলাম, কর্নেল ওসমানী বার্তা পাঠিয়েছেন।

মঈন উদ্দিন চৌধুরী ১২ জনের দল নিয়ে এক রাতে উধাও হয়ে গেলেন। আমাদের জাতিগুপ্তির সব যুবক চাচাদের সঙ্গে নিয়ে গেলেন। বাড়িতে আমরা জানলাম, হাবিলদার চাচা ভাইদের নিয়ে যুদ্ধে চলে গেছেন। যুদ্ধের পুরো নয় মাসের ঘটনাগুলো ভিন্ন বর্ণনার।

মুক্তিযুদ্ধে একজন ট্রেনার হিসেবে শত শত মুক্তিযোদ্ধাকে প্রশিক্ষণ দিয়েছেন মঈন উদ্দিন চৌধুরী। যুদ্ধ শেষে বাড়িতে ফিরলেন বীরের বেশে। বাড়ির আঙ্গিনায় তখন পতপত করছে স্বাধীন বাংলাদেশের পতাকা। মুক্তিযোদ্ধা পরিবেষ্টিত। শত শত লোক মঈন চাচার পেছনে পেছনে হটিছে। ডিসেম্বরের শীতের দুপুর। বাড়ির কাঁঠাল গাছগুলোতে বেশ কয়েকজন রাজকারকে বেঁধে রাখা হয়েছে। সঙ্গে থাকা মুক্তিযোদ্ধারা উত্তেজিত। চাচাত ভাই মুক্তিযোদ্ধা সায়েফ উদ্দিন চৌধুরীকে পাকিস্তানি বাহিনীর কাছে ধরিয়ে দিয়েছিল রাজকারের দল। সুফি চাচার মায়ের সামনে দাঁড়ানো মঈন উদ্দিন চৌধুরী।

উড্ডীন স্বাধীন পতাকার দিকে অপলক তাকিয়ে আছেন। চোখ বেয়ে পানি পড়ছে। কোনো এক মুক্তিযোদ্ধা শূন্যে গুলি ছুঁড়লেন। গাছে বাঁধা রাজকারের দল ভয়ে কান্না শুরু করেছে চিৎকার দিয়ে।কোনো কিছু না ভেবেই শ্যামল আমার হাত ধরে কাঁপছে।

শ্যামলকে জাপটে ধরে বলে উঠি, আমি হাবিলদার চাচার ভাতিজা!

[বীর মুক্তিযোদ্ধা মঈন উদ্দিন চৌধুরী করোনায় আক্রান্ত হয়ে সস্প্রতি ইন্তেকাল করেছেন। বাল্য- কৈশোর আর যৌবনের সহচর শ্যামল বিশ্বাস বেশ কয়েক বছর আগেই একদম না জানিয়ে অকালে চলে গেছে।]

# সার্থক করে তুলতে হবে রমজানকে

## আফতাব চৌধুরী

আবারও মুসলমানদের দুয়ারে হাজির খোদাপ্রেমের অনন্য বসন্ত ও খোদায়ি নুরের দরিয়ায় প্রেম-অভিসারের অনন্য উৎসরের মাস পবিত্র রমজান। এ মাস আত্মিক ভোজসভায় যোগ দিয়ে রহমতের অশেষ সওদা কুড়িয়ে নেয়ার বিশেষ উৎসবের মাস।

খোদাপ্রেমের অতলসাগরে আত্মার জন্য মনি-মুক্তসহ অমূল্য সব সম্পদ কুড়ানোর মাস হলো এই রমজান। এ মাস খোদায়ি নূরে আত্মাকে আলোকোজ্জ্বল করার মাস। মহান আল্লাহর কাছে অশেষ শুকরিয়া আদায় করছি যিনি আমাদের আবারও এমন এক মহান মাস উপহার দিয়েছেন। এ মাসকে যেন যথাযথভাবে বা পুরোপুরি কাজে লাগানো যায়, মহান আল্লাহ। তোমার সব নামের অছিলায়, তোমার মহাকর্তৃত্বের এবং তোমার পেয়ারা হাবিব ও তাঁর পবিত্র আহলে বাইতের অছিলায় তোমার কাছে প্রার্থনা করছি আমাদের তোমার শ্রেষ্ঠ দাসদের সঙ্গে এমন এক স্থান দান কর, যা তোমার অনেক বেশি সান্নিধ্য এনে দেয়। আর এ স্থান তোমার বিশেষ অনুগ্রহ ছাড়া অর্জন করা সম্ভব নয়। যারা একাগ্র নিষ্ঠায় তোমার নৈকট্যালভের সাধনায় অগ্রগামী হয়েছেন, আমরা যেন তাদের মতোই হতে পারি— সেই তৌফিক আমাদের দান করুন। দয়ালুদের মধ্যে সবচেয়ে দয়ালু ও পরম করুণাময়। বছরের বিভিন্ন সময় আমরা ব্যস্ত থেকেছি বহুগত নানা আয়োজনে এবং পার্শ্বি নানা ঝামেলা ও চাওয়া-পাওয়ার হিসাব নিয়ে। ফলে আমাদের অসচেতন আত্মা

খোদাপ্রেমের সড়ক থেকে বিচ্যুত হয়ে কেবলই নেমে গেছে নিচ থেকে নিচু পর্যায়ে। তাই দরকার ছিল এমন একটি সুযোগ আসার, যেখানে আত্মাকে তুলে নেয়া যায় কেবলই উন্নতি আর উন্নয়নের দিকে তথা খোদার একান্ত সান্নিধ্য ও নৈকট্য অর্জনের দিকে এবং খোদার রঙে আচার-আচরণ ও আত্মাকে রঙিন করার দিকে। পবিত্র রমজান মাস আমাদের জন্য এনে দেয় সেই মহা সুযোগ।

মহান আল্লাহর একান্ত সান্নিধ্য লাভের জন্য হৃদয় ও মনকে আল্লাহমুখী করে নামাজ আদায় করাও এক অতি বড় সুযোগ তাতে সন্দেহ নেই। অন্য ইবাদতগুলোতেও রয়েছে একই ধরনের সুযোগ। কিন্তু রমজানে খোদাপ্রেমের সুযোগগুলো অনেক বেশি প্রশস্ত এবং এ মাসে আল্লাহকে স্মরণ করার মাধ্যমগুলোও খুব বেশি বৈচিত্রময়। যেমন নফল নামাজ ছাড়াও প্রেমময় নানা মোনাজাত রমজানের বাড়তি কিছু আকর্ষণ।

মহানবী (স.) বলেছেন, মাছে রমজানকে রমজান নামকরণ করা হয়েছে এ কারণে যে, এমাসে পাপ পুড়িয়ে নিশ্চিহ্ন করে দেয়া হয়। ‘মহানবী (স.) বলেছেন তোমাদের জন্য আছে কি শাবান মাসকে কেন শাবান মাস বলা হয়েছে...? কারণ এমাস থেকে রমজান মাসের জন্য অগণিত প্রচুর কল্যাণ ও মঙ্গল উৎসারিত হয়। রমজানকে রমজান বলা হয় এ কারণে যে, এমাসে পাপসমুহ পুড়িয়ে নিঃশেষ ও নিশ্চিহ্ন করে দেয়া হয়।

রোজার মাসে রোজা ও নামাজের মাধ্যমে বিশেষ নুরানিয়াত অর্জন ছাড়াও কুরআন তিলাওয়াতও এমাদের নুরানি আকর্ষণের কিছু বাড়তি দিক। রমজানকে বলা হয়, কুরআনের বসন্ত। আত্মগঠন ও

চরিত্র সংশোধন এবং মনের ওপর জমে থাকা মরিচাগুলো অপসারণের মাধ্যমে নিজেকে আবারও পবিত্র করার ও সব জঞ্জাল আর পঙ্কিলতা থেকে মুক্ত করার মাধ্যম হলো কুরআনের অধ্যয়ন।

পবিত্র রমজান মহান আল্লাহর দিকে সফর করার মাস। তবে মনে রাখতে হবে, আল্লাহর নৈকট্য অর্জনের সবচেয়ে বড় শর্ত হল গুনাহ-বর্জন। ফরজ, নফলসহ আমরা যত বেশি ইবাদত করি না কেন, পাপ বর্জন করা না হলে কাঙ্ক্ষিত আত্মসংশোধন বা আত্মার উন্নতি ও আল্লাহর নৈকট্যালভ অসম্ভবই থেকে যাবে। ভাক্তানের প্রেসক্রিপশন অনুযায়ী আপনি যত ভালো ভালো ওষুধই খান না কেন, পাশাপাশি যদি শরীরের রোগ-বর্ধক খাবার ও কাজগুলো আগের মতোই করতে থাকেন, তাহলে কোনো ওষুধেই আপনার রোগগুলো সারানো যাবে না। হজরত আলী (রা.) মহানবীর (স.) কাছে প্রশ্ন করেছিলেন, হে আল্লাহর রসূল (স.), এই মাসে সবচেয়ে ভালো কাজ কি? তিনি জবাবে বললেন, ‘হে আবুল হাসান, এই মাসে সবচেয়ে ভালো কাজ হলো, আল্লাহ যা যা নিষিদ্ধ করেছেন, তা থেকে দূরে থাকা। রমজানের রমজ শব্দটির অর্থ হলো দাহন। মানবজীবনে কু-প্রবৃত্তির বিনাশ বা দাহন জরুরি। কারণ কু-প্রবৃত্তিগুলো মানবজীবনের মহৎ উদ্দেশ্যসাধনকে অসম্ভব করে তোলে। অন্য কথা রোজা বা সওমের অর্থ হলো পাপ থেকে বিরত থাকাসহ নানা ধরনের সৎসম সাধনা। হে ইমানদানগণ! তোমাদের ওপর রোজা ফরজ করা হয়েছে, যেরূপ ফরজ করা হয়েছিল তোমাদের পূর্ববর্তী লোকদের ওপর, যেন তোমরা খোদাভীতি বা তাকওয়া অর্জন করতে পার।’ (২:১৮৩)

## ফরিদ আহমেদ

বিজ্ঞানের শিক্ষক হৃদয় মণ্ডল জামিনে মুক্তি পেয়েছেন। বিষয়টা কিছুটা স্বস্তির, তবে পুরোপুরি আশ্বস্ত হবার মতো কিছু নয়।

সামাজিক যোগাযোগ মাধ্যমে হৃদয় মণ্ডলকে নিয়ে প্রচুর লেখালেখি হয়েছে। ফলে জনমতের চাপে সরকার তাঁকে আপাত মুক্তি দিয়েছে। কিন্তু এটা সমস্যার স্থায়ী সমাধান না। ক্ষতে প্রলেপমাত্র। আসল সমস্যা রয়ে গিয়েছে। সেটাকে ঠিক না করতে পারলে বাংলাদেশের বিজ্ঞান শিক্ষা এক অন্ধকার আবর্তের মধ্যে পড়ে যাবে।

আজকাল ছেলেপেলেরা সারারাত জেগে ওয়াজ শোনে। সেইসব ওয়াজে বর্ণনা করা হয় যে কোরআনের পাঠায় পাঠায় বিজ্ঞান ছড়িয়ে রয়েছে। বিজ্ঞানীরা যা যা আবিষ্কার করছেন, তার সবকিছুই কোরআনের আয়াতের মধ্যে রয়েছে। এগুলো শুনে শুনে এইসব ছেলেপেলের ধারণা জন্মে গিয়েছে যে কোরআন হচ্ছে সবচেয়ে বড় বিজ্ঞানময় কিতাব। আল্লাহ হচ্ছেন সবচেয়ে বড় বিজ্ঞানী। এখন এই নব্যপ্রাপ্ত জ্ঞান নিয়ে এই নবীনেরা যদি শ্রেণীকক্ষে বিজ্ঞানের শিক্ষককে চ্যালেঞ্জ করে বলে, ‘কোরআনের মধ্যে কি সব বিজ্ঞান নেই? আল্লাহ কি সর্বশ্রেষ্ঠ বিজ্ঞানী না?, তাহলে সেই প্রশ্নের উত্তরে শিক্ষক কী বলবেন?

‘হ্যাঁ’ বললে মিথ্যা বলা হয়, না বললে ধর্ম অবমাননা করা হয়। আপনারা যারা ধার্মিক মুসলমান আছেন, তারা একবার চিন্তা করেন বিষয়টা। কতখানি বৈরী পরিবেশ তৈরি হতে যাচ্ছে বিজ্ঞানের শিক্ষকদের জন্য।



হৃদয় মণ্ডল

যাঁরা ধর্ম পালন করেন মনের শান্তির জন্য, তাঁদের প্রতি আমার বিন্দুমাত্র কোনো বিরূপ ধারণা নেই, নেই কোনো আক্রোশ কিংবা অশ্রদ্ধা। একজন ব্যক্তি তাঁর নিজস্ব শান্তির জন্য অন্যের অসুবিধা না করে যা খুশি করার অধিকার রাখেন। ধর্মপালনও তার একটা। এতে সমস্যা নেই কোনো, আপত্তিও নেই। সমস্যা হয় তখনই, যখন সেই ধর্ম যখন ব্যক্তিজীবন ছেড়ে সমাজ জীবনে এসে সবকিছুকে নিয়ন্ত্রণ করতে থাকে। রাজনীতিকে প্রভাবিত করে, সংস্কৃতিকে গ্রাস করে নিতে চায় কিংবা বিজ্ঞানকে আবদ্ধ করার প্রচেষ্টা চালায়। কোরআন বা বেদে যদি সব বিজ্ঞান ঠেঁসে দেয়া থাকত, তবে বিশ্ববিদ্যালয়গুলোতে অন্য বই পড়ানোর প্রয়োজন পড়ত না। কোরআন, বাইবেল, বেদ পড়েই মানুষ সব বিজ্ঞান জেনে যেত। ধর্মীয় গ্লোব বিশ্লেষণ করেই বিজ্ঞানীরা সব আবিষ্কার করে ফেলতে পারতেন। বাস্তবে তা হয়নি। পৃথিবীর কোনো বিশ্ববিদ্যালয় এইসব ধর্মগ্রন্থকে বিজ্ঞানের বই বলে

স্বীকৃতি দেয়নি। দেয়নি ঈর্ষার কারণে নয়। কারণ এইসব বই পড়ে কেউ বিজ্ঞানী হয়েছে কিংবা বিজ্ঞানের কোনো আবিষ্কার করেছে এমন ইতিহাস নেই।

সব আবিষ্কারের কাহিনিই ধর্মীয় বইতে পাওয়া যায়, তবে সেটা আবিষ্কার হবার পরে। কোনো কিছু আবিষ্কার হবার আগ পর্যন্ত ধর্মীয় গ্রন্থগুলো নিশ্চুপ থাকে পশ্চিম রণাঙ্গনের মতোই। হৃদয় মণ্ডলকে আজ কারণে যে হয়রানি করা হয়েছে, অপরাধী সাজানো হয়েছে, আটক করা হয়েছে, তাঁর পরিবারের সদস্যদের বিপন্ন করা হয়েছে, এর জের বাংলাদেশ টানবে বহুকাল। এখন কোনো শিক্ষকই বুকে জোর নিয়ে শুধু বিজ্ঞানের কথা বলতে পারবেন না। তাঁদেরকে এর সাথে ধর্মকে মিশিয়ে নিতে হবে। সেটা তখন আর বিজ্ঞান থাকবে না, হয়ে উঠবে অপবিজ্ঞান। বাংলাদেশের মানুষদের ঘাড়ে এই অপবিজ্ঞানই ভর করবে অচিরে। আর এর মাধ্যমে তৈরি হবে সব উনমানব।

# মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?

**Hard Money 9% Low Income, No Problem**

আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি

**646-920-4799**

Akib Hussain 32-65 31st Street, Astoria, NY11106

Direct Lender

আপনাদের সেবাই আমাদের লক্ষ্য

- ★ ট্যাক্সি ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
- ★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট
- ব্যক্তিগত পরামর্শ
- ফ্রি এপ্রোভাল
- ইন্টারেস্ট রেট কম
- ফাস্ট ক্লোজিং
- ইনভেস্টমেন্ট
- দ্রুত এবং বিশ্বস্ত

# ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব

কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান  
লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া লিগ্যাল নেটওয়ার্কের নিশ্চিন্ত সেবা গ্রহন করুন:

- নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্রাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (স্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এন্ড্রিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ট্রীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য
- বাড়ীর ভায়েলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভারশন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সী।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং প্রোসারি স্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

**All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.**

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

# ইউএস, বাংলাদেশ, ইণ্ডিয়াসহ ২ হাজারের বেশি চ্যানেল ১ মাম ফ্রি

স্পোর্টস, কার্টুন, ফুড প্রোগ্রাম ও  
ফ্রী আনলিমিটেড ভিডিও

tvdesiBox  
Dependable live streaming platform

72-26 Roosevelt Ave. 2nd Floor (Suite 201)  
Jackson Heights NY 11372

718-565-9099

# Law Offices এক্সিডেন্ট কেইসেস

মেডিক্যাল ম্যালপ্র্যাকটিস ও হাসপাতালের ত্রুটিপূর্ণ শিশুর জন্ম

## 917-282-9256

(To schedule appointment only)

বিনামূল্যে পরামর্শ, প্রয়োজনে এটর্নী আপনার বাসায় অথবা হাসপাতালে আসবেন



Moin Choudhury, Esq.  
Attorney at Law  
এটর্নী মঈন চৌধুরী

আমরা অতীতে  
আমাদের ক্লায়েন্টদের  
জন্য মিলিয়ন মিলিয়ন  
ডলার আদায়  
করে দিয়েছি।

নিউইয়র্ক, নিউজার্সি, মিশিগান  
পেনসিলভেনিয়া, কানেকটিকাট, ফ্লোরিডা  
জর্জিয়া ও ভার্জিনিয়াতে  
আমাদের সহযোগী - লাইসেন্স প্রাপ্ত এটর্নীরা  
আপনাদের সেবায় নিয়োজিত



Timothy Bompert, Esq.  
Attorney at Law



গাড়ী দুর্ঘটনা  
বিল্ডিং এ দুর্ঘটনা,  
কাজের জায়গায় দুর্ঘটনা  
ট্রিপ এন্ড ফল  
বিকলাঙ্গ শিশুর জন্ম

এপয়েন্টমেন্টের  
জন্য কল করুন

৯১৭-২৮২-৯২৫৬

কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা  
স্লিপ এন্ড ফল  
হাসপাতালে ভুল চিকিৎসা  
লেড পয়জনিং

### IMMIGRATION

- স্টুডেন্ট ভিসা
- ডিপোর্টেশন কেইসেস
- ইনভেস্টমেন্ট ভিসা
- ভিজিট ভিসা - এক্সটেনশন সহ
- বৈবাহিক সূত্রে গ্রীন কার্ড
- সকল প্রকার ইমিগ্রেশন

সকল প্রকার ইমিগ্রেশন বিষয়ে কনসালটেশন ফি ন্যূনতম ৫০ ডলার


## Law offices of Timothy Bompert

37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Moin Choudhury Law Firm, P.C 292000 Southfield Road, Suite # 108, Southfield, MI 48076

Immigration Petitions & Adjustment of Status.

Timothy Bompert is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court. Prior result do not guarantee the outcome of any future cases.



আবু জাফর মাহমুদ

## কুইন্স কমিউনিটি বোর্ড মেম্বার হলেন আবু জাফর মাহমুদ

উত্তর আমেরিকা অফিস

নিউইয়র্কের কুইন্স কমিউনিটি বোর্ড নং ৪ এর মেম্বার হলেন বীর মুক্তিযোদ্ধা, রাজনীতি বিশ্লেষক ও নিউইয়র্কে বাংলাদেশি সমাজে হোমকেয়ার সেবার পথ প্রদর্শক নেতা আবু জাফর মাহমুদ। বরো প্রেসিডেন্ট দনবান রিচার্ডের অফিস থেকে ৪ এপ্রিল সোমবার এ সম্পর্কিত বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

১ এপ্রিল ২০২২ থেকে দুই বছরের মেয়াদে এই মেম্বারশিপ কার্যকর থাকবে। দায়িত্বপালনের ভিত্তিতে পরবর্তীতে মেম্বারশিপ মেয়াদ বৃদ্ধি পাবে। এবছর কুইন্সের ১৪টি কমিউনিটি বোর্ডের ৩৪৫টি আবেদনপত্র গৃহীত হয়েছে ৮৮৪টির মধ্যে। আবেদনপত্র জমা হবার ইতিহাসে এবার সর্বোচ্চ আবেদনের মধ্যে এবার হয়েছে দ্বিতীয় সর্বোচ্চ। নিউইয়র্কের বাসিন্দা বাংলাদেশি আমেরিকান আবু জাফর মাহমুদ আমেরিকার মূলধারার রাজনীতিতে জনপ্রিয় ব্যক্তিত্ব। তিনি বাংলাদেশিদের মধ্যে যেমন সমাদৃত, মূলধারার রাজনীতিকদের মধ্যেও তাঁর গ্রহণযোগ্যতার উচ্চতা সাজিয়েছেন। নিউইয়র্কে তাঁর অবস্থান ৩০ বছর অতিক্রম করতে চলেছে। সামাজিক, রাজনৈতিক কর্মকাণ্ড ছাড়িয়ে তিনি মিডিয়া জগতেও আপনজন হয়েছেন।



নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের ইফতার মাহফিলে মোনাজাত পরিচালনা করছেন রশীদ আহমদ। সৈয়দ মাসুদুল কবির

## নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের ইফতার পার্টি

শেলী জামান খান

মানবজাতির মাগফিরাত কামনার মধ্যদিয়ে নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের ইফতার পার্টি অনুষ্ঠিত হয়েছে। ৮ এপ্রিল শুক্রবার সন্ধ্যায় জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি হলে এ ইফতার পার্টিতে প্রেসক্লাবের সভাপতি আবু তাহেরের সভাপতিত্ব করেন। এটি পরিচালনা করেন প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মনোয়ারুল ইসলাম।

শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত এবং বিশেষ দোয়া পরিচালনা করেন প্রেসক্লাবের কোষাধ্যক্ষ রশীদ আহমদ এবং হামদ-নাথ পরিবেশন করেন ডেমোক্র্যাট দলের ডিসট্রিক্ট লিডার অ্যাট লার্জ অ্যাটর্নি মঈন চৌধুরী। ইফতার মাহফিলে বিশেষ দোয়ায় মরহুম সাংবাদিক ফাজলে রশীদ, সদ্যপ্রয়াত বিশিষ্ট ব্যাংকার ও ক্রিকেটার ওয়াহিদুল করীম বাবুল, বাংলাদেশ সোসাইটির সভাপতি মরহুম কামাল আহমেদসহ মহামারি কোভিডে আক্রান্ত হয়ে যাঁরা ইন্তেকাল করেছেন তাঁদের বিদেহী আত্মার মাগফেরাত এবং প্রেসক্লাবের প্রবীণ সদস্য মাহবুবুর রহমানসহ অসুস্থদের সুস্থতা

কামনা করে মোনাজাত করা হয়।

অনুষ্ঠানে নিউইয়র্কের বিভিন্ন বাংলা মিডিয়ার সম্পাদক, সাংবাদিক, ব্যবসায়ী, কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। এদের মধ্যে উল্লেখযোগ্য ছিলেন প্রেসক্লাবের উপদেষ্টা মনজুর আহমদ, উপদেষ্টা মঈনুদ্দীন নাসের, সাবেক সভাপতি ও সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ এ খান, সাবেক সভাপতি ও বর্ণমালা.কম সম্পাদক মাহফজুর রহমান, সঙ্গীতশিল্পী বেবী নাজনীন, সাপ্তাহিক ঠিকানার সম্পাদক ও সাবেক এমপি এমএ শাহীন, সাপ্তাহিক রানার সম্পাদক মুক্তিযোদ্ধা জয়নাল আবেদীন, বিশিষ্ট সাংবাদিক, লেখক ও চিভিব্যক্তিত্ব সাঈদ তারেক, প্রথম আলো নিউইয়র্কের সম্পাদক ইব্রাহীম চৌধুরী খোকন, আমেরিকা-বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি ও সাপ্তাহিক প্রবাস সম্পাদক মোহাম্মদ সাঈদ, সাপ্তাহিক মুক্তকণ্ঠ সম্পাদক ফরিদ আলম, বাংলা সিটিপ্যাপের কর্ণধার ও কমিউনিটি বোর্ড মেম্বার মুক্তিযোদ্ধা আবু জাফর মাহমুদ, লেখক সাংবাদিক মাহবুব রহমান, মনজুরুল হক, শেলী জামান খান, সৈয়দ

মাসুদুল কবির, এমবি তুয়ার, সাউথইস্ট ইউএসএ গ্রুপের কর্ণধার প্রফেসর এহতেশামুল হক, বিশিষ্ট ব্যবসায়ী শাহ নাওয়াজ, খানস ডিউটোরিয়ালের কর্ণধার নাসিমা খান ও সিইও ড. ইভান খান, বিশিষ্ট রাজনীতিক এএম রহমত উল্লাহ, রাজনীতিবিদ দুরুদ মিয়া রনেল, মুকুল হক, বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতির সাবেক সভাপতি মাহমুদুল হক ছানু, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সভাপতি ও কমিউনিটি বোর্ড মেম্বার ফখরুল ইসলাম দেলোয়ার, ফ্রেন্ডস সোসাইটির সাধারণ সম্পাদক সৈয়দ আল আমীন রাসেল, বিশিষ্ট রিয়েল এস্টেট ব্যবসায়ী সালেহ আহমেদ, মোহাম্মদ এ কাশেম, এম আকাশ রহমান, মুক্তরাবের প্রেসিডেন্টশিয়াল অ্যাওয়ার্ডপ্রাপ্ত খলিল গ্রুপের কর্ণধার শেফ খলিলুর রহমান, মওলানা আবুল কালাম, ওয়ার্ল্ড হিউম্যান রাইটসের সভাপতি শাহ শহীদুল হক, কমিউনিটি অ্যাক্টিভিস্ট আব্দুস শহীদ, আহবাব চৌধুরী খোকন, শামীম আহমেদ, কাজী ফৌজিয়া, বিশিষ্ট সঙ্গীতশিল্পী রানো নেওয়াজ, শো টাইম মিউজিকের কর্ণধার আলমগীর খান আলম।

## কুইন্স কমিউনিটি বোর্ড সদস্যদের নামের তালিকা ঘোষণা

উত্তর আমেরিকা অফিস

কুইন্স বরো প্রেসিডেন্ট ডনবান রিচার্ড বিভিন্ন কমিউনিটি বোর্ডের সদস্যদের নামের তালিকা ঘোষণা করেছেন। তার অফিস থেকে ৪ এপ্রিল সোমবার এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে কমিউনিটি বোর্ড মেম্বারদের নতুন তালিকা প্রকাশ করা হয়েছে। ১ এপ্রিল ২০২২ থেকে দুই বছরের মেয়াদে এই মেম্বারশিপ কার্যকর থাকবে। দায়িত্ব পালনের ভিত্তিতে পরবর্তীতে মেম্বারশিপ মেয়াদ বৃদ্ধি পাবে।

এবছর ৮৮৪টির মধ্যে ১৪টি কমিউনিটি বোর্ডের ৪৫৫টি আবেদনপত্র গৃহীত হয়েছে। আবেদনপত্র জমা হবার ইতিহাসে এবার সর্বোচ্চ আবেদনের মধ্যে এবার হয়েছে দ্বিতীয় সর্বোচ্চ। বোর্ড মেম্বারদের মধ্যে ৯৪জন নতুন, বাকিরা বিভিন্ন সময় বোর্ড মেম্বার হিসেবে দায়িত্ব পালন করেছেন। নতুন ৯৪ বোর্ড মেম্বারের মধ্যে ৪৭ দশমিক ৯ ভাগ সদস্যদের বয়স

৪০-এর নিচে। এতে মূলধারার রাজনীতিতে নতুন প্রজন্মের অংশগ্রহণ বাড়ছে, তারই প্রতিফলন ঘটেছে। আবার এই নতুনদের মধ্যে ১৯ দশমিক ২ ভাগ ইমিগ্র্যান্ট কমিউনিটির সদস্য।

এদিকে কুইন্স বরোর বিভিন্ন কমিউনিটি বোর্ডে এবছরও বিপুল সংখ্যক বাংলাদেশি সদস্য হয়েছেন। বিশেষ করে অন্যান্য বছরের মতো কমিউনিটি বোর্ড ৮-এ একাধিক বাংলাদেশি সদস্য হয়েছেন। উল্লেখযোগ্য বাংলাদেশিদের মধ্যে কুইন্স কমিউনিটি বোর্ড-১ এ আমিন মেহেন্দী, কমিউনিটি বোর্ড-২ এ ওসমান চৌধুরী, কমিউনিটি বোর্ড-৪ এ আবু জাফর মাহমুদ, কমিউনিটি বোর্ড-৮ মোহাম্মদ ফখরুল ইসলাম দেলোয়ার, দিলিপ নাথ ও মোহাম্মদ তুহিন, কমিউনিটি বোর্ড-৯ এ কামাল ভূইয়া, কমিউনিটি বোর্ড-১০ এ মোহাম্মদ আমিন, কমিউনিটি বোর্ড-১২ এ নুরুল হক, খন্দকার ইসলাম সদস্য হয়েছেন।

## ‘করোনার কথা’ এবং ‘জন্ম থেকে জ্বলছি’ প্রকাশনা অনুষ্ঠান

উত্তর আমেরিকা অফিস

বইমেলা ২০২১ ও ২০২২-এ প্রকাশিত শিতাংশ গুহর লেখা বই ‘করোনার কথা’ এবং ‘জন্ম থেকে জ্বলছি’ প্রকাশনা অনুষ্ঠান ৮ মে রোববার জুইস সেন্টারে (৩৭-০৬, ৭৭ স্ট্রীট, জ্যাকসন হাইটস। সময় সন্ধ্যা ৬টা)।

অনুষ্ঠানে প্রধান অতিথ থাকবেন একুশে পদকপ্রাপ্ত ড. নুরুল নবী। সভাপতিত্ব করবেন বেলাল বেগ। পরিচালনা করবেন কবি ফকির ইলিয়াস।

বই দু’টি নিয়ে আলোচনা করবেন এবং শুভেচ্ছা বক্তব্য রাখবেন একুশে

পদকপ্রাপ্ত ড. জ্যোতিপ্রকাশ দত্ত, এমিরেটস প্রফেসর, সুনি ওল্ড ওয়েস্টবেরী ইউনিভার্সিটির অধ্যাপক ড. সব্যসাচী ঘোষ দস্তিদার, ডাক্তার লেখক সুভাষ শিকদার, সাংবাদিক সৈয়দ মোহাম্মদুল্লাহ, নিনি ওয়াহেদ, ফজলুর রহমান, ইব্রাহীম চৌধুরী, মোহাম্মদ সালাহউদ্দিন, নবেদু দত্ত, রতন তালুকদার, সঞ্জীবন সরকার, হাকিকুল ইসলাম খোকন, উত্তম সাহা, মিঠুন আহমদ, ড. দ্বিজেন ভট্টাচার্য্য, শাহ জে চৌধুরী, তোফাজ্জল লিটন।

দু’টি বই-ই অনুষ্ঠানস্থলে পাওয়া যাবে।

# দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

## আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী



এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

বিনামূল্যে ব্রাড প্রেসার চেক করা হয়।  
বিনামূল্যে ব্রাড সুগার মনিটর  
২৫% ছাড় কুপন সহ যে কোন পন্য ক্রয়ে  
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়।  
ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই



- প্রতিদিন সর্বোচ্ছ কম মূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়
- সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ কেয়ার, প্রসাধনী সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ এন্ড বিউটি কেয়ার
- ফটোকপি ৫ সেন্ট, ■ ফ্যাক্স সার্ভিস ■ ৯৯ সেন্ট এ উপহার কার্ড ■ ফিল্ম প্রসেসিং

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহন করে থাকি।

আমাদের অন্য কোন শাখা নেই আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

# PARKCHESTER FAMILY PHARMACY (347) 851-2688

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড ব্রুকস, নিউইয়র্ক - ১০৪৬২



উদীচী-প্রোগ্রেসিভ ফোরাম ও মহিলা পরিষদের প্রতিবাদ সভা ৮ এপ্রিল নিউইয়র্কের জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় অনুষ্ঠিত হয়। ছবি: সৈয়দ মাসুদুল কবির

# উদীচী-প্রোগ্রেসিভ ফোরাম ও মহিলা পরিষদের প্রতিবাদ সভা

## উত্তর আমেরিকা অফিস

কপালে টিপ পরা নিয়ে পুলিশের অসদাচরণ এবং মুসলিমদের বিজ্ঞান শিক্ষক হৃদয় মণ্ডলকে ধর্মীয় অনুভূতিতে আঘাতের মিথ্যা অভিযোগে গ্রেফতারে এক প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।

৮ এপ্রিল নিউইয়র্কের জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় উদীচী শিল্পীগোষ্ঠী যুক্তরাষ্ট্র সংসদ, প্রোগ্রেসিভ ফোরাম ইউএসএ ও মহিলা পরিষদের মিলিত উদ্যোগে প্রতিবাদ সভাটি অনুষ্ঠিত হয়। উদীচীর সভাপতি মুক্তিযোদ্ধা সুরত বিশ্বাসের সভাপতিত্বে প্রতিবাদ সভায় উপস্থিত ছিলেন প্রবাসের প্রথম বাংলা পত্রিকা প্রবাসীর সম্পাদক সৈয়দ মোহাম্মদ উল্লাহ, সাপ্তাহিক আজকালের সম্পাদক মঞ্জুর আহমদ, প্রথম আলো উত্তর আমেরিকার সম্পাদক ইব্রাহীম চৌধুরী, প্রোগ্রেসিভ ফোরামের সভাপতি মুক্তিযোদ্ধা খুশেদুল ইসলাম ও জাকির হোসেন বাচ্চু, মহিলা পরিষদের সাধারণ সম্পাদিকা সুদিতা পাল, জাসদের সাধারণ সম্পাদক নুরে আলম জিকু, উদীচী জ্যামাইকা শাখার সভাপতি বাবুল আচার্য, প্রগতিশীল ব্যক্তিত্ব

রতন কর্মকার, বাংলাদেশ কৃষক সমিতি কেন্দ্রীয় নেতা বিশ্বব্রত চাকি। সভা পরিচালনা করেন উদীচীর সাধারণ সম্পাদক আলীম উদ্দীন, লেখক সাংবাদিক রহমান মাহবুব, শেলী জামান খান, মনজুরুল হক, সৈয়দ মাসুদুল কবির।

বক্তারা বলেন, ‘আমি কি পরব, না পরব, কি খাব না খাব তা আমার ব্যক্তিগত বিষয়। মৌলবাদী গোষ্ঠী আজ এসবের গায়ে ধর্মীয় মোড়ক পরিয়ে মানুষকে ধর্মীয় অনুশাসনে আটকিয়ে নিতে চাইছে। কিছুদিন আগে একজন সচিব তার মন্ত্রণালয়ে ধর্মীয় বিশেষ পোশাক পরে আসার নির্দেশ প্রদান করেন। প্রতিবাদ উঠলে তা প্রত্যাহার করা হয়। কিন্তু সচিবের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নিতে দেখা যায়নি। লতা সমাদ্দার টিপ পরে শিক্ষা প্রতিষ্ঠানে যাওয়ার পথে রাস্তায় কর্মরত পুলিশ তার সাথে চরম অসদাচরণ করেছে। সাম্প্রদায়িক বিভেদের উস্কানিমূলক গালাগাল করেছে। পুলিশ রাষ্ট্রের আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, মানুষের সমাজের মতবিরোধ, মতভেদ দেখভাল করার কথা।

ধর্মীয় অনুভূতিতে আঘাতের অভিযোগে হৃদয় মণ্ডলের গ্রেপ্তারের

ব্যাপারে বক্তারা বলেন, দেশের সর্বস্তরের জনগণের অংশগ্রহণ ও ত্যাগের বিনিময়ে বাংলাদেশ স্বাধীন হয়েছে। স্বাধীনতার মূল ভিত্তি এবং জনগণের প্রত্যাশা ছিল বাংলাদেশ হবে একটি ধর্মনিরপেক্ষ রাষ্ট্র। কিন্তু এখন যা ঘটছে এবং ঘটে চলেছে তা দেখে প্রতীয়মান হয় দেশটা আজ আর মুক্তিযুদ্ধের চেতনার জায়গায় নেই। সমগ্র দেশ আজ মৌলবাদের, পরাজিত শক্তির করতলে চলে যাচ্ছে। বক্তারা অভিযোগ ও ক্ষোভ প্রকাশ করে বলেন, সরকারের প্রচেষ্টা মদদ ও পৃষ্ঠপোষকতায় দেশের গ্রামগঞ্জে সর্বত্র অবাধে মৌলবাদী চর্চা চলছে। মসজিদ, মাদ্রাসা, স্কুল, কলেজ বিশ্ববিদ্যালয়ে প্রগতিবিরোধী মৌলবাদী চর্চার প্রসার স্বাধীন বাংলাদেশকে পাকিস্তানি আমলের চেয়েও চরম সাম্প্রদায়িকাতর দিকে নিয়ে যাওয়া হচ্ছে।

বক্তারা বলেন, হৃদয় মণ্ডলের বিরুদ্ধে পরিকল্পিতভাবে ধর্মীয় অনুভূতির অভিযোগ তুলে মামলা করে তাকে জেলে প্রেরণ করা হয়েছে। এর আগে রাম, হাটহাজারি, ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগর, নারায়ণগঞ্জ এবং সুনামগঞ্জের শাল্লায় ধারাবাহিকভাবে ঘটনা ঘটে চলেছে।

## বাংলাদেশ ল সোসাইটির ইফতার মাহফিল

### উত্তর আমেরিকা অফিস

বাংলাদেশ ল সোসাইটি ইউএসএ ইনকের উদ্যোগে ৯ এপ্রিল জ্যাকসন হাইটসের কাবাব কিংয়ে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

সংগঠনের সভাপতি মো. নাসির উদ্দিনের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক সাইয়েদ মঈন উদ্দিন জুনেলের সঞ্চালনায় দোয়া মাহফিলে রমজানের তাৎপর্য তুলে ধরে বক্তব্য রাখেন অধ্যাপক সৈয়দ নজরুল ইসলাম, সিনিয়র সহ-সভাপতি এবং ইফতার উপকর্মিটির আহ্বায়ক আব্দুল ওয়াহিদ। দোয়া পরিচালনা করেন নির্বাহী সদস্য মাওলানা আশিক আহমদ খান। উপস্থিত উপদেষ্টামণ্ডলী হলেন অ্যাটার্নি মঈন চৌধুরী, এম কাইয়ুম চৌধুরী, মোহাম্মদ আলী বাবুল ও মোর্শেদা জামান। উপদেষ্টাদের হাতে ফুল ও অভিনন্দনপত্র



বাংলাদেশ ল সোসাইটি আয়োজিত ইফতার অনুষ্ঠান। ছবি: প্রথম আলো

তুলে দেন সহ-সভাপতি রুবিনা মান্নান, যুগ্ম সম্পাদক সাইদুর রহমান, সাংস্কৃতিক সম্পাদক রেদোয়ানা রাজ্জাক, প্রচার সম্পাদক জাহিদুল ইসলাম, নির্বাহী সদস্য সোনিয়া সুলতানা।

সভায় বক্তব্য রাখেন উপদেষ্টা অ্যাটার্নি মঈন চৌধুরী, এম কাইয়ুম চৌধুরী,

মোহাম্মদ আলী বাবুল, মোর্শেদা জামান, সাবেক সম্পাদক লুৎফের রহমান হিমেল, সাবেক সাধারণ সম্পাদক আরিফ আর চৌধুরী, নির্বাহী সদস্য এম এম নুরুজ্জামান বাবু, আব্দুর রশিদ, সুলতানা জামান, সিরাজুল ইসলাম ও কংগ্রেসম্যান প্রার্থী ড. মুজিবুল হক।

## রিজার্ভের অর্থ চুরি আরসিবিসির বিরুদ্ধে মামলা চলবে

### বিশেষ প্রতিনিধি

বাংলাদেশের রিজার্ভের অর্থ চুরির ঘটনায় নিউইয়র্কের সুপ্রিম কোর্ট ৮ এপ্রিল এক রায়ে ‘এখতিয়ার না থাকার’ কথা উল্লেখ করে ফিলিপাইনের ব্রুমবেরি ও ইস্টার্ন হাওয়াই নামে দুটি ক্যাসিনোকে অব্যাহতি দিয়েছেন। এ দুটি প্রতিষ্ঠান ছাড়াও এই মামলা থেকে অব্যাহতি পেতে অভিযুক্ত ব্যক্তি ও প্রতিষ্ঠানের মধ্যে আরসিবিসি, লোরেন্সো টান, রাউল টান ও কিম অং নিউইয়র্কের সুপ্রিম কোর্টে আলাদা আলাদা আবেদন করেন।

বাংলাদেশের রিজার্ভের অর্থ চুরির ঘটনায় ফিলিপাইনের রিজাল কমার্শিয়াল ব্যাংকিং করপোরেশন বা আরসিবিসির বিরুদ্ধে নিউইয়র্কের আদালতে মামলা চলবে বলে জানিয়েছে বাংলাদেশ ব্যাংক।

১৩ এপ্রিল বুধবার বাংলাদেশ ব্যাংক বলছে, রিজার্ভের অর্থ চুরির ঘটনায় যে মামলা করা হয়েছিল, সেই মামলা থেকে দুটি প্রতিষ্ঠানকে (ক্যাসিনো) অব্যাহতি দেয়া হয়েছে। গত ১৪ জুলাই ব্রুমবেরি, ইস্টার্ন হাওয়াই ও কিম জংয়ের অব্যাহতির আবেদন শুনানি হয়। ওই শুনানির ভিত্তিতে ৮ এপ্রিল মামলার আংশিক রায় ঘোষণা করেন নিউইয়র্কের বিচারিক আদালত। সেই রায়ে ব্রুমবেরি ও ইস্টার্ন হাওয়াইকে অব্যাহতি দেয়া হলেও কিম জংকে বাংলাদেশ ব্যাংকের অভিযোগের জবাব দিতে নির্দেশ দেন আদালত।

বাকি অভিযুক্তদের বিরুদ্ধে এখনও রায় ঘোষণা হয়নি।

বাংলাদেশ ব্যাংক আশা করছে, মামলার মূল আসামি ফিলিপাইনের ব্যাংক আরসিবিসির বিরুদ্ধে আদালত রায় দেবেন। বাংলাদেশ ব্যাংক বলছে, এ মামলায় আরসিবিসিসহ ১৯ ব্যক্তি ও প্রতিষ্ঠানকে অভিযুক্ত করেছে বাংলাদেশ ব্যাংক।

## নিউইয়র্কে কৃষাঙ্গের হামলায় রক্তাক্ত বাংলাদেশি

### নিজস্ব প্রতিবেদক

নিউইয়র্কের জ্যামাইকায় কৃষাঙ্গের হামলার শিকার হয়েছেন এক বাংলাদেশি। এতে তিনি মারাত্মক আহত হয়েছেন। মঙ্গলবার (১২ এপ্রিল) জ্যামাইকার সার্টিফন বুলোভার্ভে এ ঘটনা ঘটে।

আহত ওই বাংলাদেশির নাম মো. আনোয়ার ইসলাম বাহার (৫০)। তার বাড়ি চট্টগ্রামের পশ্চিম মাদার বাড়ি এলাকায়। তিনি ২০০৬ সালে নিউইয়র্কে পাড়ি জমান। সেখানে একটি দোকানে কর্মরত আছেন তিনি। জানা গেছে, এ দিন রাতে কাজ শেষ করে বাসায় ফিরছিলেন বাহার। হঠাৎ করে এক কৃষাঙ্গ এসে তার উপর বাঁপিয়ে পড়ে। কিছু বুঝে উঠার আগেই তাকে মারধর করে। কেন মারধর করা হচ্ছে তা জানতে চেয়েও কোন উত্তর পান নি বাহার। মারধরের ফলে তার নাক, মুখ থেকে রক্ত পড়তে থাকলে জ্যামাইকা হাসপাতালে নেওয়া হয় তাকে। বর্তমানে তার পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।

এ বিষয়ে জানতে চাইলে আনোয়ার ইসলাম বলেন, আমি কাজ থেকে ফেরার পথে রাস্তায় এ ঘটনা ঘটে। আমি তাকে চিনি না। কোন দিন দেখাও হয় নি। সে কেন আমাকে মারধর করলো কিছুই বুঝতে পারি নি। তিনি বলেন, আমি হাসপাতালে ভর্তি হলে সেখানে পুলিশ আসে। আমি তাদের বিস্তারিত খুলে বলেছি। পুলিশ জানতে চেয়েছিলো অভিযুক্তের মুখ দেখলে আমি চিনবো কিনা। পরে হ্যাঁ বললে, তারা আমাকে হাসপাতালের কয়েকজনকে দেখায়। এ সময় অভিযুক্তকে চিহ্নিত করি আমি। এর পরে পুলিশ আর কি ব্যবস্থা নিয়েছে আমি জানি না। আনোয়ার ইসলাম বলেন, এ



আনোয়ার ইসলাম বাহার

ঘটনার পর আমি শঙ্কায় আছি। আমি চাই এর সঠিক বিচার পেতে। তাই এর জন্য প্রয়োজনীয় আইনি সহায়তা কামনা করছি।

এইদিকে এমন ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন নিউইয়র্কের বাংলাদেশিরা। তারা বলছেন, কিছুদিন আগে এক বাংলাদেশিকে গুলি করে হত্যা করা হয়। এখন বিনা কারণে আরেকজনকে মারধর করা হয়েছে। এভাবে চলতে থাকলে এ শহর বাসযোগ্য থাকবে না। আমরা চাই এর সুষ্ঠু বিচার হোক। প্রসঙ্গত, নিউইয়র্কে সম্প্রতি বেড়েছে হামলার ঘটনা। কোন কারণ ছাড়াই ঘটছে বন্দুক হামলা ও সংঘাতের ঘটনা। গত সপ্তাহ পর্যন্ত (৩ এপ্রিল) অন্তত ২৬০টি গোলাগুলির ঘটনা ঘটেছে। এরপর গত এক সপ্তাহে সেটা বেড়ে ২৯৬-এ দাঁড়িয়েছে। সর্বশেষ গত বুধবার সিটির পাভাল রেল স্টেশনে হামলায় অর্ধশতাধিক মানুষ আহত হোন।

## Law Office of Mahfuzur Rahman

Admitted in US Federal Court (Southern & Eastern District, Court of Appeals 2nd Circuit and Ninth Circuit.)

সহযোগিতার জন্য যোগাযোগ করুন। ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, ন্যাচারলাইজেশন এবং সিটিজেনশীপ, এসাইলাম, ডিপোর্টেশন, Cancellation of Removal, VAWA পিটিশন, লিগ্যালাইজেশন, বিজনেস ইমিগ্রেশন (H-1B, L1B, J1, EB1, EB2, EB3, EB5)

ফ্যামিলি ল’ আনকনটেস্টেড এবং কনটেস্টেড ডিভোর্স, চাইল্ড সাপোর্ট এবং কাস্টডি, এলিমনি।

**Mahfuzur Rahman, Esq.**  
এটর্নী মাহফুজুর রহমান  
Attorney-At-Law (NY)  
Barrister-At-Law (UK)

- ব্যাংক্রান্সী
- ল্যান্ডলর্ড ট্যানেন্ট ডিসপিউট
- রিয়েল এস্টেট ক্লোজিং
- উইলস
- ইনকোর্পোরেশন
- ক্রেডিট কনসলিডেশন
- পার্সনাল ইঞ্জুরি (এক্সিডেন্ট, কনস্ট্রাকশন)
- মর্গেজ
- ক্রিমিন্যাল এবং সিভিল লিটিগেশন
- ট্যাক্স ম্যাটার

**Appointment : 347-856-1736**  
**JACKSON HEIGHTS**  
75-21 Broadway, 3rd Fl, Elmhurst, NY 11373  
**Tel: 347-856-1736, Fax: 347-436-9184**  
**E-mail: attymahfuz@gmail.com**

## জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্রে সিপিএ’র মাধ্যমে ট্যাক্স ফাইল করুন

# TAX FILING 2021

WE DO ALL TYPES OF TAXES

**CONTACT**

KALIANNA LAKSHMANAN, CPA, PC  
7232 BROADWAY, SUITE 306  
JACKSON HEIGHTS, NY 11372  
Phone: 347-279-6001, 646 4818369  
Fax: 718-799-9181  
Email: lakashmanan@kali-cpa.com

**আবু জামান**  
ম্যানেজার  
Tel: 6462844776

**KALIANNA LAKSHMANAN**  
CPA, PC  
Tel: 347-279-6001

**Wasi Choudhury & Associates LLC**

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

**SERVICES**

- **Represent Taxpayers for I.R.S./ State Audit**
- **Tax Preparation:**  
Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- **Accounting:**  
Payroll, Sales Tax, etc.
- **Business Licenses**

■ ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

**Wasi Choudhury, EA**  
Admitted to Practice before the IRS  
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক

**Tel: 718-440-6712**  
**718-205-3460**  
Fax: 718-205-3475  
Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে  
ও পেমেন্ট করতে পারেন

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে  
বাংলাদেশ সোসাইটি ইনক এর সদস্য পদ গ্রহণ / নবায়ন  
করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার  
অনুরোধ রইল।

**37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377**

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

**MOHAMMAD M RAHMAN MD**

Board Certified in Internal Medicine

Geriatrics,  
Hospice & Palliative  
Care Medicine  
Attending Physician,  
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোথ্রাম, ইকেজি, ফ্লু, হজ্জ ভ্যাকসিন দেয়া হয়  
আমরা প্রায় সব ধরনের ইন্সুরেন্স গ্রহণ করি।

**Appointment:**  
**718-526-0700, 718-383-4500**  
**Cell- 718-864-8882**

| ASTORIA OFFICE:                                          | JAMAICA OFFICE:                                                           |
|----------------------------------------------------------|---------------------------------------------------------------------------|
| 30-04, 36th Avenue<br>LIC, NY 11106<br>Tel: 718-383-4500 | 170-12 Highland Avenue<br>Jamaica Estates, NY- 11432<br>www.drmrahman.com |

**Tax & Immigration Services**

**Tax  
Immigration  
Real Estate  
Mortgage  
Notary**

**MOHAMMED PIER**  
Lic. Real Estate Asso, Broker  
EA, IRS, RTRP & notary Public  
Cell: 917-678-8532

**INCOME TAX**  
Income Tax Service & Direct Deposit  
quick Refund & Electronic Filing

**IMMIGRATION SERVICES**  
Citizenship & Family Application  
Affidavit of Support & all forms  
available

**REAL ESTATE**  
For Buying & Selling houses  
mortgage services

**PIER TAX AND EXECUTIVE SERVICES**

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372  
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583  
Email: piertax@gmail.com

দীর্ঘ ১০ বছরের সাফল্য ও অভিজ্ঞতার ধারাবাহিকতায়  
সকল ধরনের ইনস্যুরেন্সের  
জন্য একটি বিশ্বস্ত প্রতিষ্ঠান

**আপনার গাড়ি বাড়ি ব্যবসা ও TLC ইন্সুরেন্সের  
জন্য আমাদের প্রফেশনালদের সহায়তা নিন**

Low Down Payment  
No Extra Fee  
6 Hours DDC Classs

Experienced  
Tax Professional

**Auto Home Business & TLC Insurance  
TDS Insurance Brokerage Corp.**

**BROOKLYN**  
118 Beverley Road, Brooklyn, NY 11218  
Phone: 718-483-9310, Fax: 718-483-9311  
Email: team@tdsinsurance.com

**বাড়ি ক্রয়ে  
২৫% ডাউন  
পেমেন্ট দিলে  
নো ব্যাকগ্রাউন্ড  
চেক**

- রেন্টাল
- প্রপার্টি কেনা-বেচা, শর্ট সেল-  
নেগোসিয়েশন কেনাবেচার  
ক্ষেত্রে অভিজ্ঞ
- অকশন-সিটি হাউ (HUD) ব্যাংক
- মর্টগেজ ব্যবস্থা
- রি-ফাইন্যান্সিং সহ যাবতীয় সহযোগিতার  
জন্য কথা বলুন



Please call or text  
**646 284 4776**  
**Abu Zaman**  
Licensed Real Estate Salesperson  
abuzaman45@hotmail.com



**Silver & Gold Realty**

ইনকামট্যাক্স ২০১৯ ইনকামট্যাক্স

**আনজুমান ট্যাক্স সার্ভিসেস ইন্ক**

37-21 72nd Street, Suite # 202  
Jackson Heights, NY-11372

**IRS Authorised E-File Provider**

- ইনকামট্যাক্স, ব্যক্তিগত, ব্যবসায়িক ও কর্পোরেশন রিটার্ন
- বুক কিপিং, একাউন্টিং, সেলস ট্যাক্স, পে-রোল ট্যাক্স
- কর্পোরেশন ফর্ম ও নতুন ব্যবসা সেটআপ
- স্বামী-স্ত্রী ও পরিবার পরিজনদের জন্য আবেদনসহ যাবতীয় ইমিগ্রেশন সার্ভিস
- ইংরেজী অনুবাদ ও নোটারী সার্ভিস
- ইমিগ্রেশন সার্ভিসেস।

আমাদের অফিস সপ্তাহে সাত দিনই খোলা থাকে।

যোগাযোগ ▶ আবু হেলেন হোসেন

718-777-5477, Cell: 917-496-7966, Fax: 718-777-8020

**জব জব জব**

আপনি কি আমেরিকাতে একটি সরকারী জব খুজছেন? আপনার কি হাইস্কুল ডিপ্লোমা, ব্যাচেলর অথবা মাস্টার ডিগ্রী আছে? বাংলাদেশ অথবা ইউএস থেকে যদি থাকে তাহলে আর দেরী না করে আমাদের টিমে যোগ দিন এবং আপনার পছন্দমত ফিল্ডে একটি প্রফেশনাল জবের জন্য চেষ্টা করুন।

সিভিল সার্ভিস পরীক্ষায় (সিটি, স্টেট এবং ফেডারেল জবের) আপনার সর্বোচ্চ স্কোর পাওয়ার জন্য আমাদের সর্বাঙ্গিক প্রচেষ্টা থাকে এবং সেভাবেই আমরা প্রার্থীকে প্রস্তুত করে নেই। (ম্যাথ, ইংরেজী এবং অন্যান্য ট্রিকি প্রশ্নাবলী সমৃদ্ধ আমাদের নিজস্ব প্রিপারেশন গাইড ব্যাংক)। আমেরিকার অন্য স্টেট থেকেও আমাদের টিমে যোগ দিতে পারেন।

তাহাড়া প্রফেশনাল রিজুম, কভার লেটার এবং ফেইস টু ফেইস ইন্টারভিউ-এর জন্য তৈরী করা হয়। যাদের একাউন্টিং বেকগ্রাউন্ড তাদেরকে কুইকবুক, পিচট্রি, পেরল ও একাউন্টিং-এর টিউটোরিয়াল সহ সবাইকে কম্পিউটার বেসিক শিখানো হয়।

আমরা প্রার্থীরা আজই যোগাযোগ করুন - ৭১৮-৫৩০-২৬০৫  
email: roudro123@yahoo.com

**এম এ জামান (বর্তমানে নিউইয়র্ক স্ট্যাট গভ-এ কর্মরত)**

সাকসেস মাল্টিপারপাস এন্ড ক্যারিয়ার কনসালটিং ফর্ম (প্রতিষ্ঠাতা)  
স্যাটিফাইড বিজনেস ক্যারিয়ার স্কুল টিচার, দ্যা স্টেট ইউনিভার্সিটি অফ নিউইয়র্ক (জব ডেভলপার)  
প্রাক্তন সাবসিটিউট টিচার, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ এডুকেশন এবং  
লেকচারার ইন একাউন্টিং, এম এল আই, নিউ ইয়র্ক, কুইল

**MITU DISABILITY CENTER**  
**MITU PHYSICAL THERAPY P.C.**  
**MITU HOME CARE LLC.**



**RONJAN**  
(Disability Consultant)  
646-730-8416

**MITU DISABILITY CENTER**

- স্টেট ডিসাবিলিটি (TANF)
- ফেডারেল ডিসাবিলিটি (SSI, SSDI)
- এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপি দেওয়া হয়।
- ইমিগ্রেশনের বিষয়ে সাহায্য করা হয়।

**MITU PHYSICAL THERAPY P.C.**

আমরা যেকোন ধরনের ব্যাথা / জয়েন্ট পেইনের জন্য থেরাপি দিয়ে থাকি। ঘাড়ের ব্যাথা, পিঠের ব্যাথা, হাঁটের ব্যাথা, গোড়ালীর ব্যাথা, নার্ভের ব্যাথা, অবস হওয়া, কিনবিন করা, মাথা ঘরা এবং সাইয়া টিকার ব্যাথা নিরাময়ের চিকিৎসা দিয়ে থাকি।

**Nagah A. Alaidy**  
(ফিজিক্যাল থেরাপিস্ট)

3747, 73rd Street, Suite # 215  
Jackson Heights, NY 11372  
(Kings Plaza)

Phone: 718-701-2666, 646-730-8416, Fax: 718-225-1025  
Email: bonijonjan@yahoo.com



**JABBAR SHARIFF**  
Attorney & Counselor at Law

**পরীক্ষা ছাড়াই  
আমেরিকার  
সিটিজেনশীপ**

**N-648 WAIVER**

**MITU HOME CARE LLC.**

আপনি প্রতি সপ্তাহে আয় করুন  
আপনার মা-বাবা, স্বতন্ত্র-শ্রমজী,  
আত্মীয়-স্বজন, প্রতিবেশী  
বন্ধু-বান্ধব অথবা যেকোন রোগীকে  
স্বাস্থ্য সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।  
আমেরিকার রোগীকে সেবা করার  
সম্পূর্ণ খরচ সরকার বহন করে থাকে।

**আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ**

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

**Captor USA, Inc.**

Franchise & Business Consulting Firm

New address 37-16, 73 street, Suite # 402, Jackson Heights, NY 11372

Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590

Cell: (201) 456-3103, (646) 707 9067; Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

-যারা এক বছর বা তার আগে গ্রীনকার্ডের জন্য এপ্লাই করে অপেক্ষা করছেন তাদের জন্য রয়েছে সুখবর।

-আমরা এখন H1B ও EB5 এর ব্যাপারেও সহায়তা করি।

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member

H1B

L1A VISA

EB5

E2 VISA

POLITICAL ASYLUM

হটলাইন : +1 ২০১ ৪৫৬ ৩১০৩  
সপ্তাহে ৭ দিনই খোলা

## ‘ডেটলাইন ১০ এপ্রিল’ শিরোনামে অনুষ্ঠান

উত্তর আমেরিকা অফিস

নিউইয়র্কে ‘ডেটলাইন ১০ এপ্রিল’ শিরোনামে অনুষ্ঠান করেছে ‘তিনবাংলা’। প্রথমবারের মতো তিনটি ঐতিহাসিক ঘটনার স্মৃতিচারণ করা হয়। ১৯৭০ সালের ১০ এপ্রিল ‘জীবন থেকে নেয়া’ ছায়াছবির শুভমুক্তি। মুক্তিযুদ্ধকে উজ্জীবিত করতে ছবিটি নির্মাণ করেছিলেন জহির রায়হান।

এর পর ১৯৭১ সালের ১০ এপ্রিল গঠিত হয় ‘প্রবাসী মুজিবনগর সরকার’। সবশেষ ১৯৮৭ সালের ১০ এপ্রিল নেলসন ম্যান্ডেলার মুক্তির দাবিতে কবিদের অনশন। ঢাকায় প্রেসক্লাবের সামনে অনশন ভাঙান পররাষ্ট্রমন্ত্রী হুমায়ুন রশিদ চৌধুরী। তিনবাংলা ইউএসএ সভাপতি নাগিস আহমেদের জন্মদিনও ছিল ১০ এপ্রিল। ভাবগম্ভীর আয়োজনটিতে শেষপর্বে জন্মদিনের শুভেচ্ছা ও মতবিনিময় অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের উদ্বোধক ছিলেন তিনবাংলার গ্লোবাল সভাপতি কবি সালাম সুলেরী। প্রধান আলোচক ছিলেন সিনিয়র সাংবাদিক-গবেষক সাঈদ তারেক। অনুষ্ঠানে ‘গেস্ত অব অনার’ ছিলেন তিনজন কৃতবিদ্য— ভারতবাংলার প্রখ্যাত পদ্যকার অম্বিক বসু, পরিচয় সম্পাদক ও টাইম টিভির ধারাবাহিককার নাজমুল আহসান, জাতিসংঘে কর্মরত কবি-কথক কাজী জহিরুল ইসলাম।

সভাপতিত্ব করেন তিনবাংলা ইউএসএ সভাপতি নাগিস আহমেদ। সম্পাদক কবি-অনুবাদক রওশন হাসান ছিলেন সঞ্চালক। তিনবাংলার পক্ষে স্বাগত বক্তব্য রাখেন প্রেসিডিয়াম সদস্য লেখক-গবেষক আবু খালিকুজ্জামান ও শরীফ মাহবুবুল আলম, সাহাবউদ্দিন সাগর, মুহম্মদ আলী বাবুল, মুনিয়া মাহমুদ, সৈয়দ ফজলুর রহমান, সোমা বসু, সুলতানা ফেরদৌসী, ফখরুল আলম, মুক্তি জহির। অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশনে ছিলেন আশীষ দেবরায়।

উদ্বোধনী বক্তব্যে ১০ এপ্রিলের



তিনটি ঐতিহাসিক ঘটনার স্মৃতিচারণে ‘ডেটলাইন ১০ এপ্রিল’ শিরোনামে অনুষ্ঠান আয়োজন করে ‘তিনবাংলা’। ছবি: সংগৃহীত

বিশদ বর্ণনা দেন কবি সালাম সুলেরী। তিনি বলেন, ১৯৭০-এ মুক্তিপ্রাপ্ত ‘জীবন থেকে নেয়া’ মুক্তিযুদ্ধের প্রেরণামূলক ছবি। ‘৭০-এর পূর্ববাংলা’ ও একাত্তরে ভারতবাংলাকে জাগিয়েছিল। একাত্তরের ১০ এপ্রিল প্রবাসী মুজিবনগর সরকার গঠিত হয়। ১৭ এপ্রিল মেহেরপুরের বৈদ্যনাথতলায় এই সরকার শপথ নেয়। কিন্তু মহান মুজিব সেই মুজিবনগরে জীবদ্দশায় যেতে পারেননি। ১৯৮৭ সালে নেলসন ম্যান্ডেলার মুক্তির দাবিতে ঢাকায় হয় কবিদের অনশন। চারজন তরুণ কবি-সাংবাদিক প্রেসক্লাব চত্বরে অনশন করেন। পররাষ্ট্রমন্ত্রী হুমায়ুন রশিদ চৌধুরী তখন জাতিসংঘের ৪২তম অধিবেশনের সভাপতি। তিনি অনশন ভোনে ও দাবির পক্ষে জাতিসংঘে ভূমিকা রাখেন। সেই অনশনে কবিকনিষ্ঠ সদস্য ছিলাম আমি

সালাম সুলেরী। অন্যরা সর্বকবি ইকবাল আজিজ, হালিম আজাদ, প্রয়াত নাসিমা সুলতানা। কবি সুলেরী বলেন, সেই ঐতিহাসিক ১০ এপ্রিলের উপহার নাগিস আহমেদ। বাংলাদেশ সোসাইটির প্রথম নির্বাচিত নারী সভাপতি, সফল সংগঠকও।

ভারতের মানবাধিকার  
পরিস্থিতি পর্যবেক্ষণ  
করছে যুক্তরাষ্ট্র: ব্লিঙ্কেন

অনলাইন ডেস্ক

ভারতের কিছু কর্মকর্তার হাতে মানবাধিকার লঙ্ঘনের ঘটনা বৃদ্ধির বিষয়গুলো পর্যবেক্ষণ করছে যুক্তরাষ্ট্র। মার্কিন পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিঙ্কেন সোমবার মার্কিন প্রতিরক্ষা সচিব লয়েড অস্টিন, ভারতের পররাষ্ট্রমন্ত্রী সুব্রহ্মন্যম জয়শঙ্কর এবং ভারতের প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংয়ের সঙ্গে যৌথ প্রেস ব্রিফিংয়ের সময় এ কথা বলেন।

ব্লিঙ্কেন বলেন, ‘আমরা নিয়মিত আমাদের ভারতীয় অংশীদারদের সঙ্গে সাধারণ মূল্যবোধের (মানবাধিকারের) বিষয়ে যোগাযোগ রাখি। সে হিসেবে, আমরা কিছু সরকারি, পুলিশ এবং জেলা কর্মকর্তার মাধ্যমে মানবাধিকার লঙ্ঘন বৃদ্ধিসহ ভারতে সাম্প্রতিক কিছু পরিস্থিতির ওপর নজর রাখছি।’

ব্লিঙ্কেন এ বিষয়টি নিয়ে আর বিস্তারিত বলেননি। ব্রিফিংয়ে ব্লিঙ্কেনের পরে কথা বলেন রাজনাথ সিং এবং জয়শঙ্কর। তাঁরা মানবাধিকার ইস্যুতে কোনো মন্তব্য করেননি।

মার্কিন কংগ্রেস ম্যান ইলহান ওমর মানবাধিকার বিষয়ে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সরকারের সমালোচনা করতে মার্কিন সরকারের কথিত অনিচ্ছা নিয়ে প্রশ্ন তোলার কয়েক দিন পর ব্লিঙ্কেনের এমন মন্তব্য এল।



লিবার্টি রিনোভেশনের উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল। ছবি: সংগৃহীত

লিবার্টি রিনোভেশনের  
ইফতার মাহফিল

উত্তর আমেরিকা ডেস্ক

রিয়েল এস্টেট ডেভেলপার কোম্পানি লিবার্টি রিনোভেশনের উদ্যোগে পবিত্র মাহে রমজানের ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। ১০ এপ্রিল রোববার সন্ধ্যায় নিউইয়র্কের গুলশান ট্যারেসে এ ইফতার ও মাহফিল অনুষ্ঠিত হয়।

ইফতার ও দোয়া মাহফিলে আমেরিকা প্রবাসী বাঙালি কমিউনিটির নেতৃবৃন্দ, ব্যবসায়ী, বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক সংগঠনের সভাপতি ও সাধারণ সম্পাদক,

বিভিন্ন পত্রিকার সম্পাদক, টিভি চ্যানেলের চেয়ারম্যানসহ অতিথিরা উপস্থিত ছিলেন। অতিথিদের ধন্যবাদ জানান লিবার্টি রিনোভেশনের সিইও মোহাম্মদ আজাদ ও তাঁর স্ত্রী সঙ্গীতশিল্পী রোকসানা মির্জা। তাঁরা বলেন, ‘আপনারা সব সময় আমাদের পাশে ছিলেন। আগামীতেও সুখে-দুখে আমাদের পাশে থাকবেন।’ এ সময় অতিথিদের হামদ পড়ে শোনান রোকসানা মির্জা।

অতিথিরা মোহাম্মদ আজাদ ও রোকসানা মির্জার সুখ-সমৃদ্ধি কামনা করেন।

Authorized  
**IRSe file**  
Provider

**KAKATUA**  
কাকাতুয়া  
A G E N C Y

PARVIZ KAZI E.A.  
Enrolled Agent  
(Admitted to Practice Before the IRS)

37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372  
Tel: (718) 726-6900 | (718) 397-5004  
Email: info@kakatua.com | Web: www.kakatua.com

Serving  
Our Community  
For Over 28 Years

ENROLLED  
AGENT

**Tax Return**

নীর্যুতের অভিজ্ঞতার আলোকে  
এবং বর্তমান যুক্তরাষ্ট্র সরকারের  
ট্যাক্স নীতিমালা অনুসরণ করে  
ট্যাক্স ফাইলিং করে থাকি

OUR SERVICES ARE:

- Income Tax
- Accounting
- Travels
- Immigration
- Insurance

## ফ্রি হোম কেয়ার সার্ভিস

যে সকল মা বাবা, ভাই-বোন, আত্মীয়-স্বজন এর মেডিকেইড ও মেডিকেয়ার আছে, তাঁদের সেবা করে আপনি সাপ্তাহিক ৫০০ ডলার করে উপার্জন করতে পারেন। এজন্যে পড়াশোনা বা কোন সার্টিফিকেট এর দরকার নাই।

যোগাযোগ করুন

নাসিমা: ৩৪৭-৮০১-৪০২৮

## TRIBUNE TRAINING ACADEMY

29-28 41st Avenue, Suite 48, Queens, NY 11101  
Office: (718) 790 - 2664 Cell: (917) 330 - 0891

- OSHA OUTREACH TRAINING
- SECURITY GUARD TRAINING
- WORK-ZONE FLAGGER TRAINING
- LIFT TRUCK / FORKLIFT TRAINING
- FIRST AID, CPR & AED TRAINING
- DEFENSIVE DRIVING
- RESUME BUILDING
- JOB SEEKING



Approved  
**OSHA**  
Authorized Training

**MD NOMAN**  
DIRECTOR OF SCHOOL

দক্ষিণাত্যে  
আজই ফল ফলবে  
অন্যান্য ওয়েবসাইটে ভিজিট করুন

আপনি কি বেকার? আপনি ভাল চাকরি খুজছেন?  
তাহলে নিম্নোক্ত ট্রেনিং এর মাধ্যমে নিজেকে  
তৈরী করুন, উজ্জ্বল ভবিষ্যত গড়ুন।



## জ্যামাইকা মুসলিম সেন্টারের সন্নিহিতে বাংলাদেশি ডাক্তারদের দ্বারা পরিচালিত

**মেডিকেল অফিস**

We offer Quality Health Care

৮৭-৩১ ১৬৮ প্রেস, জ্যামাইকা নিউইয়র্ক-১১৪৩২  
87-31, 168 Place, Jamaica NY 11432

৭১৮-২৯৭-৩২২০, ৭১৮-২৯৭-৩২২৬  
718-297-3220, 718-297-3226

আমাদের সেবা সমূহ:

- শারীরিক চেক আপ
- টি.এল.সি টেস্ট
- ডায়াবেটিস
- উচ্চ রক্তচাপ
- হাই কোলেস্টেরল

আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহণ করি

যাদের ইন্স্যুরেন্স নেই তাদের হ্রাসকৃত মূল্যে চিকিৎসা করা হয়  
Help with insurance problems and new applications  
মেডিকেইড ও ফ্যামিলি হেলথ প্রান্স পাওয়ার ব্যাপারে সাহায্য করে থাকি

All kinds of Medical Managements

PAP Smear, Blood Test, EKG Pregnancy Test, TB Test, TLC, Vaccinations  
মহিলাদের সর্বধরনের শারীরিক চেকআপ, রক্তপরীক্ষা, ইকজি, প্রোগনোস্টিক টেস্ট  
যক্স টেস্ট, টিকা এবং হৃদযন্ত্রের টিকা সহ সর্বধরনের রোগের চিকিৎসা করা হয়।

ডা: নাহরীণ মামুন এম.ডি  
Board Certified Internal Medicine  
& Women Health Expert  
সময়: সোম, বুধ, শুক্র ও শনিবার সকাল ৯.৩০টা থেকে পূর্বের সময়সূচী

ডা: মো: ইউসুফ আল মামুন এম.ডি  
Board Certified Geriatrics & Internal Medicine  
(এসিস্ট্যান্ট প্রফেসর, কুইন্স হসপিটাল সেন্টার)  
সময়: মঙ্গল ও বৃহস্পতিবার বিকাল ৫টা থেকে ৮টা, শনিবার দুপুর ১২টা থেকে ৫টা

ডা: আহমেদ কে আসলাম এম.ডি  
হৃদরোগ বিশেষজ্ঞ (সকল প্রকার হার্ট ডিজিজের চিকিৎসা করেন)

# সাউথ ইষ্ট ইউএসএ গ্রুপ দিচ্ছে নির্ভুল ট্যাক্স ফাইলের নিশ্চয়তা

আপনি অভিজ্ঞ ট্যাক্স প্রিপেয়ার দ্বারা আপনার ট্যাক্স ফাইল করুন  
অন্যথায় সামান্য ভুলের কারণে আপনি পেতে পারেন আইআরএস নোটিশ!

আমাদের রয়েছে অভিজ্ঞ ট্যাক্স প্রিপেয়ার।  
যারা নির্ভুল ট্যাক্স ফাইল করতে সম্পূর্ণ অভিজ্ঞ।

মনে রাখবেন এবারের ট্যাক্স ফাইল হবে খুবই জটিল  
কারণ এসবিএ লোন, পিপি লোন, আনএমপ্লয়মেন্ট,  
স্টিমুলাস রিকভারি রিবেট, এবং চাইল্ড ক্রেডিট।

ক্রেডিট লাইন ভাল হলে সহজেই বাড়ি গাড়ি ফার্নিচার  
ইত্যাদি কিনতে পারবেন। জীবনযাপন মসৃণ হবে।

আপনার ক্রেডিট সমস্যার সমাধান করতে চাইলে  
আজই যোগাযোগ করুন।

Confidential & safe

## SOUTHEAST USA GROUP, INC.

Debt Settlement and Credit Repair

74-09 37th Avenue, 2nd FL, Room# 206, Jackson heights, NY 11372

Phone: 718-639-6207 Cell: 917-566-1612

Email: usa.bd54@gmail.com



আমেরিকা-বাংলাদেশ প্রেসক্লাবের ইফতার মাহফিল। ছবি: প্রথম আলো

## আমেরিকা-বাংলাদেশ প্রেসক্লাবের ইফতার

### উত্তর আমেরিকা অফিস

আমেরিকা-বাংলাদেশ প্রেসক্লাবের উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল আয়োজন করা হয় ১৩ এপ্রিল বুধবার। দোয়া মাহফিলে বিভিন্ন মিডিয়ার সম্পাদক, সাংবাদিক, ক্লাবের সদস্য ও পেশাজীবীরা উপস্থিত ছিলেন। জ্যাকসন হাইটসের নবাম পার্টি হলে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়। ইফতারের আগে আলোচনা সভায় সভাপতিত্ব করেন প্রেসক্লাবের সভাপতি মোহাম্মদ সাঈদ।

অনুষ্ঠান পরিচালনা করেন ক্লাবের সাধারণ সম্পাদক মনজুরুল হক। এ সময় রমজানের ফজিলত, যাকাত আদায়ের বিভিন্ন মাসলা তুলে ধরে আলোচনা ও মোনাজাত করেন আল নূর ইসলামিক কালচারাল সেন্টারের প্রধান মুফতি মোহাম্মদ ইসমাইল। ইফতার মাহফিলে বক্তব্য রাখেন সাপ্তাহিক ঠিকানার প্রেসিডেন্ট ও সাবেক সাংসদ এম এম শাহীন, জাতিসংঘ মিশনের প্রথম সচিব নূর এলাহী মিনা, সাপ্তাহিক বাংলা পত্রিকার সম্পাদক ও নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি আবু তাহের, জন্মভূমি সম্পাদক রতন তালুকদার,

সাংবাদিক ও কলামিস্ট সাঈদ তারেক, আমেরিকা-বাংলাদেশ প্রেসক্লাবের সাবেক সভাপতি দর্পণ কবীর, সাবেক সাধারণ সম্পাদক শওকত ওসমান রচি, গোবিন্দ এইজ হোমকেয়ার প্রেসিডেন্ট শাহ নেওয়াজ, কণ্ঠশিল্পী বেবী নাজনীন, কণ্ঠশিল্পী রানো নেওয়াজ, লায়স ক্লাবের প্রতিষ্ঠাতা সভাপতি মো. মতিউর রহমান, কংগ্রেসম্যান প্রার্থী ডা. মুজিবুল হক, নারায়ণগঞ্জ জেলা সমিতির সাবেক আহ্বায়ক নির্মল পাল, নারায়ণগঞ্জ জেলা সমিতির সভাপতি মৌ. মজিবর, বিয়ানিবারার সমিতির সাবেক সভাপতি মাসুদুল হক ছানু, আশা হোমকেয়ারের সিইও আকাশ রহমান, কমিউনিটি অ্যান্ডিভিস্ট রকি আলীয়ান, অর্থকর্তার সম্পাদক এনামুল হক এনাম, প্রেসক্লাবের কোষাধ্যক্ষ মো. মশিউর রহমান মজুমদার, সাংবাদিক এবিএম সালাহ উদ্দিন, সংগ্রাম সিংহ, তানভির আজহার সুকি, প্রেসক্লাব সদস্য মল্লিকা খান মুনা, পাণিয়া বেগম, স্যামুয়েল স্ট্রিফেন পিনারু, সরোয়ার হোসেন, আলমগীর, মাহমুদুল হাসান পাহলভী, লিবার্টি রেনভেশনের সিইও মোহাম্মদ আজাদ, রিয়েল এস্টেট ইনভেস্টর নুরুল আজিম, শো-টাইম মিডিজিকের সিইও

আলমগীর খান আলম, কমিউনিটি অ্যান্ডিভিস্ট আবদুর রশীদ বাবু, রেন্ডওয়াল হক, মোস্তফা অনিক রাজ। আলোচনা সভায় এম এম শাহীন এইজ হোমকেয়ার প্রেসিডেন্ট শাহ নেওয়াজ, কণ্ঠশিল্পী বেবী নাজনীন, কণ্ঠশিল্পী রানো নেওয়াজ, লায়স ক্লাবের প্রতিষ্ঠাতা সভাপতি মো. মতিউর রহমান, কংগ্রেসম্যান প্রার্থী ডা. মুজিবুল হক, নারায়ণগঞ্জ জেলা সমিতির সাবেক আহ্বায়ক নির্মল পাল, নারায়ণগঞ্জ জেলা সমিতির সভাপতি মৌ. মজিবর, বিয়ানিবারার সমিতির সাবেক সভাপতি মাসুদুল হক ছানু, আশা হোমকেয়ারের সিইও আকাশ রহমান, কমিউনিটি অ্যান্ডিভিস্ট রকি আলীয়ান, অর্থকর্তার সম্পাদক এনামুল হক এনাম, প্রেসক্লাবের কোষাধ্যক্ষ মো. মশিউর রহমান মজুমদার, সাংবাদিক এবিএম সালাহ উদ্দিন, সংগ্রাম সিংহ, তানভির আজহার সুকি, প্রেসক্লাব সদস্য মল্লিকা খান মুনা, পাণিয়া বেগম, স্যামুয়েল স্ট্রিফেন পিনারু, সরোয়ার হোসেন, আলমগীর, মাহমুদুল হাসান পাহলভী, লিবার্টি রেনভেশনের সিইও মোহাম্মদ আজাদ, রিয়েল এস্টেট ইনভেস্টর নুরুল আজিম, শো-টাইম মিডিজিকের সিইও

সভাপতি আবু তাহের সুন্দর আয়োজনের জন্য আমেরিকা-বাংলাদেশ প্রেসক্লাবের সদস্যদের ধন্যবাদ জানান। সাংবাদিক দর্পণ কবীর বলেন, প্রবাসীদের স্বার্থ সংরক্ষণের বিষয়ে সংলাপ জরুরি। ক্লাব সভাপতি মোহাম্মদ সাঈদ বলেন, সাংবাদিক সমাজকে নিয়ে আমাদের ইফতার আয়োজন। দুই বছর না করতে পারায় এখন প্রতিদিনই একাধিক ইফতার হচ্ছে।

সাধারণ সম্পাদক মনজুরুল হক বলেন, পেশাগত দায়িত্ব পালনের সময় বিশ্বায়ন অনেক সাংবাদিক নির্যাতিত হয়েছেন, আহত ও নিহত হয়েছেন। যারা পৃথিবী ছেড়ে চলে গেছেন তাঁদের আত্মার শান্তি কামনা করি। অনুষ্ঠানে মোহাম্মদ আজাদ, রিয়েল এস্টেট ইনভেস্টর নুরুল আজিম, শো-টাইম মিডিজিকের সিইও



ব্রংকসের একটি রেস্টুরেন্টে আয়োজিত হয় দিরাই এসোসিয়েশনের ইফতার ও দোয়া মাহফিল। ছবি: প্রথম আলো

## দিরাই এসোসিয়েশনের ইফতার

### উত্তর আমেরিকা অফিস

ধর্মীয় ভাবগম্ভীর পরিবেশে দিরাই এসোসিয়েশন অব ইউএসএ ইনকের ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

১১ এপ্রিল সোমবার ব্রংকসের নীরব রেস্টুরেন্টে আয়োজিত এই মাহফিলে সভাপতিত্ব করেন দিরাই এসোসিয়েশন অব ইউএসএ ইনকের সভাপতি মোশাহিদ চৌধুরী। সঞ্চালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক মোতাহার রুবেল।

উপস্থিত ছিলেন উপদেষ্টা ছদরুন নূর, আবুল কালাম আজাদ, আব্দুল কাহার চৌধুরী, গোলাম রাব্বানী চৌধুরী, জালালাবাদ এসোসিয়েশনের মইনুল হক চৌধুরী, আহবাব চৌধুরী খোকন, মিজানুর রহমান চৌধুরী, কমিউনিটি নেতা আব্দুল হাসিম হাসান, জুনেদ চৌধুরী, সেবুল খান মাহবুব, জামাল হুসেন, মখন মিয়া, এডভোকেট আলীউদ্দিন আহমেদ, সাইদুর রহমান লিঙ্কন। বাংলাবাজার জামে মসজিদের খতিব মাওলানা আবুল কাশেম মোহাম্মদ ইয়াহইয়া ও নিউবোস্ট জামে মসজিদের খতিব মাওলানা আজির উদ্দিন রমজানের তাৎপর্য নিয়ে আলোচনা ও দোয়া পরিচালনা করেন।

## বিশ্বজিত সাহা গ্রেপ্তার প্রসঙ্গে

### রওশন হক

নিউইয়র্কে মুক্তধারার কর্তৃপক্ষ বিশ্বজিত সাহা গ্রেপ্তার হয়েছেন বলে একটি খবর গত কয়েকদিন থেকে পত্রিকা ও সামাজিক যোগাযোগের মাধ্যমে প্রকাশিত হচ্ছে।

খোঁজ নিয়ে জানা গেছে, বিশ্বজিত সাহাকে অপরাধ আইনে দায়েরকৃত মামলার পরবর্তী কার্যক্রমের জন্য ২০ এপ্রিল আদালতে উপস্থিত থাকার জন্য নির্দেশ দেয়া হয়েছে। নিউইয়র্কে বইমেলাসহ নানা সাংস্কৃতিক আয়োজনের দীর্ঘদিন থেকে সক্রিয় বিশ্বজিত সাহার বিরুদ্ধে এক নারী সম্প্রতি নিউইয়র্কের আদালতে মামলা করেন। মামলায় মার্কিন ভিসা পাইয়ে দেয়ার নামে আর্থিক লেনদেনসহ বিভিন্ন অভিযোগে আদালতে প্রতিকার প্রত্যাশা করেন ভুক্তভোগী এক নারী। এমন অভিযোগকে বইমেলা বন্ধের ষড়যন্ত্র বলে মুক্তধারা ফাউন্ডেশনের সাথে সংশ্লিষ্ট লোকজন প্রাথমিক প্রতিক্রিয়ায় বলেছিলেন। ঢাকার বইমেলা উপলক্ষে বিশ্বজিত সাহা নিউইয়র্ক অনুপস্থিত ছিলেন। মার্চের শেষ সপ্তাহে তিনি নিউইয়র্কে ফিরে আসলে বিশ্বজিত গ্রেফতার হয়েছেন বলে গুজব ছড়িয়ে পড়ে।

প্রথম আলোর পক্ষ থেকে খোঁজ নিয়ে জানা গেছে, মামলার বাদী নারীটি বিশ্বজিত সাহার নামে অপরাধ আইনে পুলিশের কাছে অভিযোগ করলে বিষয়টি নিয়ে তদন্ত শুরু হয়েছে। দেশে ফিরে ৩১ মার্চ তিনি প্রিসংক্টে



### বিশ্বজিত সাহা

যোগাযোগ করে নিজের অবস্থান ব্যাখ্যা করেন। অপরাধ আইনে আনা অভিযোগের প্রক্রিয়া অনুযায়ী বিশ্বজিত সাহাকে গ্রেফতার দেখানো হয়। কয়েক ঘণ্টা পর তাঁকে ২০ এপ্রিল আদালতে উপস্থিত থাকার নির্দেশ দিয়ে জামিনে ছেড়ে দেয়া হয়েছে।

বইমেলা উপলক্ষে লেখক-প্রকাশকদের ভিসা পাইয়ে দেয়ার নামে বিশ্বজিত ঢাকা হাতিয়ে নেয়ার অভিযোগকে মিথ্যা ও ভিত্তিহীন বলে উল্লেখ করেছেন বইমেলা সংশ্লিষ্ট বিশিষ্টজনরা। তাকে গ্রেপ্তার করা হয়নি এবং ঢাকার লেনদেনের এই অভিযোগকে বইমেলা বন্ধের ষড়যন্ত্র বলে মুক্তধারা ফাউন্ডেশনের সাথে সংশ্লিষ্টরা প্রাথমিক প্রতিক্রিয়ায় বলেছেন। অপরাধ আইনের মামলা নিয়ে তদন্ত ও বিচার চলমান অবস্থায় বাদী বা বিবাদী কোনো পক্ষই মামলা নিয়ে কোনো মন্তব্য করতে অপারগতার কথা জানান।

# নিউইয়র্ক পুলিশের গর্বিত অফিসার লেফট্যানেন্ট সাজেদুর রহমান

### এস এম হক

বিশ্বের সর্ববৃহৎ পুলিশ বাহিনী নিউইয়র্ক পুলিশ। এই বাহিনীতে অত্যন্ত সুনাম ও দক্ষতার সাথে কাজ করে যাচ্ছেন হাজারো বাংলাদেশি। দিনদিন এই সংখ্যা বেড়েই চলেছে। মেধা ও যোগ্যতায় এ বিভাগের গুরুত্বপূর্ণ পদগুলোয় অধিষ্ঠিত হয়েছেন বাংলাদেশিরা। ১০ এপ্রিল রোববার নিজ বাসভবনে এসব কথা বলেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাবেক মেধাবী ছাত্র লেফটেন্যান্ট সাজেদুর রহমান। বর্তমানে তিনি নিউইয়র্ক পুলিশ বিভাগের (এনওয়াইপিডির) ইকুয়াল এমপ্লয়মেন্ট অপরচুনিটি (ই.ই.ও) ডিভিশনে কোভিড ১৯ ভ্যাকসিন ছাড়পত্র অনুরোধের তত্ত্বাবধায়ক হিসেবে কর্মরত।

নিউইয়র্ক পুলিশে বাংলাদেশিদের নেতৃত্ব, পদায়ন, যোগ্যতা, কাজের স্বীকৃতি এবং বহির্বিশ্বের সাথে তাল মিলিয়ে বাংলাদেশ পুলিশের আধুনিকায়ন সম্পর্কে নিজের অভিমত ব্যক্ত করেন তিনি। পাঠকদের জন্য তা তুলে ধরা হলো:

**প্রশ্ন:** নিউইয়র্ক পুলিশ বিভাগে নিজেকে কীভাবে মূল্যায়ন করেন?

**লে. সাজেদুর রহমান:** বিশ্বের অন্যতম পুলিশ সংস্থা এনওয়াইপিডি। এই সংস্থাটি গত ১৮০ বছর ধরে বিশ্বের বাণিজ্যিক রাজধানী ধ্যাত নিউইয়র্ক সিটির সেবা করে আসছে। একজন পুলিশ অফিসার হওয়া সহজ নয়। কিন্তু আমাদের পেশা নিয়ে গর্বিত হওয়া উচিত কারণ আমরাই আমাদের নিউইয়র্কবাসীর নিরাপত্তা প্রদান করে থাকি। এই সংস্থাটি নিরপেক্ষ, যা কিনা প্রত্যেকের যোগ্যতাকে সমান গুরুত্ব দেয়। আমি সত্যিই ভাগ্যবান এবং এই বৃহৎ প্রতিষ্ঠানের একজন লেফটেন্যান্ট হতে পেরে সম্মানিত।

**প্রশ্ন:** অনেক পেশা থাকতে পুলিশ হিসেবে কেন পেশা হিসেবে বেছে নিলেন?

| ★ Personal Injury & Workers Compensation (Recovery over 3 million dollar)<br>★ Car Accidents<br>★ Medical Mal Practice<br>★ Accident in Construction<br>★ Lead Poisoning<br>★ Slip and Fall<br>★ Dental Mal Practice | ★ Immigration all kinds &<br>★ Green Card via employment & Investments<br>★ Real Estate & Business Closings<br>★ Non payment or no over time payment<br>★ Will, Trust and Estate Planning<br>★ Bankruptcy, Landlord-Tenant<br>★ Family Matter-Divorce<br>★ All Civil Matters |
|----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|

"Prior results do not guarantee a similar outcome"

Queens: 146-10 Hillside Ave, 2nd Fl. Jamaica, NY 11432  
Long Island: 405 Elm Dr, Roslyn, NY 11576

Ph# 917-285-6247  
E-mail: abmostofa1@gmail.com

### বড়ি বিক্রয়ের সুযোগ্য ও বিশ্বস্ত সাথী

সর্বোচ্চ মূল্যে বিক্রির নিশ্চয়তা - দীর্ঘ বহুকা মটগোজ / ফরকোজার মামলার বড়ি বিক্রয়ে বিশেষ অভিজ্ঞ

**Attorney Realty Inc.**  
Regulated by Experienced Real Estate Attorney

### REAL ESTATE SALESPERSONS

|                                             |                                                  |                                                    |
|---------------------------------------------|--------------------------------------------------|----------------------------------------------------|
| <br>MOSHARRAF HOSSAIN<br>Cell: 347-307-1406 | <br>ADVOCATE NO NURUZZAMAN<br>Cell: 347-469-9268 | <br>ADVOCATE MOHAMMAD HASHEM<br>Cell: 646-552-2748 |
|---------------------------------------------|--------------------------------------------------|----------------------------------------------------|

## পায়ের রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

### Bangladeshi Foot Specialist

# DR. SADI ALAM, DPM

## আপনি পায়ের কোন সমস্যায় ভুগছেন?

### নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন

PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

**Jamaica Office:** 168-32 Highland Ave, Jamaica, NY 11432

|                                                                                                                                                                                                          |                                                                                                                                                                         |                                                                                                                                                                                                          |
|----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| <b>Hollis:</b><br>196-22 Hillside Ave, Hollis, NY 11423<br><b>Jackson Heights Office:</b><br>7017 37th Ave, Jackson Heights, NY 11372<br><b>Brooklyn Office:</b><br>486 McDonald Ave, Brooklyn, NY 11218 | <br><b>Alam Podiatry, P.C.</b><br>FOR APPOINTMENT<br>Phone: 347-509-4470   Fax: 646-845-1861   Email: dralamdpm@gmail.com<br><b>WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS</b> | <b>Ozone Park Office:</b><br>530 Conduit Blvd, Brooklyn, NY 11208<br><b>Bronx Office:</b><br>3099 Bainbridge Ave, Bronx, NY 10467<br><b>Parkchester Office:</b><br>1381 Castle Hill Ave, Bronx, NY 10462 |
|----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|

## সোনালী এক্সচেঞ্জের বিকাশ সার্ভিস চালু

উত্তর আমেরিকা অফিস

বাংলাদেশ সরকারের মালিকানাধীন আর্থিক প্রতিষ্ঠান সোনালী এক্সচেঞ্জ যুক্তরাষ্ট্রে বসবাসরত প্রবাসীদের সুবিধার কথা চিন্তা করে বাংলাদেশে বিকাশ অ্যাকাউন্টে টাকা পাঠানোর সেবা চালু করেছে। বিভিন্ন ব্যাংক অ্যাকাউন্টে এবং ক্যাশ পিকআপের মাধ্যমে প্রবাসী আয় বাংলাদেশে পাঠানোর সুবিধা থাকা সত্ত্বেও দীর্ঘদিন ধরে চাহিদা থাকত বিকাশ অ্যাকাউন্টে কীভাবে টাকা পাঠানো যায়? বাংলাদেশের শহর-গ্রাম সর্বত্রই বিকাশ অর্থ লেনদেনের একটি জনপ্রিয় মাধ্যম। বিকাশের মাধ্যমে বিদেশ থেকে টাকা প্রেরণের ব্যবস্থা সম্পূর্ণ বৈধ এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত। তাই বিকাশের সাথে সোনালী ব্যাংকের এক চুক্তির মাধ্যমে সোনালী ব্যাংকের একটি অঙ্গপ্রতিষ্ঠান হিসেবে সোনালী এক্সচেঞ্জ চালু করেছে এ সেবা। এখন থেকে যে কেউ সোনালী এক্সচেঞ্জে গিয়ে গ্রাহকের নাম এবং বিকাশ অ্যাকাউন্ট নম্বর দিয়ে বাংলাদেশে টাকা পাঠাতে পারবেন।

এর জন্য সোনালী এক্সচেঞ্জ অতিরিক্ত কোনো সার্ভিস চার্জ নেবে না। বিকাশের মাধ্যমে টাকা পৌঁছে যাবে অতি দ্রুত। টাকার রেটও থাকবে সকল ব্যাংকের মতো সমান। আর সরকার প্রদত্ত ২.৫% প্রণোদনাও নিশ্চিত পাবে। প্রাপক ব্যাংক না গিয়েও নিকটবর্তী বিকাশ এজেন্টের কাছে থেকে টাকা তুলতে পারবেন বা অন্যান্য লেনদেন করতে পারবেন। প্রতি লেনদেনে প্রেরণের সর্বোচ্চ সীমা ১ লাখ ২০ হাজার টাকা (পরিবর্তনযোগ্য) ও মাসে সর্বোচ্চ ৪ লাখ টাকা (পরিবর্তনযোগ্য)। এ জন্য প্রাপকের মোবাইল নম্বরটি বিকাশে অবশ্যই রেজিস্টার্ড হতে হবে। প্রবাসী ভাই-বোনদের সবচেয়ে পুরোনো ও বিশ্বস্ত বন্ধু হিসেবে সোনালী এক্সচেঞ্জ এই সার্ভিস চালু করতে পেরে খুবই আনন্দিত বলে এক বিবৃতিতে জানানো হয়েছে।



পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন এবং যুক্তরাষ্ট্রের উপপররাষ্ট্রমন্ত্রী ওয়েন্ডি শেরম্যানের সাক্ষাৎ। ছবি: সংগৃহীত

## যুক্তরাষ্ট্রের উপপররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে পররাষ্ট্রসচিবের সাক্ষাৎ

উত্তর আমেরিকা অফিস

পররাষ্ট্রসচিব মাসুদ বিন মোমেন ৭ এপ্রিল বৃহস্পতিবার ওয়াশিংটন ডিসিতে মার্কিন পররাষ্ট্র দফতরে মার্কিন উপপররাষ্ট্রমন্ত্রী ওয়েন্ডি শেরম্যানের সঙ্গে দেখা করেন। বৈঠকের শুরুতে যুক্তরাষ্ট্রের উপ-পররাষ্ট্রমন্ত্রী মহামারি পরিস্থিতিতে ৬ শতাংশ প্রবৃদ্ধি, জাতিসংঘ শান্তিরক্ষায় বলিষ্ঠ ভূমিকা, জলবায়ু পরিবর্তন কার্যক্রম এবং রোহিঙ্গা সংকটে বাংলাদেশের প্রশংসা করেন। পররাষ্ট্রসচিব মাসুদ মার্কিন সরকারকে কোভিড-১৯ ভ্যাকসিনের ৬১ মিলিয়ন ডোজ প্রদানের জন্য ধন্যবাদ জানান এবং মহামারি চলাকালীন জীবন-জীবিকার মধ্যে ভারসাম্য বজায় রাখার জন্য সরকারের পদক্ষেপের বিশদ বিবরণ দেন। তিনি বলেন, পররাষ্ট্রমন্ত্রী এবং তাঁর সফরে নিরাপত্তা সংলাপের সময়সহ দু'পক্ষের মধ্যে অত্যন্ত গঠনমূলক আলোচনা হয়েছে, যা ঘনিষ্ঠ সম্পর্ক অব্যাহত রাখার জন্য গুরুত্বপূর্ণ। বাংলাদেশের পররাষ্ট্রসচিব র্যাভের ওপর নিষেধাজ্ঞার বিষয়টি উত্থাপন করেন এবং বাংলাদেশের উদ্বেগ প্রকাশ করেন যে এটি সন্ত্রাসবাদ, সহিংস চরমপন্থা এবং

আন্তর্জাতিক অপরাধ মোকাবেলায় বাংলাদেশের প্রচেষ্টাকে ক্ষতিগ্রস্ত করতে পারে। তিনি তাগিদ দিয়েছেন যে, সংস্থা এবং ব্যক্তিদের তালিকাভুক্তির আইনপ্রক্রিয়া এবং সেইসাথে সরকার কর্তৃক গৃহীত প্রতিকারমূলক ব্যবস্থা মূলতুবি থাকা অবস্থায়, মার্কিন যুক্তরাষ্ট্র একটি প্রতিষ্ঠান হিসেবে র্যাভের জন্য সাময়িক ছাড় দেয়ার কথা বিবেচনা করতে পারে। মার্কিন পক্ষের প্রশ্নের জবাবে, পররাষ্ট্রসচিব ধর্মীয় সম্প্রীতিকে ক্ষুণ্ণ করা এবং নারী ও শিশুদের শিকার করাসহ সাইবার অপরাধের বিরুদ্ধে পদক্ষেপ নেয়ার জন্য ডিজিটাল নিরাপত্তা আইন (DSA) প্রণয়নের প্রেক্ষাপট বিশদভাবে ব্যাখ্যা করেছেন। তিনি জানান, সরকার আইনটি পুনর্মূল্যায়ন করতে এবং সম্ভাব্য ত্রুটিগুলো চিহ্নিত করতে ইইউর সাথে কাজ করছে। শ্রম ইস্যুতে মার্কিন প্রশ্নের জবাবে তিনি ব্যাখ্যা করেছিলেন যে, আইএলও এবং ইইউর সাথে গৃহীত রোডম্যাপ অনুসারে শ্রম পরিস্থিতির উন্নতির জন্য সরকারের সমস্ত উদ্দেশ্য রয়েছে এবং প্রস্তাব করেছিলেন যে মার্কিন যুক্তরাষ্ট্রও এতে যোগ দিতে পারে।

## চিটাগাং এসোসিয়েশনের পবিত্র ইফতার ও দোয়া মাহফিল

উত্তর আমেরিকা অফিস

১০ এপ্রিল রোজ রবিবার চিটাগাং এসোসিয়েশন অব নর্থ আমেরিকা ইনক'এর বার্ষিক ইফতার ও দোয়া মাহফিল ব্রুকলিনের রাধুনি রেস্তোরাঁতে মিলনাতনে অনুষ্ঠিত হয়। বিপুল সংখ্যক প্রবাসী চট্টগ্রামবাসী এতে উপস্থিতি ছিলেন।

মাহফিলে সংগঠনের সভাপতি হাজী মনির আহমেদের সভাপতিত্বে, সাধারণ সম্পাদক মোঃ সেলিমের পরিচালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মুফতি সৈয়দ আনসারুল করিম আল আজহারী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে শুভেচ্ছা বক্তব্য রাখেন

প্রধান নির্বাচন কমিশনার মোঃ হাসান চৌধুরী, নির্বাচন কমিশনার আবু তালেব চৌধুরী চান্দু, নির্বাচন কমিশন সচিব মোর্শেদ রেজভী চৌধুরী, সাবেক সভাপতি কাজী শাখাওয়াত হোসেন আজম, সাবেক কমিশনার গোলাম ছামদানী, সাবেক প্রধান নির্বাচন কমিশনার সৈয়দ এম. রেজা, নির্বাচন কমিশনার জাহাঙ্গীর আলম।

আরো বক্তব্য রাখেন বাংলাদেশের সুনামধন্য সংগীত শিল্পী বেবী নাজনীন। সাবেক কোষাধ্যক্ষ ও সদস্য আবু তাহের, সাবেক নির্বাচন কমিশনার ও সদস্য মাকসুদ এইচ চৌধুরী। সিনিয়র সহ সভাপতি মোঃ মাসুদ হোসেন সিরাজী। সাদ্বীপ সমিতির সাবেক

সভাপতি ফিরোজ আহমেদ, ফেনী

সমিতির সাবেক সভাপতি জসিম ভূঞা, ছগির আহমেদ, মীরশুহাই সমিতির উপদেষ্টা কৌসার চৌধুরী, ইফতার কমিটির আহ্বায়ক মোঃ আরিফুল ইসলাম, শুভেচ্ছা বক্তব্যের পর পর পবিত্র কোরআন তেলওয়াতের মাধ্যমে প্রধান অতিথি সৈয়দ আনসারুল করিম পবিত্র রমজানের ফজিলতের উপর বিশেষ আলোচনা করেন এবং নবী করিম (সাঃ) উপর দরুদ পাঠ এবং মিলাদ শরীফ পালন করেন।

উপস্থিত অতিথির বক্তব্যে বলেন, আজ চট্টগ্রাম সমিতির ইফতার পাঠির বাধা সৃষ্টি করার জন্য নামদারী কিছু মুসলিম পেইজবুক পোস্ট দিয়ে ইফতার পাঠিতে লোকে সমাগম না আসার জন্য।

## জাতিসংঘে বিশ্ব অটিজম সচেতনতা দিবস উদযাপন

উত্তর আমেরিকা অফিস

বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. এ. কে. আব্দুল মোমেন বলেছেন, বিশ্বের ৭৫ মিলিয়নের বেশি অটিস্টিক মানুষ যাতে তাদের প্রতিভাকে সর্বোত্তমভাবে কাজে লাগাতে পারে এবং সমাজে যাতে পূর্ণভাবে অংশগ্রহণ করতে পারে তা নিশ্চিতে আমরা আমাদের প্রতিশ্রুতি পূর্ববাক্ত করছি।

৭ এপ্রিল বৃহস্পতিবার জাতিসংঘ সদরদপ্তরে বিশ্ব অটিজম সচেতনতা দিবস উপলক্ষে আয়োজিত এক ভার্চুয়াল ইভেন্টে উদ্বোধনী বক্তব্যে একথা বলেন তিনি। জাতিসংঘস্থ বাংলাদেশ ও কাতার স্থায়ী মিশন, বিশ্বস্বাস্থ্য সংস্থা ও অটিজম স্পিস্প্রস যৌথভাবে ইভেন্টটির আয়োজন করে।

ড. মোমেন কোভিড-১৯ অতিমারির সময়ে অটিজম আক্রান্ত শিশু ও তাদের পরিবারবর্গের জন্য বিশেষ সহায়তা পদক্ষেপ গ্রহণ ও তথ্যপ্রযুক্তির ব্যবহারসহ বাংলাদেশের উত্তম অনুশীলনগুলো তুলে ধরেন।

বাংলাদেশ ও দক্ষিণ এশিয়ায় অটিজম বিষয়ক সচেতনতা বৃদ্ধির জন্য বাংলাদেশের অটিজম বিষয়ক জাতীয় উপদেষ্টা কমিটির চেয়ারপারসন ও দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলের বিশ্বস্বাস্থ্য সংস্থার অটিজম বিষয়ক শুভেচ্ছা দূত সাইমা হোসেনের অসাধারণ ভূমিকার প্রশংসা করেন তিনি।

পররাষ্ট্রমন্ত্রী আশা প্রকাশ করেন, অটিস্টিক ব্যক্তিবর্গের সর্বোত্তম জীবনযাপনের সুযোগ করে দিতে সমাজ আরও উদারভাবে এগিয়ে আসবে, যেখানে অর্ন্তভুক্তিমূলক ডিজিটাল প্রযুক্তির ব্যবহার ব্যাপক ভূমিকা রাখবে।

উদ্বোধনী অংশে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ছাড়াও বক্তব্য রাখেন কাতারের সামাজিক উন্নয়ন ও পরিবারমন্ত্রী মরিয়ম বিনতে আলী বিন নাসার আল-মিসনাদ, জাতিসংঘের গ্লোবাল কমিউনিকেশন বিভাগের আন্ডার সেক্রেটারি জেনারেল মেলিসসা ফ্লেমিং, জাতিসংঘের ডেসার পরিচালক ড্যানিয়েলা ব্যাস প্রমুখ।

## টিকা না নেওয়ায় অপসারণের মুখে বিচারক জেনি রিভেরা

করোনার টিকা

রোকিয়া দীপা

কোভিড টিকা দিয়ার বাধ্যবাধকতা পালন না করায় নিউইয়র্ক আদালতের উচ্চপর্যায়ের এক বিচারককে চাকরি হারাতে হচ্ছে। বিচারক জেনি রিভেরা নিউইয়র্ক আপিল কোর্টের সাত বিচারকের একজন। মর্যাদা ও ক্ষমতার দিক থেকে আপিল কোর্ট ইউএস সুপ্রিম কোর্টের সমান। ভ্যাকসিন মেডেট কার্যকর হওয়ার পর থেকে বিচারক জেনি রিভেরা রিমেট কাজ করে আসছেন। ভ্যাকসিন ম্যান্ডেট আইনের অনুসরণ না করার জন্য নিউইয়র্কের চারজন বিচারককে চাকরি থেকে অপসারণের নথি রাজ্যের জুডিশিয়াল কন্ডাক্ট কমিশনের কাছে পাঠানো হয়েছে।

নিউইয়র্ক রাজ্যের আদালত ব্যবস্থাপনার মুখপাত্র লুসিয়ান চালফ্যান বলেন, 'আমরা পরিস্কার করে জানিয়েছি আদালতের সব কর্মীদের ভ্যাকসিন বাধ্যতামূলক আইন মেনে কাজ করতে হবে। এর অন্যথা হলে জুডিশিয়াল কমিশন যথাযত পদক্ষেপ গ্রহণ করবে।'

বিচারক জেনি রিভেরার বিষয়ে জিজ্ঞাসা করা হলে মুখপাত্র চালফ্যান বলেন, তিনি ভ্যাকসিন গ্রহণ করেননি।

বিচারক জেনি রিভেরাকে ২০১৩ সালে সাবেক গভর্নর এন্ড্রু ক্যুমো নিয়োগ দিয়েছিলেন। তিনি মহামারির সময় থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে আদালতের কার্যক্রম পরিচালনা করে আসছিলেন। জুডিশিয়াল কমিশনের সিদ্ধান্ত না আসা পর্যন্ত বিচারক জেনি রিভেরা কাজ চালিয়ে



বিচারক জেনি রিভেরা

যেতে পারবেন। জুডিশিয়াল কমিশনের সিদ্ধান্ত না আসা পর্যন্ত কোনো বিচারকের বিরুদ্ধে আনা অভিযোগ সম্পূর্ণ গোপন রাখা হয়। এ নিয়ে কমিশনের কোনো মন্তব্য পাওয়ারও সুযোগ নেই।

নিউইয়র্ক রাজ্যের জুডিশিয়াল কমিশন গঠন হওয়ার পর ১৯৭৮ সাল থেকে এমন ৯১২ জন বিচারকের বিষয়ে সিদ্ধান্ত নিতে হয়েছে। এর অধিকাংশই ছিল নিম্নপর্যায়ের আদালতের বিচারকদের নিয়ে। ভিলেজ কোর্ট, কাউন্টি কোর্ট — এসব আদালতের বিচারকদের নিয়ে নেয়া সিদ্ধান্তে এখন পর্যন্ত জুডিশিয়াল কমিশন ১৭৬ জন বিভিন্ন পর্যায়ের বিচারককে অপসারণ করেছে এবং ৩৪২ জন বিচারককে বিচারিক কার্যক্রম থেকে বিরত রাখার সিদ্ধান্ত দিয়েছে। রাজ্যের ভ্যাকসিন আইন না মানার কারণে বিচারক জেনি রিভেরা অপসারিত হলে এক্ষেত্রে নিউইয়র্কের জুডিশিয়াল কমিশনের সিদ্ধান্তে প্রথম একজন উচ্চপর্যায়ের বিচারকের উপসারণের ঘটনা ঘটবে বলে মনে করা হচ্ছে।



আটলান্টিক সিটিতে ১০ এপ্রিল রাম নবমী উৎসব পালিত হয়। ছবি: সংগৃহীত

## আটলান্টিক সিটিতে রাম নবমী উৎসব

সূত্রত চৌধুরী, আটলান্টিক সিটি

আটলান্টিক সিটিতে রাম নবমী উৎসব পালিত হয়েছে। ১০ এপ্রিল রোববার সন্ধ্যায় আটলান্টিক সিটির প্রবাসী হিন্দু সম্প্রদায়ের উদ্যোগে ৩০১৭ ল্যান্ডমার্ক কোর্ট ভেন্যুতে বিভিন্ন ধর্মীয় আচার-অনুষ্ঠানের মধ্যদিয়ে রাম নবমী উৎসব পালিত হয়। রাম নবমী উৎসবের বিভিন্ন আয়োজনের মধ্যে ছিল পূজা-অর্চনা, রামায়ণ পাঠ, কথামালা, কীর্তন ইত্যাদি।

হিন্দুদের একটি গুরুত্বপূর্ণ উৎসব রাম নবমী। চৈত্র মাসের শুক্লপক্ষের নবমীর

দিন এই উৎসব পালিত হয়। প্রচলিত বিশ্বাস অনুযায়ী, ত্রেতা যুগে অযোধ্যার রাজা দশরথ ও রানি কৌশল্যার পুত্র হিসেবে রামচন্দ্র এদিনই জন্মগ্রহণ করেন। রামচন্দ্রের জন্মদিন উদযাপন করা হয় এদিন।

হিন্দু ধর্মাবলম্বীদের কাছে রাম, বিষ্ণুর সপ্তম অবতার, ভগবান বিষ্ণুর মানবীয় রূপের প্রাচীনতম অবতার। তিনি মর্যাদা পুরুষোত্তম হিসেবেও খ্যাত। রাম নবমী পালন করার মূল উদ্দেশ্য হলো অধর্মকে নিক্ষেপ করে ধর্মকে স্থাপন করা। মন্দ শক্তির বিনাশ করে শুভশক্তির সূচনা করা।



# QA

TEK SOLUTIONS

An Information Technology Company

### What We Offer:

- Professional IT Courses
- Resume Build Up
- Job Assistance
- Website Design
- IT Consultancy

### Most Popular IT Courses:

- Software Testing with Selenium & Accessibility Testing
- Data Analysis With Power BI

### Get The Job You Deserve:

- Interactive Training Courses
- Guaranteed Job Assisance
- Onsite & Online Classes
- Weekdays & Weekend Sessions
- Student Support Session

ADMISSION GOING ON

QA TEK Solutions Inc.

GET A JOB WITH \$80K PLUS SALARY!

NO IT EXPERIENCE REQUIRED!

WE PROVIDE GUARANTEED JOB ASSISTANCE

New York: 89-16 175 St., CF-4, Jamaica, NY 11432 ~ Cell: (347) 259-1930 / (347) 658-9284

Virginia: 6 Pidgeon Hill Drive, Suite 220, Sterling, VA 20165 ~ Cell: (571) 457-0371

Email: admin@gateksolutions.com Website: www.gateksolutions.com

# প্রথম কৃষাঙ্গ নারী বিচারপতি হলেন

**প্রথম পৃষ্ঠার পর**

৭ এপ্রিল বৃহস্পতিবার সিনেট ফ্লোরে ভোটে তাঁর মনোনয়ন নিশ্চিত করা হয়। কেতানজি ব্রাউন জ্যাকসন এখন যুক্তরাষ্ট্রের সর্বোচ্চ আদালতে প্রথম আফ্রিকান-আমেরিকান বা প্রথম কৃষাঙ্গ নারী বিচারপতি।

ভোটাত্ত্বটির ঐতিহাসিক মুহূর্তটিতে সভাপতিত্ব করেছেন যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস। কেতানজি ব্রাউন জ্যাকসনের পক্ষে রিপাবলিকান সিনেটর সুসান কলিস, লিসা মুরকোন্সি এবং মিট রমনি ভোট দিয়েছেন। যুক্তরাষ্ট্রের সুপ্রিমকোর্টে বিচারপতি নিয়োগ প্রশ্নে গত মাসে সিনেট জুডিশিয়ারি কমিটির সামনে চার দিন ধরে শুনানি হয়। তখন ডেমোক্রাটরা ৫১ বছর বয়সী কেতানজির অভিজ্ঞতা ও গভীর প্রজ্ঞার প্রশংসা করেছিলেন। কেতানজি প্রায় ১০ বছর ধরে

ফেডারেল ও আপিল বিভাগে বিচারক হিসেবে কাজ করেছেন। গত ফেব্রুয়ারিতে প্রেসিডেন্ট জো বাইডেন তাঁকে ৮৩ বছর বয়সী বিচারপতি স্টিফেন ব্রেয়ারের স্থলে মনোনীত করেন।

টেলিভিশনে বিচারপতি নিয়োগের ভোট দেখার জন্য কেতানজিকে হোয়াইট হাউসে আমন্ত্রণ জানিয়েছিলেন প্রেসিডেন্ট জো বাইডেন। ভোটে কেতানজির মনোনয়ন নিশ্চিত হওয়ার পর জো বাইডেন টুইটারে একটি হাস্যোজ্জ্বল ছবি পোস্ট করেন। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট টুইটারে লিখেছেন, কেতানজির মনোনয়ন নিশ্চিতকরণ ছিল আমাদের জাতির জন্য একটি ঐতিহাসিক মুহূর্ত। আমরা আমাদের সর্বোচ্চ আদালতে যুক্তরাষ্ট্রের জনবৈচিত্র্য প্রতিফলিত করার আরেকটি পদক্ষেপ নিতে পেরেছি। তিনি একজন চমৎকার বিচারপতি হবেন এবং আমি খুবই সম্মানিত বোধ করছি যে তাঁর সঙ্গে এই ঐতিহাসিক মুহূর্ত ভাগ

করে নিতে পারছি।

উল্লেখ্য, নাগরিক সংগ্রামের মধ্যদিয়ে যুক্তরাষ্ট্রের পথপরিক্রমায় এখনও কৃষাঙ্গদের অধিকার সর্বত্র সমানভাবে প্রতিষ্ঠিত হয়নি বলে অভিযোগ ওঠে।

মার্কিন সমাজ এরমধ্যেই একজন কৃষাঙ্গকে প্রেসিডেন্ট নির্বাচিত করেছে। একজন কৃষাঙ্গ নারী এখন ভাইস প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করছেন। মার্কিন সুপ্রিমকোর্টে কৃষাঙ্গ বিচারপতির অভিষেক আগে হলেও একজন কৃষাঙ্গ নারী বিচারপতি হিসেবে কেতানজি ব্রাউন জ্যাকসনের অভিষেককে ঐতিহাসিক ঘটনা হিসেবে দেখা হচ্ছে। যুক্তরাষ্ট্রের ক্ষমতার ভারসাম্যের জন্য সুপ্রিমকোর্টে রাষ্ট্রের একটি স্তম্ভ হিসেবে কাজ করে। রক্ষণশীল ভাবধারায় বুক্কে থাকা সুপ্রিমকোর্টের উদারনৈতিক পক্ষে কেতানজি ব্রাউন জ্যাকসনের ভূমিকা থাকবে বলে নাগরিক সংগঠকরা মনে করছেন।

## বছর হবে

বিদ্যুৎকেন্দ্র নির্ধারিত সময়ের আগেই উদ্বোধন করা হয়েছে। অন্য মেগা প্রকল্পগুলোর বাস্তবায়নের কাজ দ্রুত এগিয়ে যাচ্ছে।’

মেগা প্রকল্পগুলো নিয়ে অনেকেই বিভ্রান্তি ছড়াচ্ছে মন্তব্য করে সরকারপ্রধান বলেন, ‘পদ্মা সেতু নিজস্ব অর্থায়নে নির্মিত হচ্ছে, কোনো ঋণ নেওয়া হয়নি। দেশি-বিশেষি বিশেষজ্ঞদের দ্বারা অর্থনৈতিক সমীক্ষার মাধ্যমে আমরা অন্যান্য মেগা প্রকল্পগুলো গ্রহণ করেছি।’

শুধু ঋণ নয়, বিদেশি অংশীদারত্বের ভিত্তিতে অনেক প্রকল্প বাস্তবায়িত হচ্ছে বলে জানান প্রধানমন্ত্রী। তিনি বলেন, ‘এসব প্রকল্প বাস্তবায়িত হলে আমাদের অর্থনীতির চেহারা বদলে যাবে। আমরা দেশি-বিদেশি ঋণ নিচ্ছি। তবে তা যাতে বোঝা হয়ে না উঠে সে দিকে আমাদের সতর্ক দৃষ্টি রয়েছে।’

করোনাভাইরাসের কারণে বিগত দুই বছর উন্মুক্ত স্থানে বর্ষবরণের অনুষ্ঠান না হলেও এবার সেটা হচ্ছে। তাই স্বাস্থ্যবিধি মেনে বর্ষবরণ করতে আহ্বান জানান প্রধানমন্ত্রী। তিনি বলেন, করোনাভাইরাস

# নগরপিতার ১০০দিন

**প্রথম পৃষ্ঠার পর**

এলোপাতাড়ি গুলিতে প্রতিদিন এ নগরে মানুষের প্রাণ ঝরছে। নগরের ট্রেন চলাল এলাকা গৃহহীনদের দখলে। পুলিশ সংস্কার, নাগরিক অধিকার, জননিরাপত্তা নিশ্চিত করা, অপরাধের কারণে গ্রেফতার হওয়া লোকজনের জামিন পাওয়া নিয়ে বিভক্ত জনসমাজ। মহামারিতে বিপর্যস্ত নগরে আবার চাঞ্চল্য ফিরিয়ে আনার চ্যালেঞ্জ নিয়ে এরিক অ্যাডামস যাত্রা শুরু করেছিলেন। ১০০ দিনের নগর প্রশাসনে অনেক কথাই হয়েছে। কথার চেয়ে এখনও দৃশ্যমান কাজ হয়নি বলে অভিযোগ উঠেছে। নগরপিতা এরিক অ্যাডামস একদিনের জন্যও বিশ্রাম নেয়ার অবকাশ পাননি। নগরের অপরাধ নিয়ন্ত্রণসহ জমে ওঠা নানা সমস্যা সমাধানে গত ১০০ দিনই তাঁকে জনগণের দিশে দেখা গেছে। ১০০ দিনপূর্তির দিনে মেয়র অ্যাডামসের করোনা আক্রান্ত হওয়ার খবর বেরিয়েছে। আপাতত জনসংযোগ এড়িয়ে থাকলেও নগর প্রশাসনের কাজ করছেন তিনি কোয়ারেন্টিনে থাকা অবস্থায়ই।

নিউইয়র্ক টাইমসের এক প্রতিবেদনে বলা হয়েছে, কর্মপাগল মেয়র অ্যাডামস দিনে ৪ ঘণ্টার বেশি ঘুমানোর সুযোগ পাননি। ক্ষমতাগ্রহণের পর দ্রুততার সাথে আয়োজ্ঞস্ত নিয়ন্ত্রণের জন্য নিউইয়র্ক পুলিশে বিশেষ দল গঠন করেছেন। দ্রুততার সাথে এসব পুলিশ কর্মকর্তাকে প্রশিক্ষণ দিয়ে ঝুঁকিপূর্ণ এলাকায় মাঠে নামিয়েছেন। নগরীর সর্বত্র ছড়িয়ে থাকা গৃহহীনদের অপসারণ করার প্রক্রিয়া চলছে।

নিউইয়র্ক নগরের ট্রেন কার্যত গৃহহীনদের দখলে চলে গিয়েছিল। গ্লাটফর্ম থেকে শুরু করে ট্রেনের বগিতে শুয়ে-বসে থাকা গৃহহীনদের আশ্রয়কেন্দ্রে নিয়ে যাওয়ার কার্যক্রম শুরু হয়েছে। এখানে-ওখানে তাঁরু খাঁটিয়ে আস্তানা গাড়া গৃহহীনদের আশ্রয়কেন্দ্রে স্থায়ী করা এখনও তাঁর প্রশাসনের জন্য বড় চ্যালেঞ্জ।

গত সপ্তাহে পুলিশ কমিশনারের

দেয়া তথ্যে বলা হয়, নিউইয়র্ক নগরের অপরাধ আগের বছরের তুলনায় ৩৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে। মেয়র এডামস নিজেই বলেছেন, নিউইয়র্ক নগরের অর্থনৈতিক চাঞ্চল্যের জন্য পর্যটকদের আগমন বড় একটি খাত। গৃহহীনদের আশ্রয় কেন্দ্রে না নিয়ে গেলে। নগর পরিছন্ন না করা গেলে পর্যটকদের কাছে নিউইয়র্ক আকর্ষণ হারাবে।

মহামারি-পরবর্তী কর্মহীনতা সামাল দেয়ার চেষ্টা অব্যাহত রয়েছে। মেয়র অ্যাডামস আসছে গ্রীষ্মে এক লাখের বেশি যুব-তরুণদের জন্য কাজের কর্মসূচি গ্রহণ করেছেন। যুব-তরুণদের ব্যাপকভাবে কাজে নিযুক্ত করতে পারলে নগরের অপরাধ কমে আসবে বলে আশা করা হচ্ছে।

এরইমধ্যে আগ্নেয়াস্ত্র নিয়ন্ত্রণের জন্য নিউইয়র্ক পুলিশের বিশেষ দল মাঠে নেমেছে। বৈধ-অবৈধ আগ্নেয়াস্ত্র নিয়ে মার্কিন সমাজে জ্বলছে বিরাট সমস্যা। একা এক নগরের মেয়র আগ্নেয়াস্ত্রের নিয়ন্ত্রণে সক্ষম হবেন, এমন আশা খুবই ক্ষীণ। ফলে এখনও প্রতিদিন নগরের একাধিক অঞ্চল র্কোপে উঠছে বুলেটের আওয়াজে। একাধিক রাজপথ রঞ্জিত হচ্ছে নিরপরাধ লোকজনের রক্তে। একের পর এক শিশু-কিশোর পর্যন্ত নিহত হচ্ছে আগ্নেয়াস্ত্রের অপরাধয্মূলক ব্যবহারের কারণে। দায়িত্বপালন করতে গিয়ে দুই পুলিশ অফিসারের মৃত্যু ঘটেছে সম্প্রতি। মেয়র এরিক অ্যাডামস বলেন, ব্যবস্থা যা নেয়াই হোক, যদি ফলাফল দেখা না যায় তাহলে সবই অর্থহীন। একই কারণে নগরের কঠিন দায়িত্ব পালনের জন্য নিজের প্রতিশ্রুতি আর প্রয়াসের কথা আবার বলেছেন মেয়র অ্যাডামস তাঁর ক্ষমতার ১০০ দিন পূর্তি উপলক্ষে।

নিউইয়র্ক নগরের আইনসভা নানা কারণে বিভক্ত। অতিউদারনৈতিক পক্ষের সাথে তাঁর দূরত্ব অনেকটাই প্রকাশ্য। নগরের আবাসিক সমস্যার সমাধান, পর্যাপ্ত শাস্রয় আবাসনের ব্যবস্থা করা, জামিন সংস্কার ও পুলিশের কাজ নিয়ে

নগর আইনসভার সদস্যদের ভিন্ন ভিন্ন মত রয়েছে। নিশ্চিত আবসনের ব্যবস্থা গ্রহণ না করে গৃহহীন লোকজনকে সরিয়ে দেয়ার আগ্রাসী উদ্যোগের অনেকেই বিরোধিতা করছেন। জামিন সংস্কারের নামে জনহয়রানি বৃদ্ধি নিয়ে সতর্কতা উচারণ করা হচ্ছে নাগরিক সংগঠকদের পক্ষ থেকে।

নিউইয়র্ক পুলিশের সাবেক কর্মকর্তা মেয়র এরিক অ্যাডামস এবং পুলিশ সংস্কারের জন্য ব্ল্যাক লাইভস ম্যাটার আন্দোলনের সর্মকদের মধ্যেও মতবিরোধ রয়েছে। সহজেই জামিন পাওয়ার কারণে অপরাধীরা জেল থেকে বেরিয়েই আবার অপরাধে নেমে পড়ছে। জামিন আইনের কড়াকড়ির মাধ্যমে অপরাধ নিয়ন্ত্রণ না করে অপরাধ প্রতিরোধে সামাজিক কর্মসূচি গ্রহণ করার জন্য উদারনৈতিক পক্ষগুলোর চাপ অব্যাহত রয়েছে।

আগের মেয়র বিল ব্লাজিওর সাথে রাজ্য সরকারের সম্পর্ক ভালো ছিল না। বিল ব্লাজিও এবং গভর্নর এন্ড্রু ক্যুমোর মধ্যে রাজনৈতিক সংঘাত প্রকাশ্য হয়ে উঠেছিল। এক্ষেত্রে বর্তমান রাজ্য গভর্নর কার্ণি হকুলের নামে মেয়র এরিক অ্যাডামস অনেকটাই ভালো সম্পর্ক তৈরি করেছেন। তাঁর সর্বোচ্চ চেষ্টা করলেও ফলাফল দেখার জন্য ক্ষমতার প্রথম ১০০ দিন বেশি সময় নয় বলেই লোকজন মনে করছে। এরিক অ্যাডামস নিজেও বলেছেন, সমস্যার মধ্যেই কাজ করে যাওয়ায় তিনি অভ্যস্ত। নাগরিকদের প্রতি দেয়া তাঁর প্রতিশ্রুতি থেকে তিনি সরে আসেননি এবং নিউইয়র্ক নগরবাসীর জীবনমানের উন্নয়ন নিশ্চিতে তাঁর প্রয়াস অব্যাহত থাকবে বলে জানান মেয়র এরিক অ্যাডামস।

# রিপাবলিকান দলে এখনও জনপ্রিয়

**প্রথম পৃষ্ঠার পর**

জনমত জরিপে দেখা গেছে, ব্যাটলগ্রাউন্ড রাজ্যগুলোতে রিপাবলিকানদের মধ্যে ট্রাম্পের জনপ্রিয়তার কোনো ভাটা পড়েনি। জর্জিয়া, নর্থ ক্যারোলিনা, ওহাইও এবং পেনসিলভানিয়া রাজ্যে জরিপের ফলাফল অনুযায়ী পাঁচজন রিপাবলিকানের মধ্যে চারজনই ট্রাম্পের সমর্থক বলে দেখা গেছে। মধ্যবর্তী নির্বাচনের আগে জরিপের এমন অনুকূল ফল রিপাবলিকান দলে ট্রাম্প সমর্থকদের জন্য উদ্দীপনার বলে মনে করা হচ্ছে। মর্নিং কনসাল্ট নামের প্রতিষ্ঠান এই জরিপ পরিচালনা করেছে।

জর্জিয়া রাজ্যে জনমত জরিপে ৮৬ শতাংশ এবং নর্থ ক্যারোলিনায় ৮৭ শতাংশ, ওহাইও রাজ্যে ৮০ শতাংশ এবং পেনসিলভানিয়া রাজ্যে ৭৭ শতাংশ রিপাবলিকান ট্রাম্পের পক্ষে তাদের

# বাংলাদেশ-যুক্তরাষ্ট্র সম্পর্ক সবচেয়ে

**প্রথম পৃষ্ঠার পর**

অতীতের যেকোনো সময়ের তুলনায় বাংলাদেশ ও যুক্তরাষ্ট্র সম্পর্ক বর্তমানে সবচেয়ে শক্তিশালী অবস্থায় রয়েছে।

নিউইয়র্কে জ্যামাইকার তাজমহল পার্টি হলে ৭ এপ্রিল বৃহস্পতিবার সন্ধ্যায় ‘বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের কূটনৈতিক সম্পর্কের ৫০ বছর পূর্তি উৎসব উদযাপন’ উপলক্ষে শহীদ শেখ কামাল স্মৃতি পরিষদ যুক্তরাষ্ট্র শাখা ও নিউ আমেরিকান ভোটার্স অ্যাসোসিয়েশন আয়োজিত এক আলোচনা সভা ও ইফতার মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন তিনি।

শহীদ শেখ কামাল স্মৃতি পরিষদ যুক্তরাষ্ট্র শাখার সভাপতি মুক্তিযোদ্ধা ডা. মাসুদুল হাসানের সভাপতিত্বে এবং নিউ আমেরিকান ভোটার্স অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট ড. দিলিপ নাথের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন আসন্ন ডেমোক্র্যাটিক প্রাইমারিতে নিউইয়র্ক স্টেট গভর্নরপ্রার্থী কংগ্রেসম্যান টম সুজি, মূলধারার রাজনীতিক এলিজাবেথ ক্রাউলি, কাউন্সিলরম্যান নাটালি লি। স্বাগত বক্তব্য রাখেন শহীদ শেখ কামাল স্মৃতি পরিষদ যুক্তরাষ্ট্র শাখার সাধারণ সম্পাদক ডা. আবুবকর সিদ্দিক।

## নিজেই ধরা

**প্রথম পৃষ্ঠার পর**

জেমসের বিরুদ্ধে জঙ্গি কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগ আনা হয়েছে। জেমসকে গ্রেপ্তারের পর মেয়র এরিক অ্যাডামস বলেন, ‘আমার নিউইয়র্কবাসী, আমার তাকে পেরেছি।’

এনওয়াইপিডি কমিশনার কিচ্যান্ট সেওয়েল বলেন, ৬২ বছর বয়সী ফ্রান্স্কা আর জেমসকে বুধবার বিকেলে ইস্ট ভিলেজ এলাকা থেকে গ্রেপ্তার করা হয়েছে। জেমস নিজেই এনওয়াইপিডিকে ফোন করেন এবং বলেন, পুলিশ যাকে খুঁজছে তিনিই সেই ব্যক্তি। পুলিশকে কল করে জেমস বলেন, ‘আমার ধারণা আপনারা আমাকে খুঁজছেন। আমি সমস্ত খবরে আমার ছবি দেখছি এবং আমি ম্যাকডোনাল্ডসের আশপাশেই থাকব।’ ফোন কলে জেমস নিজের নাম এবং কী পরেছিলেন তার বর্ণনা দেন পুলিশকে। তিনি পুলিশকে তিনি জানান, তার ফোনে চার্জ নেই এবং তিনি ম্যাকডোনাল্ডসে তার ফোন চার্জিংয়ে থাকবে। পুলিশ আসার সময় তিনি সামনেই থাকবেন।

পুলিশ অফিসাররা প্রথমে জেমসকে রেষ্টুরেন্টে খুঁজে পায়নি। পরে এলাকাভূজ্ড়ে ঘুরে তাঁরা জেমসকে ফোন চার্জ করা অবস্থায় রাস্তার একটি পত্রিকার কিওস্কের কাছে দাঁড়িয়ে থাকতে দেখেন। এরপর তাকে গ্রেপ্তার করে স্থানীয় প্রিসিঙ্কটে নিয়ে যাওয়া হয়।

১২ এপ্রিল মঙ্গলবার সকালে ঘটনার পরপরই ট্রেনে চেপে অন্য যাত্রীদের সাথে জেমস পরের স্টেশনে চলে গিয়েছিলেন। যে স্টেশনে ঘটনা ঘটিয়েছিলেন জেমস য়েখানে ঘটনা জানা গেছে, জেমসের জন্ম ও বেড়ে ওঠা নিউইয়র্কের ব্রংকসে। পাঁচ বোনের এক ভাই তিনি। পরিবারের সাথে একটি বাসে চেপে কয়েক ব্লক গিয়েছেন। কিছুটা বিশ্রাম নিয়ে আবার ট্রেনেই ফিরেছেন। টেলিভিশনে, সংবাদপত্রে

জনমত রয়েছে বলে জানিয়েছে। রাজ্যগুলোর প্রতিটিতে আসছে নির্বাচনে গুরুত্বপূর্ণ সিনেট নির্বাচন রয়েছে। সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এসব রাজ্যের সিনেট আসনে প্রার্থীদের সমর্থন দেয়ার চেষ্টা কথা বিবেচনা করছেন।

মর্নিং কনসাল্ট গত ১ থেকে ২০ মার্চ পর্যন্ত করা জরিপের ফলাফলে দেখা গেছে, ব্যাটল গ্রাউন্ড রাজ্যগুলোতে সাবেক প্রেসিডেন্ট ট্রাম্পের জনপ্রিয়তা রিপাবলিকান দলের জন্য ইতিবাচক ফল নিয়ে আসবে। ক্ষমতা ছাড়ার পরও চারটি রাজ্যে ট্রাম্পের জনপ্রিয়তা কার্যত অপরিবর্তিত রয়েছে। নর্থ ক্যারোলিনায় ট্রাম্প টেড বাডকে সিনেট আসনের জন্য সমর্থন করছেন। এ রাজ্যে রিপাবলিকান সিনেটর সেইন রিচার্ড অবসরে নিচ্ছেন। ট্রাম্প পেনসিলভেনিয়ায় সাবেক টেলিভিশন উপস্থাপক মেহমেত ডা. ওজকে সমর্থন জানিয়েছেন। এ রাজ্যেও রিপাবলিকান সিনেটর প্যাট টামি অবসরে

যাচ্ছেন। সাবেক প্রেসিডেন্ট ট্রাম্পের সমর্থন নিয়ে ডা. ওজ এরইমধ্যে শক্তিশালী প্রার্থী হয়ে উঠেছেন পেনসিলভেনিয়াতে। এছাড়া জর্জিয়ায় ডেমোক্রাট সিনেট প্রার্থী রাফেল ওয়ার্নকের বিরুদ্ধে রিপাবলিকান প্রার্থী প্রাক্তন ফুটবল তারকা হার্শেল ওয়াকারকে সমর্থন করছেন ট্রাম্প। ওহাইওর নির্বাচনে রিপাবলিকানদের মধ্যেই প্রার্থিতা নিয়ে তীব্র প্রতিযোগিতা শুরু হয়েছে। ট্রাম্প এখনও এ রাজ্যে কোনো প্রার্থীকে সমর্থন জানাননি। যদিও একাধিক প্রার্থী সাবেক প্রেসিডেন্টট্রাম্পের সমর্থন প্রত্যাশা করছেন এ রাজ্যটিতে।

দ্য মর্নিং কনসাল্টের জরিপে দেখা গেছে, প্রতিটি রাজ্যে প্রাক্তন ভাইস প্রেসিডেন্ট মাইক পেন্স, সিনেটে সংখ্যালঘু নেতা মিচ ম্যাককনেল এবং প্রতিনিধি পরিষদে রিপাবলিকান দলের নেতা কেভিন ম্যাককার্থির চেয়ে ট্রাম্প সর্বত্রই অধিক জনপ্রিয়তায় অবস্থান করছেন।

এ সময় উপস্থিত ছিলেন জাতিসংঘে বাংলাদেশের উপ-স্থায়ী প্রতিনিধি ড. এম

মনোয়ার হোসেন, কনসাল জেনারেল ড. মো. মনিরুল ইসলাম, সেলিনা মোমেন, শহীদ শেখ কামাল স্মৃতি পরিষদের প্রতিষ্ঠাতা সভাপতি ও জাতীয় শ্রমিক লীগের কেন্দ্রীয় আন্তর্জাতিক বিষয়ক সমন্বয়কারী আব্দুর রহিম বাদশা, ডেমোক্র্যাট নেতা মোর্শেদ আলম, ডা. বর্ণালী হাসান, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের উপদেষ্টা ইঞ্জিনিয়ার ফরাসত আলী, রমেশ নাথ, সহ-সভাপতি সৈয়দ বশারত আলী, সাংগঠনিক সম্পাদক চন্দন দত্ত, জনসংযোগ সম্পাদক কাজী কয়েস, কৃষি বিষয়ক সম্পাদক আশরাফুজ্জামান, মানবাধিকার বিষয়ক সম্পাদক মিসবাহ আহমেদ, বাণিজ্য বিষয়ক সম্পাদক ফরিদ আলম, কার্যকরী সদস্য মুক্তিযোদ্ধা সরাফ সরকার, হিন্দাল কাদের বাগ্না, আমেরিকান-বাংলাদেশি ওয়েলফেয়ার অর্গানাইজেশন ইনকের সভাপতি আব্দুস শহীদ, বাংলাদেশ ল সোসাইটি ইউএসএর সভাপতি অ্যাডভোকেট মো. নাছির উদ্দিন, নিউইয়র্ক স্টেট আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহীন আজমল, নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগের সহ-সভাপতি মোর্শেদা জামান,

# নিজেই ধরা

নিজেই নিজের ছবি দেখছিলেন। ব্রুকলিনের ম্যাকডনাল্ডে খাবার খেয়েছিলেন। এ সময় নিজের ফোনের ব্যাটারিও চার্জ করিয়ে নিচ্ছিলেন জেমস। নরককাণ্ড ঘটিয়ে ঘটনাস্থলের আশপাশেই ছিলেন তিনি।

ঘটনার সময় ট্রেন (৩৬ স্ট্রিট) স্টেশনের সিসি ক্যামেরা বিকল ছিল। একটি ইউ হোল ট্রাক ফিলাডেলফিয়া থেকে ভাড়া করা এবং ক্রেডিট কার্ডের সূত্র ধরে বলা হচ্ছে, ফ্রান্স্ক জেমসই ঘটনার জন্য দায়ী। নারকীয় একন কাণ্ড ঘটানোর পেছনে কী কারণ, তা এখনও জানা যায়নি। ফেডারেল সন্থাসহ নানামুখী তন্ধানি চলছে। তবে জেমসকে গ্রেপ্তার করা সভা হলেও এখনও মোটিভ সম্পর্কে কিছুই জানা যায়নি।

১২ এপ্রিল মঙ্গলবার সকালে নিউইয়র্কের বাংলাদেশি অধ্যুষিত ব্রুকলিনের ট্রেন স্টেশনে গোলাগুলিতে মোট ২৯ জন আহত হন। ১৩ জনকে গুরুতর আহত অবস্থায় হাসপাতালে নিয়ে যাওয়া হয়। ১০ জন গুলিবিদ্ধ হন। এরমধ্যে পাঁচজনের অবস্থা গুরুতর হলেও ঝুঁকিপূর্ণ নয় বলে সর্বশেষ তথ্যে জানা গেছে। নিউইয়র্ক নগরের বেড়ে ওঠা অপরাধ দমনে মেয়র এরিক অ্যাডামস হিমশিম খাচ্ছেন। গত রোববার থেকে তিনি করোনায় আক্রান্ত হয়ে স্বেচ্ছা কোয়ারেন্টিনে রয়েছেন। এ কারণে মেয়র ঘটনাস্থলে উপস্থিত হতে পারেননি। ডেপুটি মেয়র, পুলিশ কমিশনারসহ উর্ধ্বতন কর্মকর্তারা ঘটনাস্থলে অবস্থান করছেন। গ্রেপ্তার হওয়া ফ্রান্স্ক জেমস সম্পর্কে পাওয়া তথ্যে জানা গেছে, জেমসের জন্ম ও বেড়ে ওঠা নিউইয়র্কের ব্রংকসে। পাঁচ বোনের এক ভাই তিনি। পরিবারের সাথে তাঁর কোনো ঘনিষ্ঠ সম্পর্ক নেই। জেমসের এক বোন জানান, তাঁর ভাইয়ের সাথে দুই যুগ থেকে কোনো যোগাযোগ নেই।

জেমস নিউইয়র্ক, নিউজার্সি, উইসকন্সিন ও ফিলাডেলফিয়ায় থেকেছেন। বিভিন্ন অপরাধের কারণে একাধিবার তিনি গ্রেপ্তারও হয়েছেন। ঘটনার আগের রাত্তে ফিলাডেলফিয়া থেকে ইউ হোলের ট্রাক ভাড়া করে ব্রুকলিনে গিয়েছেন জেমস। বিক্ষোভকন্থ আগ্নেয়াস্ত্র নিয়ে বড় ধরনের ধ্বংসযজ্ঞ চালিয়ে নিজের হতাশা দূর করতে চেয়েছেন বলে আপাতত মনে করা হচ্ছে। সামাজিক যোগাযোগের নানা মাধ্যমে তাঁর উদ্দ্যাপল্টা পোষ্ট দেখা গেছে। সেখানে তিনি নিউইয়র্কের মেয়র এরিক অ্যাডামসকে গৃহহীন লোকদের সমস্যা সমাধানে ব্যর্থতার জন্য সমালোচনা করেছেন। কখনও তিনি কৃষাঙ্গদের দুর্দশার জন্য কৃষাঙ্গ নারীদের দায়ী করেছেন। সামাজিক যোগাযোগ মাধ্যমের ফ্রান্স্ক জেমসের পোষ্ট বিশ্লেষণ করে এখন দেখা হচ্ছে। নানা কারণে ক্ষুদ্র পোষ্ট দিয়েছেন জেমস। অভিযোগ প্রমাণিত হলে জঙ্গি কর্মকাণ্ডে জড়িত থাকার অপরাধে জেমসের যাবজ্জীবন কারাদণ্ড হতে পারে।

**নিউইয়র্ক ট্রেনে কমছে যাত্রী**

একজন শশস্ত্র উন্নাত্ত ব্যক্তি ট্রেন স্টেশনে স্মোক বোমা এবং গুলিবর্ষণ করে নৈরাজ্য সৃষ্টি করায় নিউইয়র্কে জনমনে আতঙ্ক ও ভীতি সৃষ্টি হয়েছে। একসময় বিশ্বের সেরা নগর পরিবহন হিসেবে নিউইয়র্কের সাবওয়েকে মনে করা হলেও এখন যাত্রীরা পারতপক্ষে আর ট্রেনে উঠছেন না। তাই নিউইয়র্ক নগরে ট্রেন যাত্রী সংখ্যা স্বাভাবিকের চেয়ে অর্ধেক নেমে এসেছে। ট্রেনের বগিতে গৃহহীন লোকজনকে শুয়ে বসে থাকতে দেখা যায়। আর এ জন্য অপরাধের এলাকা হয়ে ওঠা নিউইয়র্কের সাবওয়ে সিস্টেমের নিরাপত্তা বৃদ্ধির জন্য পুলিশের উপস্থিতি দ্বিগুণ করার ঘোষণা দিয়েছেন মেয়র এরিক অ্যাডামস।

# বিজ্ঞান শিক্ষক ও সংস্কৃতি বাবু এবং আমাদের অজ্ঞানতা

## কাকন রেজা

জ্ঞানের উৎপত্তিটা প্রশ্ন থেকে। প্রশ্নের ধারাবাহিকতায় আসে উত্তর, আর উত্তরই জ্ঞান। প্রশ্ন দ্বন্দ্ব সৃষ্টি করে। মানুষের মনের দ্বন্দ্ব মোটাতেই প্রয়োজন জ্ঞানের। উত্তরটা তাই। সুতরাং একজন বিজ্ঞান শিক্ষকের প্রশ্ন এবং জ্ঞানের দ্বন্দ্ব তাকে জ্ঞানের দ্বারাই উত্তর দেয়া সম্ভব। আদালতের কাজ স্বীকৃত জ্ঞান অনুযায়ী আদেশ দেয়া। জ্ঞান আদালত নির্ধারণ করে না।

একজন বিজ্ঞান শিক্ষককে জেলে দেয়ার আগে এটা ভাবা উচিত সকল পক্ষে। বিজ্ঞান শিক্ষক হৃদয় মণ্ডলের ব্যাপারটি তাই। তার বক্তব্য ভুল হলে, শিক্ষা বিভাগ আছে তাকে শুধরে দেয়ার জন্য। তিনি যদি ভুল বলেন, ভুল শিক্ষা দেন তবে তার চাকরি চলে যাবে। কিন্তু তাকে ধরেমেরে আইনের কাছে সোপর্দ করার মানে হলো প্রচলিত নিয়মকে বৃদ্ধাঙ্গুলি দেখানো।

বৃদ্ধাঙ্গুলি দেখানোটা বোধহয় অলিখিত আইন হয়ে উঠছে। যশোরে এক শিক্ষককে হুমকি দেয়া হয়েছে। যার অডিও এখন সামাজিকমাধ্যমে ভাইরাল। সেখানেও দেখা গেছে প্রচলিত নিয়মকে বৃদ্ধাঙ্গুলি দেখানোর প্রচেষ্টা। যেমন ‘ছটার’ বা সাইয়েন এখন সরকারি নয়, বেসরকারি গাড়িতেও লাগানো থাকে। একটু প্রভাবশালী হলেই গাড়িতে ছটার লাগানো এখন ফ্যাশন হয়ে দাঁড়িয়েছে। যেন রাস্তায় সবাইকে জানিয়ে যাওয়া ‘মুই কি হনুরে’। এটাও নিয়মের প্রতি বৃদ্ধাঙ্গুলি। এমন বৃদ্ধাঙ্গুলি এখন সব জায়গাতেই প্রদর্শিত হচ্ছে। অর্থ-বিস্ত-প্রভাব যার আছে তাদের সবার মধ্যেই একটি অদৃশ্য ‘ছটার’ লাগানো। সবাইকে বলছে, দেখো আমি এসেছি, ‘দেখো মুই কি হনু’। সাহিত্য-সংস্কৃতির ক্ষেত্রেও একই অবস্থা। অদৃশ্য ‘ছটার’ এখানেও। আমার এক স্যার বলতেন, ‘প্রচুর বই পড়ে, কিন্তু বোঝার ক্ষমতার নেই, এমন মানুষ থেকে দূরে থাকবে’। এক সময় প্রচুর বইপড়া মানুষ ছিলেন। তাদের অনেকেরই বইয়ের মূলকথা অনুধাবনের সামর্থ্য ছিলো না। মস্তিষ্ক নিতে চাই তো না। আর এখন অবস্থা আরও ভয়াবহ। বোঝার দরকার নেই, পড়াও বাদ দিয়েছেন। এর-ওর কাছ থেকে শুনেই রীতিমতো বোদ্ধা হয়ে যান। আর সেই বোদ্ধাগিরি প্রকাশের জন্য তো সামাজিকমাধ্যম রয়েছেই।

একজনকে দেখলাম সাম্প্রতিক সংস্কৃতি বিষয়ে আলাপে লিখছেন, ইসলাম এ ভূখণ্ডে এসেছে এগার শতকে। আরেকজন আপত্তি করতেই তেলেবেগুনে জ্বলে উঠলেন যেন। বললেন, রেফারেন্স দিন। যখন বিপরীতে প্রমাণ করে দেয়া হলো ইসলামের আগমনের শতক হলো সপ্তম। সেই বোদ্ধা চুপ করে গেলেন। তবে এসবই খুচরা আলাপ। কিন্তু সবচেয়ে ভয়াবহ আলাপ



**মুন্সিগঞ্জ জেলা কারাগার থেকে বের হয়ে পরিবারের সঙ্গে বাড়ি ফিরছেন সদর উপজেলার বিনোদপুর রাম কুমার উচ্চবিদ্যালয়ের বিজ্ঞান ও গণিতের শিক্ষক হৃদয় চন্দ্র মণ্ডল।** ছবি: সংগৃহীত

হলো, একজন বললেন, মুসলিম সংস্কৃতি মরু-সংস্কৃতি। বাংলায় মরু-সংস্কৃতির কোনো জায়গা নেই। বাংলায় থাকলে বাংলার সংস্কৃতি নিয়ে থাকতে হবে, মানতে হবে, এমনটা। কী ভয়াবহ কথা। অর্থাৎ মুসলিম থাকতে হলে, ‘বাঙালি’ত্ব থাকবে না! কী ভয়ানক সাম্প্রদায়িকতা। কতটা সাম্প্রদায়িক হলে, কতটা মুর্থ হলে এমন বলা যায়। সংস্কৃতি পরিবর্তনশীল। একসময় সতীদাহ প্রথা সংস্কৃতির অংশ ছিল। সতীকে জীবন্ত দাহ করার আগে রীতিমত উৎসব হতো। বাজনাবাদ্য সহকারে সতীকে চিতায় তোলা হতো। এই ভয়াবহতাও সংস্কৃতির অংশ ছিল এবং তা স্বীকৃত। এটা পরিবর্তিত হয়েছে। এই যে টিপ বিষয়ে সংস্কৃতির কথা যারা তুলছেন তাদের যদি টিপ বিষয়ে প্রশ্ন করা হয়, তাহলে তারা সুকৌশলে এড়িয়ে গিয়ে বলবেন, এটা সৌন্দর্য চর্চার বিষয়। কিন্তু কেউ যদি টিপকে রেসিজম তথা বর্ণবাদের প্রতীক বলেন তবে কি ভুল হবে? হবে না। এক সময় বর্ণাশ্রম

অনুযায়ী টিপের শ্রেণিবিন্যাস করা হতো। অর্থাৎ তা হতো জাতপাতের ধারা মেনে। ব্রাহ্মণদের সাদা টিপ, ক্ষত্রিয়দের লাল, ব্যবসায়ীদের সবুজ, ছোটজাতের নমঃশূদ্রদের কালো। আমরা যদি আদি-সংস্কৃতি মানতে যাই, তাহলে তো রেসিজমকে স্বীকার করে নিতে হয়। একইভাবে সংস্কৃতির গোড়া খুঁজতে গেলে অনেকের নিজের গোড়াই আলগা হয়ে যাবে। দেখা যাবে নিজের সাথে নিজের বৈপরীত্যের অসংখ্য চিত্র।

হালে অনেকে বলতে শুরু করেছেন পানি বলাটা ঠিক নয় জল শব্দটি ‘বাঙালি’ সংস্কৃতির অংশ। একটু নোট দিয়ে রাখি, ‘বাঙালি’ শব্দটি নিয়েই অনেক কথা রয়েছে। আমরা বাঙাল না ‘বাঙালি’ তা নিয়েও দ্বন্দ্বটা কম নয়। আরেকদিনের আলোচনায় তা বলব। ‘বাঙালি ছিলামরে’, এই আনন্দও হয়ত তাতে প্রশ্নের মুখে পড়বে। যাকগে, এখন কথা বলি জল ও পানি শব্দ নিয়ে। জল শব্দটি হলো সংস্কৃত শব্দ। পানিকে অনেকে

বলেন তন্তুব।

কিন্তু এ বিষয়েও দ্বিমত রয়েছে। অনেকে বলেন পানিই মূল শব্দ। জল সংস্কৃত এর সংস্কার করা রূপ। মজার ব্যাপার হলো প্রাচীন বাংলায় পানি শব্দটিই ব্যবহার হতো, জল নয়। উদাহরণ দিই বাংলা ভাষার কথিত আদি নিদর্শন চর্যাপদ থেকে। ‘তিণ ন চছুপহী হরিণা পিবইই ন পাণী। হরিণা হরিণির নিলঅ ন জাণী।।’ অর্থ হলো, বন্দি হরিণ আতঙ্কে পানিও পান করে না। এসব রচনা অষ্টম থেকে দ্বাদশ শতকের মধ্যে। আর ইসলামের আগমন ভারতবর্ষে ৭ম শতকের শেষে হলেও মুসলমানদের ভারত বিজয়ের শুরু ১২ শতকে। সুতরাং কেউ যদি বলেন, বাংলা ভাষাতেও জোর করে মুসলমানরা পানি শব্দটি ঢুকিয়েছে তাহলে তারা মুসলমানদের সংস্কৃতিকে মরু-সংস্কৃতি বলার মতন মূর্খদেরই দলে। যেমন, উর্দুতে আছে এবং মুসলিমরা বলেন ভেবে পানি শব্দটির উৎপত্তি উর্দু

## শহীদ অধ্যাপক ডা. শামসুদ্দিন আহমেদ: আজ অনুপ্রেরণার কাহিনী

### ডা. জিয়াউদ্দিন আহমেদ

ইউক্রেনে যুদ্ধ হচ্ছে। যুদ্ধে সাধারণ নিরীহ মানুষ প্রাণ হারাচ্ছে। আহত হচ্ছে পথে ঘটে নিজ বাড়িতে। এক নিমিষে উদ্ধাস্ত হচ্ছে। যুদ্ধবিধ্বস্ত হচ্ছে। পৃথিবীর বড় দেশগুলোর চাপে ধ্বংসযজ্ঞ কমে আসার কোনো লক্ষণ নেই। ঠিক সেই সময় ইউক্রেনের লবইব শহরের একটি হাসপাতালে সেবা দিচ্ছে আমেরিকা থেকে যাওয়া একটি মেডিকেল টিম। আহতদের সেবা দেয়া এবং সরঞ্জাম নিয়ে হাসপাতালটিকে বেশি করে সেবার দিবার উপযোগ্য করার জন্য দিন-রাত কাজ করে যাচ্ছে দলটি। এ দলের নেতৃত্ব দিচ্ছে বাংলাদেশের বংশোদ্ভূত ডা. নাহরীন আহমেদ।

মাঝে মাঝেই আসন্ন বিমান হামলার সাইরেন বাজে। হাসপাতালের সব জানালায় বাতুর বেগ দিয়ে বোমা থেকে সংরক্ষণের আয়োজন করা হয়েছে। যদিও শহরটি পোল্যান্ড বর্ডার থেকে ২০ মাইল দূরে। তবুও দুইবার রাশিয়ান মিসাইল হামলা হয়েছে।

যে কোনো সময় যুদ্ধের গতি বদলে যেতে পারে। অবাক হয়ে হাসপাতালের ডাক্তার-নার্সা জিজ্ঞেস করে ডা. নাহরীন আহমেদকে, কে তুমি? কোথায় পেলো এমন সাহস? আমাদের এই বিপদে তুমি কেন নিজের বিপদ ডেকে আনতে চাও?

ডা. নাহরীন তাদের শোনালো তার দাদুর গল্প। অসীম সাহসী এক ডাক্তারের গল্প। স্বাধীনতাকামী আহত মানুষের জন্য আত্মত্যাগপতি একজন সার্জনের গল্প। যে রক্ত তার দেহে প্রবাহিত। তাই তার ভয় নেই। সে না দেখা তার দাদুর দ্বারা অনুপ্রাণিত। আর কিছু নয়। ইউক্রেনিয়ান সার্জনরা অবাক হয়ে শুনল ডা. নাহরীন আহমেদের কথা। তারা বলে উঠল, আমরাও তোমার দাদুর মতো সেই মহান মৃত্যু চাই। আমরাও পালিয়ে যাব না। প্রাণ দিয়ে হলেও আঁকড়ে থাকব এই হাসপাতাল।

৯ এপ্রিল নাহরীনের দাদুর ৫১তম মৃত্যু দিবস। এইদিনেই নাহরীন ইউক্রেন

থেকে জানালো তার দাদুর আত্মত্যাগের কাহিনী। এ গল্প বিশ্বের আরেকপ্রান্তে আরেক জাতিকে যুদ্ধের ময়দানে অনুপ্রেরণা যোগাচ্ছে।

মানে হলো, আজকে লিখব আমার বাবার কিছু কথা। নাহরিনের সাহসী দাদুর কিছু কথা। যেটা তাকেও বিশদভাবে বলা হয়নি কোনোদিন। প্রায়ই মনে হতো কি হবে লিখে। কারইবা এসব জানার উৎসাহ আছে। এখন মনে হচ্ছে, অনুপ্রেরণা নিতে প্রজন্মরা হয়ত খুঁজে বেড়াচ্ছে তাদের পূর্বসূরির ঐতিহ্য গাথা কাহিনী।

মুক্তিযুদ্ধে শহীদ আমার বাবা ডা. শামসুদ্দিন আহমেদের মৃত্যবার্ষিকীর দিনটি আসলেই গত ৫১ বছর ধরে একইভাবে আমাদের পরিবারের সবার বুকে রক্তক্ষরণ হয়। সব শহীদ পরিবারকে নিশ্চয় একই অনুভূতি আচ্ছন্ন করে রাখে। একান্তর সালের ২৫ মার্চ গণহত্যা শুরু করল হানাদার পাকিস্তানি সৈন্যরা। নির্বাচনে বিজয় বাঙালির গণতন্ত্রের অধিকার তো দিলেই না, নির্বাচিতে শুরু করলে হত্যাযজ্ঞ। শুরু হলো বাঙালির মুক্তির যুদ্ধ। যুদ্ধ শুরুর দুই সপ্তাহ পরই ৯ এপ্রিল পাকিস্তানি সৈন্যরা সিলেট মেডিকেল কলেজ হাসপাতালে প্রবেশ করে। সেখানে যুদ্ধাহত মানুষের সেবা দানে ব্যস্ত ছিলেন ডা. শামসুদ্দিন আহমেদ ও তাঁর সহকারি ডা. শ্যামল কান্তি লাল। অ্যান্থ্রাক্স ড্রাইভার কোরবান আলী, পুরুষ নার্স মাহমুদুর রহমানকে হাসপাতালের মধ্যেই গুলি করে হত্যা করে হানাদার বাহিনী। তাদের অপরাধ ছিল, মানবতা সেবা করার জন্য জনশ্রুতি যুদ্ধক্ষেত্র সিলেটে থেকে পালিয়ে যাননি। সহকর্মীরা ডা. শামসুদ্দিন আহমেদকে বললেন, স্যার আপনি থাকলে আমারও থাকব। প্রাণের ভয় তাদের যুদ্ধাহত মুমূর্ষ রোগীদের সেবা থেকে নড়াতে পারেনি। অধ্যাপক ডা. শামসুদ্দিন ছিলেন সার্জারির প্রধান। সবচেয়ে প্রবীণ এবং বাংলাদেশের মুক্তিযুদ্ধে শহীদ চিকিৎসা বিজ্ঞানের সব অধ্যাপকের থেকে বয়োজ্যেষ্ঠ। শুধু তাই নয়, ঢাকায় থাকার সময় তিনি ছিলেন পূর্ব



**ডা. শামসুদ্দিন আহমেদ।** ছবি: সংগৃহীত

পাকিস্তান মেডিকেল এসোসিয়েশনের প্রতিষ্ঠাতা সম্পাদক। চিকিৎসা বিজ্ঞান, শিক্ষাব্যবস্থা, গরিবের সুচিকিৎস্য এবং উন্নত মানের রোগীদের সেবা দেয়াই ছিল তাঁর জীবনের মূল লক্ষ্য। চিকিৎসা ব্যবস্থা এবং জাতির উন্নতির জন্য তাঁর তেজস্বী ভূমিকা ব্যবহার পাকিস্তানি সরকারকে বিপদে ফেলেছে। ১৯৬৯ সালে গণআন্দোলন যখন স্থিমিত হতে চলেছে, তখন পাকিস্তানি সৈন্যরা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্র আন্দোলনের সময় অধ্যাপক ড. শামসুজ্জোহাকে কাছ থেকে গুলি করে এবং বেয়নেট দিয়ে খুঁচিয়ে হত্যা

করে। মুমূর্ষ ড. জোহাকে রাজশাহী মেডিকেল কলেজে নিয়ে আসলে তাঁকে বাঁচাবার প্রানপণ চেষ্টা ব্যর্থ হয়। তখন সেখানে কর্মরত ছিলেন অধ্যাপক ডা. শামসুদ্দিন আহমেদ। সামরিক শাসনের ভয় দেখিয়ে পাকিস্তানি কর্নেল এসে তাঁকে ভুয়া রিপোর্ট লিখতে বলে। জোর করে এমন রিপোর্ট লেখাতে চায়। ডা. শামসুদ্দিন আহমেদ শুধু তা প্রত্যাখ্যানই করেননি, রাজশাহী মেডিকেল এসোসিয়েশনের সভাপতি অধ্যাপক ডা. শামসুদ্দিন আহমেদ নিজের সভাপতিত্বে প্রথম প্রতিবাদ সভা করেন। সেখানে তিনি প্রেস রিলিজে বলেন ড. জোহাকে একটি

গুলি নয়। কাছ থেকে শুধু বহু গুলিই মারা হয়নি, তাঁকে বেয়নেট দিয়ে খুঁচিয়ে অনায়াস ও অমানবিকভাবে হত্যা করা হয়েছে। একজন শিক্ষক হত্যার এই খবর দাবালনের মোট সমস্ত পাকিস্তানে ছড়িয়ে পড়ে। তুমুল আন্দোলনে সামরিক সরকার জেনারেল আইয়ুব খানের পতন ঘটে। তারপরই ডা. শামসুদ্দিন আহমেদকে সিলেটে বদলি করা হয়। শুরু হলো নির্বাচনপরবর্তী আন্দোলন আর মুক্তিযুদ্ধ। একান্তরের ৩ মার্চ থেকে তিনি সবাইকে আসন্ন গণহত্যার জন্য তৈরি হতে বললেন। ইমার্জেন্সি স্কয়ার, ব্লাড ব্যাংক তৈরি করলেন, কিন্তু অনেকেই তা অনুধাবণ করতে পারলেন না। ২৫ মার্চে যখন সবাই ভীতসন্ত্রস্ত আর পলাতক তখন যেন আরও শক্তিশালী হয়ে উঠল তাঁর মনোবল, আহত মানুষের ভিড়ে ডাক্তারশুণ্য হাসপাতাল মহাব্যস্ত। পাকিস্তানিদের হত্যাযজ্ঞ বাড়তে লাগল বিপদের আশংকায় তাঁর চাচাসহ অনেকেই তাঁকে সিলেট থেকে সরে যেতে অনুরোধ করলেন। নিজের মা এবং ছেলেমেয়েদের রণকলী গ্রামে পাঠিয়ে দিলেন। ছোট ছেলে তখন মুক্তিযুদ্ধে চলে গেছে। স্ত্রী সিলেট মহিলা কলেজের অধ্যক্ষ হোসনে আরা এক বাসায় থাকতে বললেন যদি দেরে কাজে লাগতে হয়।

২৩ মার্চ ক্যাপ্টেন (অব) মুস্তাভিাব আর বাসায় এসেছিলেন। আগরতলা ষড়যন্ত্রের আসামি করে চাকরিচ্যুত, জেলে থাকার সময় অত্যাচারের ব্যথার চিকিৎসা জন্য তাঁর কাছে আসতেন। মুস্তাভিাব বললেন খাদিম নগর পাকিস্তানি ক্যাম্প থেকে একজন বাঙালি সৈনিক তাঁর কাছে একটি নামের লিষ্ট নিয়ে এসেছে আর তাতে ওপরের দিকে ডা. শামসুদ্দিনের নাম। মুস্তাভিাব তাঁর পর এমপি দেওয়ান ফরিদ গাজীর বাসার দিকে ছুটলেন খবর দিতে। মনে হলো আরও অনেক কিছুর সাথে রাজশাহীর ড. জোহা হত্যার ঘটনায় হত্যা করার লিষ্টে তাঁর নাম উঠেছে।

যুদ্ধ শুরু হলে নিজের জন্য চিন্তা

করার সময় নেই ডা. শামসুদ্দিন আহমেদের। অনবরত অপারেশন করতে হচ্ছিল। রক্ত লাগবে, ওষুধ লাগবে, নার্সদের নিরাপদ জায়গায় পাঠাতে হবে। এরমধ্যে ২ এপ্রিল পাকিস্তানিরা তাদের ব্যাটালিয়নের দুজন বাঙালি অফিসারকে গুলি করে হাসপাতালে ফেলে গেল। ক্যাপ্টেন মাহবুবের অবস্থা খুব খারাপ। অনেক চেষ্টা করে বাঁচানো গেল না। লেফটেন্যান্ট ডা. সৈয়দ মাইনুদ্দিন আহমেদ কম আহত হওয়ায় বেঁচে গেলেন। ডা. শামসুদ্দিন তাঁকে একজন লোক দিয়ে হাসপাতাল থেকে দূরে গ্রামে পাঠানোর ব্যবস্থা করলেন। লেফটেন্যান্ট ডা. মাইনুদ্দিন বার বার তাঁকে সঙ্গে নিয়ে যাওয়ার অনুরোধ করতে লাগলেন। যখন ডা. শামসুদ্দিন তাঁকে আশ্বাস দিতে চাইলেন, তখন ডা.মাইনুদ্দিন আকুল কর্ত্তে বললেন, স্যার আমি তাদের ডাক্তার ছিলাম এতদিন। আমাকেই যদি তারা গুলি করতে পারে তবে আপনাকে সবার আগেই হত্যা করবে।

চুপ করে ছিলেন ডা. শামসুদ্দিন। অতঃপর মৃদু কর্ত্তে বললেন, তুমি এখনই যাও, নাহলে দেরি হয়ে যাবে। আমার হাসপাতাল আর রোগীদের ফেলে কোথাও যাওয়া যাবে না। আজো ডা. সায়ীদ, ডা. মাইনুদ্দিন সেদিনের কথা অক্ষপের সাথে মনে করে শিউরে ওঠেন।

আজকে ইউক্রেনের যুদ্ধক্ষেত্রে আহতদের সেবার জন্য অনুপ্রেরণা দিচ্ছে বাংলাদেশের মুক্তিযুদ্ধের মহান শহীদ অধ্যাপক শামসুদ্দিন আহমেদের আত্মত্যাগের ইতিহাস। মুক্তিযুদ্ধের সব শহীদের কথা, জাতির জনকের কথা, মুক্তিযোদ্ধাদের কথা আমাদের জানতে হবে। জানাতে হবে, আমাদের নিজস্ব ঐতিহ্য যতই আমরা জানতে পারবে ততই গর্বিত আর অনুপ্রাণিত হবে আমাদের প্রজন্ম।

লেখক: মুক্তিযোদ্ধা অধ্যাপক ডা. জিয়াউদ্দিন আহমেদ (শহীদ ডা. শামসুদ্দিন আহমেদের ছেলে, ডা. নাহরীন আহমেদের বাবা)

থেকে বলেন অনেকে। কেউ কেউ আরেকটু আগবাড়িয়ে আরবি বা ফার্সি উদ্ভূত বলতেও বাদ যান না। এদের জন্য কৃষ্ণের কীর্তন থেকে উদাহরণ দিই। যে লীলাকীর্তনকে তারা বলেন বাংলার ‘আদি-সংস্কৃতি’। এমন বলাও অবশ্য প্রশ্নের বাইরে নয়। সেই কীর্তনেই খোদ রাধার আকুলতায় এসেছে পানি শব্দটি।

‘আব্বার বরএ মোর নয়নের পাণী। বাঁশীর শবদেঁ বড়াইয় হারায়িলৌ পরাণী।।’ কী বুঝলেন? রাধাও ‘পাণী’ তথা ‘পানি’র কথাই বলেছেন, জল নয়। সুতরাং ‘সংস্কৃতি দাদা’দের অবস্থা হলো কলকাতার ষোলোআনা ফার্মি বাবুদের মতন। তাদের ভাষায় যা আদিবাংলা সে বাংলায় পানি শব্দের ব্যবহার ছিলো সর্বজনে, পক্ষান্তরে জলের ব্যবহার প্রশ্নবিদ্ধ। জল, বাঙালি এই শব্দগুলির ব্যাপক ব্যবহার শুরু হয় ঊনবিংশ শতাব্দীতে। তা জোরালো হয় বঙ্গভঙ্গকে কেন্দ্র করে। আর এই যে কথিত ‘সংস্কৃতিতত্ত্ব’ সেটার শুরুও সেখান থেকে। যা □মূলত রাজনৈতিক এবং এখনও তাই। রাজনৈতিক কারণে এই সাংস্কৃতিক তত্ত্ব ব্যবহার করা হয়। পানির ব্যবহার এক পশ্চিমবাংলা ছাড়া কোথাও নেই, থাকলেও তা বাংলাভাষীদের মধ্যেই সীমাবদ্ধ।

আদি বাংলা সংস্কৃতিতে যে আলাপ নেই, সেই বায়বীয় আলাপকেই রাজনৈতিক স্বার্থে ব্যবহার করা হচ্ছে হাল সময়ে। যার ফলেই জলকে আদি-সংস্কৃতি বলা হচ্ছে আর পানিকে মরু-সংস্কৃতি। কাগজে পানিবদ্ধতা না লেখে লেখা হচ্ছে জলাবদ্ধতা। পানি না লিখে লেখা হচ্ছে পানীয়জল। ওই জোক এর মতন, ‘একটা এল দিলেও চলে, দুটো দিলে পিলার শক্ত হয়’। অনেকে কথায় কথায় হাজার বছরের সংস্কৃতির আলাপ তোলেন। প্রশ্ন করে দেখুন তো, হাজার বছরের আলাপ পরে তার আগে সংস্কৃতি কী তার সঠিক উত্তর দিতে পারেন কিনা। কোন সংস্কৃতির কথা বলেন তারা। তারা যে সংস্কৃতির কথা বলেন তা হলো আর্থ সংস্কৃতি। অ্যারিয়ান সিভিলিজেশন। অ্যারিয়ানরা কী ভারতীয় উপমহাদেশের, বলে দেখুন কী জবাব দেন সেই সংস্কৃতির বাবুরা। যে ভূখণ্ডে বাদ্যযন্ত্র বলতে নাল আর বীণা। রাগ বলতে ইমন। সাহিত্য বলতে গেলেই আর্থ সাহিত্য। সেখানে হাজার বছরের সংস্কৃতির বড়াই একটা বড় বাতুল্য। মূর্খতা প্রমাণের বাতুল্য। হ্যাঁ, এই ভূখণ্ডের সংস্কৃতি বিভিন্ন সংস্কৃতির সান্নিধ্যে ক্রমে ক্রমে নিজস্ব রূপ পরিগ্রহ করে সমৃদ্ধ হয়েছে। সংস্কৃতির ধারাই তাই। সংস্কৃতি মানেই সংস্কারকৃত রূপ। হাজার বছরের সংস্কৃতি বলে মুখে ফেনা তুলে ফেলা সংস্কারহীনদের এসব কে বোঝাবে।



MANAGEOLOGY  
HOLDINGS

**YOU OWN, WE MANAGE!**

প্রবাসী বাংলাদেশীদের বাংলাদেশে তাদের প্রপার্টি ম্যানেজমেন্টের  
জন্য নির্ভরযোগ্য একটি প্রপার্টি ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান

**আমাদের দক্ষতা**

এপার্টমেন্ট রেন্ট

প্রপার্টি ম্যানেজমেন্ট

ক্রয় এবং বিক্রয়

**সেবাসমূহ:**

- এপার্টমেন্টের ফ্ল্যাট সম্পূর্ণভাবে ভাড়ার উপযোগী করে তৈরি করা, যেমন: রঙ করানো, ত্রুটিপূর্ণ বৈদ্যুতিক, গ্যাস, বাথরুম সংযোগ পরীক্ষা করে দেখা এবং ঠিক করা।
- উপযুক্ত এবং যোগ্য ভাড়াটিয়া যাচাই বাছাই করে খুঁজে বের করা।
- সম্ভাব্য ভাড়াটিয়ার জন্য হটলাইনে কল করে এপার্টমেন্ট এবং ভাড়া সংক্রান্ত তথ্য নেবার সুব্যবস্থা।
- এপার্টমেন্ট ঘুরে দেখানোর জন্য সু-ব্যবস্থা।
- ভাড়ার চুক্তিপত্র তৈরি করে স্বাক্ষর দলিল সংরক্ষণ।
- প্রতি মাসের ভাড়া সংগ্রহ করা এবং ফ্ল্যাট মালিকের নির্দেশিত অ্যাকাউন্টে জমা করা।
- এপার্টমেন্ট প্রয়োজন অনুযায়ী রক্ষণাবেক্ষণ করা।
- মালিকের পক্ষ হয়ে, এপার্টমেন্ট সম্পর্কিত সকল প্রকার বিল এবং ট্যাক্স সময়মত প্রদান করা।
- ভাড়া সম্পর্কিত লেনদেনের স্বচ্ছ হিসাব প্রদান করা। বিশেষ করে প্রবাসে ঘরে বসে এপার্টমেন্ট মালিককে ওয়েবসাইট এর মাধ্যমে ভাড়া এবং বিল সম্পর্কিত সমস্ত তথ্য ও রশিদ দেখার সুযোগ প্রদান।
- এছাড়াও বাংলাদেশে অবস্থিত ফ্ল্যাটবাড়ি ক্রয় বিক্রয়ে থাকবে পূর্ণ সহযোগিতা।

**আম্ভার কারণ:**

- উৎসব একটি সম্মানজনক প্রতিষ্ঠান, বিগত ১৭ বছর ধরে প্রবাসী বাংলাদেশীদের সাথে কাজ করে চলেছে, বিশ্বজুড়ে উৎসবের রয়েছে লক্ষাধিক সন্তুষ্ট গ্রাহক।
- উৎসব গ্রুপের এই নতুন সংযোজিত প্রতিষ্ঠান যুক্তরাষ্ট্রে নিবন্ধিত হওয়ায়, দায়িত্ববোধ এবং জবাবদিহিতা অনেক বেশি।
- গ্রাহকদের জন্য রয়েছে, অনলাইন নিবন্ধনের সুযোগ, যেখানে গ্রাহক নিজস্ব অ্যাকাউন্টে লগ ইন করে বাড়িভাড়া সংক্রান্ত সকল রশিদ, ইউটিলিটি এবং ট্যাক্স সংক্রান্ত নথিপত্র, রক্ষণাবেক্ষণ সম্পর্কিত সকল রশিদের স্ক্যানকপি দেখতে পারবেন।
- উৎসব এমন একটি সম্মানজনক প্রতিষ্ঠান, বিগত ১৭ বছরে উত্তর আমেরিকাতে কোন প্রকার অভিযোগ বা দুর্নাম নেই।

**Address**

☎ 1 (917) 485-2179 ✉ tanjila@utshob.com 🌐 www.manageologyholdings.com  
📍 168-25A Hillside Ave#2nd Floor,Jamaica NY 11432

# পহেলা বৈশাখ এবং বাঙালি জাতিসত্তা

## আলী সিদ্দিকী

সবাইকে বাংলা নববর্ষের শুভেচ্ছা। প্রতি বছর পহেলা বৈশাখ এলে ঢাকার মঙ্গল শোভাযাত্রায় মেয়েদের ওপর হামলা ও বর্বোরচিত শ্রীলতাহানি করার দৃশ্যটি আজো আমার চোখের সামনে ভেসে ওঠে। ভিডিও ফুটেজ দেখার পরও অপরাধীদের শনাক্ত করতে না পারার যে রাষ্ট্রীয় ব্যর্থতা জাতি দেখেছে, ক্ষমতাবলে যতই এই ঘায়ের ওপর প্রলেপ দেয়া হোক না কেন, সময়ের পাতায় তা অক্ষয় হয়ে থাকবে।

শেখ হাসিনার‘ইলিশ-পান্ডা খেলেই বাঙালি হওয়া যায় না’— উক্তি, আওয়ামী ওলামা লীগের ‘মঙ্গল শোভাযাত্রা হিন্দুয়ানী উৎসব’ ঘোষণা এবং ছাত্রলীগের মঙ্গল শোভাযাত্রায় অংশগ্রহণকারী নারীদের শ্রীলতাহানি করার ওড়ন্তের মধ্যে সামঞ্জস্য আছে। দঙ্গলবাজদের স্পর্ধা তখুনি সীমাহীন হয়ে ওঠে যখন তাদের মাষ্টার শিলায় ফুঁ দেয়।

বাঙালির চিরায়ত সংস্কৃতিকে আঘাত করার অপপ্রয়াস নতুন কিছু নয়। ১৯৪৭ সালে ধর্মের ভিত্তিতে (দ্বিজাতি তত্ত্ব—হিন্দু জাতি ও মুসলিম জাতি। যা অবৈজ্ঞানিক ও জবরদস্তিমূলক। ধর্মভিত্তিতে জাতি নয়, সম্প্রদায় হয়) বাঙালি জাতিকে বিভক্ত করে বিজাতীয় পাঞ্জাবি, সিদ্ধি ও বেলুচদের অধীনস্থ করে দেয়া হয়। আর তখন থেকেই বাঙালির ভাষা, সংস্কৃতি ও কৃষ্টির ওপর নানামুখী আক্রমণ শুরু হয়। উর্দু হরফে বাংলা লেখা, রবীন্দ্রনাথকে বাতিল করা, সংখ্যাগরিষ্ঠের ভাষা বাংলা বাদ দিয়ে উর্দুকে রাষ্ট্রভাষা করা, স্কুল-কলেজের পাঠ্যক্রমকে সাম্প্রদায়িক ও বিদ্বেষমূলক করে তোলাসহ বিভিন্নভাবে বাঙালি জাতিসত্তার ওপর আঘাত নেমে আসে। পাকিস্তানপন্থী মুসলিম লীগ, নেজামে ইসলাম ও জামায়াতে ইসলামীর মতো তৎকালীন মুসলিম আওয়ামী লীগের নেতৃবৃন্দও পাকিস্তানীদের অনুসরণ করত। কিন্তু মাতৃভাষার অধিকার, বাঙালির ঐতিহ্য ও সাংস্কৃতিক সত্তা রক্ষার্থে গড়ে ওঠা আন্দোলনে এবং দেশব্যাপী জাতীয়তাবাদী চেতনার জাগৃতি রাজনীতিতে মেরুকরণ নিয়ে আসে।

পশ্চিম পাকিস্তানি ভূধামী প্রভাবিত ক্ষমতাকেন্দ্র থেকে ক্ষমতা ছিনিয়ে নেয়ার ক্ষেত্রে মুসলিম আওয়ামী লীগ জাতীয়তাবাদী জাগরণের ভেতর নিজেদের ভবিষ্যত দেখতে পায়। তারা ভোল পাল্টে আওয়ামী লীগ নামধারণ করে এবং বাঙালি জাতীয়তাবাদী প্রপঞ্চকে রাজনীতির পুঁজিতে পরিণত করে। বায়ানের ভাষা আন্দোলনের পরিপ্রেক্ষিতে সামগ্রিকভাবে বাঙালি জনমানসে জাতীয়তাবাদী চেতনার যে স্ফূরণ ঘটে তা বিশ্ব সমাজতান্ত্রিক আন্দোলনের প্রভাবে সূচিত জাতীয় মুক্তি আন্দোলনের স্রোতধারায় যুক্ত হয়ে যায়। আফ্রিকা, লাতিন আমেরিকা ও এশিয়ার দেশে দেশে বেগবান হওয়া উপনিবেশবিরোধী সংগ্রামের প্রত্যক্ষ প্রভাব পড়ে বাঙালি জাতীয়তাবাদী আন্দোলনে। প্রথম থেকেই দ্বিজাতি তত্ত্বের ভিত্তিতে বাংলা বিভাগের বিরুদ্ধে ও স্বাধিকার আন্দোলনের পক্ষে ছিল পূর্ব বাংলার বামপ্রগতিশীল রাজনৈতিক দলসমূহ। ভাষা



আন্দোলনে তাদের সক্রিয়তা ছিল প্রাণধানযোগ্য। কিন্তু পূর্ব পাকিস্তানের পাতিবুর্জোয়া ও উর্চতি পুঁজিপতিদের দল দ্রুতই জাতীয়তাবাদী আন্দোলনের মূল ধারায় চলে আসে এবং ধর্মনিরপেক্ষতা, অসাম্প্রদায়িকতা,গণতন্ত্র ও সমাজতন্ত্রের মতো জনপ্রিয় শ্লোগানগুলোকে তাদের মেনিফেস্টোভুক্ত করে নিজেদের গ্রহণযোগ্য করে তোলে। তৎকালীন প্রভাবশালী কমিউনিস্ট পার্টি দেশপ্রেমিক বুর্জোয়াদের সাথে নিয়ে পাকিস্তানি প্রায়উপনিবেশ ও সাম্রাজ্যবাদবিরোধী লড়াইয়ের নামে মৌলিকভাবে হটকারী সিদ্ধান্তের কারণে মুসলিম আওয়ামী লীগ ভোল পাল্টে দ্রুত রাজনৈতিক নেতৃত্ব দখল করতে সক্ষম হয়েছিল। ফলশ্রুতিতে চুয়াম সালের নির্বাচন, উনসত্তরের গণঅভ্যুত্থান, সত্তরের নির্বাচন ও একাত্তরের মুক্তিযুদ্ধে আওয়ামী লীগ বাঙালি জাতীয়তাবাদের প্রতিনিধিত্ব করেছে এবং নেতৃত্ব দিয়েছে। আওয়ামী লীগ নেতৃত্ব মূলত পাকিস্তান থেকে বেরিয়ে আসার পক্ষে ছিল না। লক্ষ্য ছিল, নির্বাচনে নিরঙ্কুশ বিজয়ী দল হিসেবে সর্বপাকিস্তানি সরকারের নেতৃত্ব দেয়া। কিন্তু পশ্চিম পাকিস্তানি বুর্জোয়া ও ভূস্বামীরা সামরিক বাহিনীর সাথে আঁতাত করে বিজয়ী দল আওয়ামী লীগের হাতে ক্ষমতা হস্তান্তরে অস্বীকৃতি জানালে বঙ্গবন্ধু অসহযোগ আন্দোলনের ডাক দেন। বিশ্ব রাজনৈতিক পরিস্থিতির প্রভাবে অপরিকল্পিতভাবে মুক্তিযুদ্ধের সূচনা হয়ে যায় এবং অপ্রস্তুত বেসামরিক

মানুষ পাকিস্তানি হানাদারদের হাতে বেসামরিক হত্যার শিকার হয়। সামগ্রিক জাতীয়তাবাদী যুদ্ধ হলেও মুক্তিযুদ্ধের নেতৃত্ব আওয়ামী লীগ এককভাবে নিজেদের দখলে রেখে দেয়। ফলে মুক্তিযুদ্ধ যখন ক্রমশ দীর্ঘায়িত জনযুদ্ধে পরিণত হচ্ছিল এবং সমাজতান্ত্রিক চিন্তাধারার প্রভাব বিস্তৃত হচ্ছিল মুক্তিযুদ্ধের ওপর, তখন আওয়ামী পাতিবুর্জোয়া নেতৃত্ব দ্রুত যুদ্ধের সমাপ্তি টানার সিদ্ধান্ত নেয়।

ত্রিশ লক্ষ প্রাণ ও দুই লক্ষ নারীর সম্ভ্রমের বিনিময়ে জন্ম নেয় বাংলাদেশ নামক এক রক্তাক্ত সূর্য। হাজার বছরের ইতিহাসে একটি জাতিরাষ্ট্র বাঙালি জাতির এক অনন্য অর্জন। কিন্তু মুক্তিযুদ্ধোত্তর বাংলাদেশ হয়ে ওঠে নতুন কুরুক্ষেত্র। যুদ্ধবিশ্রান্ত দেশ পুনর্গঠনে প্রথমেই চরম বিশৃঙ্খলা সৃষ্টি করে মুক্তিযোদ্ধাদের একটি অংশ, যারা মূলত আওয়ামী লীগভুক্ত ছিল। ক্ষমতাবঞ্চিত হয়ে তারা ‘বৈজ্ঞানিক সমাজতন্ত্রের’ শ্লোগান নিয়ে গণযুদ্ধের ডাক দেয়। ঘোড়ার আগে গাড়ি জুড়ে দেয়ার মতো তারা এমন অবস্থার সৃষ্টি করে যাতে প্রচুর তরুণ প্রাণ ব্যরে যায় অকালে এবং দেশে স্বাধীনতাবিরোধী অপশক্তির তৎপরতা বেড়ে যায়। চরম বিশৃঙ্খলার মধ্যে দেশে দুর্ভিক্ষ সৃষ্টি হয় এবং স্বাধীনতাবিরোধীদের চক্রান্তে সপরিবারে নিহত হন সর্বকালের শ্রেষ্ঠ বাঙালি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। বাঙালির জাতিরাষ্ট্রের স্বপ্নটি মুখ থুবড়ে পড়ল। পরবর্তীতে জিয়াউর রহমান, এরশাদ ও

খালেদা জিয়া ক্রমাগতভাবে বাংলাদেশ রাষ্ট্রটিকে ঠেলে ঠেলে পাকিস্তানি ভাবধারার স্রোতে ফেলে দিল। মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত স্বাধীনতার মূলস্তম্ভের বিকৃতি ঘটানো হলো ইচ্ছাকৃতভাবে। অসাম্প্রদায়িকতা, গণতন্ত্র, সমাজতন্ত্র ও ধর্মনিরপেক্ষতাকে ছুঁড়ে ফেলা হলো আস্তাকুঁড়ে। স্বাধীনতাবিরোধীরা দখল করে রাষ্ট্রক্ষমতা, বাংলাদেশ পরিণত হয় এক ধর্মরাষ্ট্রে। আঘাতের পর আঘাত করা হলো বাঙালি জাতিসত্তার ওপর, সংস্কৃতি ও ঐতিহ্যের ওপর, অসাম্প্রদায়িক চেতনার ওপর, বিকৃত করে ফেলা হলো রক্তমাখা সংবিধান।

আওয়ামী লীগ বরাবরই ক্ষমতার বাইরে থাকাবছায় বাঙালি জাতিসত্তা ও মুক্তিযুদ্ধের চেতনাবিরোধী অপতৎপরতার বিরুদ্ধে লড়াই করে এসেছে। সোচ্চার হয়েছে তেয়ান্তরের সংবিধান পুনরুদ্ধারে, লড়াই করেছে মুক্তিযুদ্ধের পক্ষের সকল শক্তিকে সাথে নিয়ে কাঁধে কাঁধ মিলিয়ে। আর এই যৌথ লড়াইয়ের পরিপ্রেক্ষিতে আওয়ামী লীগ রাষ্ট্রক্ষমতায় আসীন হয়েছে। বাঙালি জাতি পঁচাত্তরে মুখধুবড়ে পড়া স্বপ্নকে নিজেদের ভেতর পুনর্জাগরণ ঘটায় এবং সূত্রী আকাঙ্ক্ষা নিয়ে অপেক্ষা করতে থাকে জাতিসত্তার আলোকে ত্রিশ লক্ষ শহীদের রক্তমাত বাংলাদেশ গড়ে তোলার।

কিন্তু ক্রমশ মানুষের চোখ ছানাবড়া হতে শুরু করল, ভাজপড়া শুরু হলো কপালে, মনের ভেতর ঘাই মারতে লাগল সন্দেহ। প্রথম বড় ধাক্কাটি এল,

# লিফটে আটকা পড়া

## ফজলুর রহমান চৌধুরী

বাংলাদেশ ব্যাংকের নিয়োগপত্র হাতে পেয়ে কি যে ভালো লাগছিল! খাওয়া-খাকার সব দুঃখ-কষ্ট বাদ। জনতা ব্যাংক, কালিবাড়ি বাজার শাখা থেকে এখানের বা কানাইঘাটের আরও কোনো কর্তন শাখায় নির্বাসিত হওয়া থেকে অন্তত মুক্তি পাওয়ার আনন্দে ভেতরে আন্দলিত হতে থাকল। দেশের কেন্দ্রীয় ব্যাংকের মতো স্নানামধ্য প্রতিষ্ঠানের একজন কর্মী অথবা কর্মকর্তা হয়ে নিজের, দেশ ও জাতির সেবা করব— এ ভেবে মনটা খুশিতে ভরে গেল। মনে পড়ে গেল দেশের জাতীয় ফুল শাপলা চত্বরের পাশে বাংলাদেশ ব্যাংক ভবনে ভাইভা পরীক্ষার পর জাতীয় মসজিদ বায়তুল মোকাররমে এসে দু’রাকাত নফল নামাজ পড়ার কথা। ভাইভায় কি কি উত্তর দিয়েছিলাম, কি কোনো ভুল করেছিলাম, এর স্মৃতি কল্পনা করছিলাম। চাচা সাহেবের মূদু ডাকে ফিরে আসলাম, ‘ও বেটা কি ভাবতাহত। দেরি করিরা লাভ নাই। রেডি হইয়া আজকেই আমার সাথে লও।’

ম্যানেজার সালাম সাহেবকে খবরটা দিলে খুব খুশি হয়ে বলতে থাকলেন, ‘এখন হইছে চৌধুরী সাবেক চাকরি, বাংলাদেশ ব্যাংকের খুব ভালো চাকরি, সব ব্যাংকের অভিভাবক।’ হাসিমুখে আরও বললেন, ‘এবলা আমরােরে প্রয়োজনে সাহায্য-সহযোগিতা করবা চৌধুরী সাব, আর কোন্টা দুঃখ কষ্ট দিয়া থাকলে মন থাইকা বাদ দিবা।’ আজকেই কর্মদিবস শেষে রেজিগনেশন লেটার জমা দিয়ে দেই।

ম্যানেজার সাহেব দ্রুততার সাথে সিলেট এরিয়া অফিসে ফরোয়ার্ডিং করলেন, যা পরদিন হাতে হাতে পৌঁছায়। এরপরের ঘটনা একটু ভিন্ন, অনেক ধীরগতিতে ফাইল নড়ছে। ১৯৮৯ সালের মার্চের মধ্যে আমাকে বাংলাদেশ ব্যাংকে যোগদান করতে হবে। সিলেট এরিয়া অফিস থেকে ইন্তফা কেইস ঢাকা পাঠাতে গড়িমসি চলছে। আমাকে চাকরি না ছাড়তে বোঝানো হচ্ছে। ইন্তফাপত্র গ্রহণপূর্বক অবমুক্তির জন্য জনতা ব্যাংক, প্রধান কার্যালয়ের অনুমোদন লাগবে। এর মধ্যে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার পার্সোনেল বিভাগে দেখা করি। সংশ্লিষ্ট কর্মকর্তা খগেশ চন্দ্র দেব নাথ স্যারের সাথে আলাপপূর্বক দরখাস্ত করি। পরিস্থিতি বিবেচনায় ১৯ এপ্রিল ১৯৮৯ সাল পর্যন্ত যোগদানের সময়সীমা অনুমোদিত হয়। জানিয়ে দেয়া হয় যোগদানের সময়সীমা আর বৃদ্ধি করা যাবে না। তিনি আরও জানানেন, কর্মশিয়েল ব্যাংকগুলোকে বলে দেয়া হয়েছে যারা এখানে আসতে চায় তাদেরকে সহসা ছেড়ে দিতে। পরের দিন সিলেট দৌড়ি। অফিস সাপ্তাহিক দু’দিন ছুটি, আছে আন্দোলন সংগ্রাম, হরতাল। সিলেট থেকে ঢাকা কেইস পাঠাতে বেশ দেরি হয়ে যায়।

মতিবিলে তখন নবনির্মিত ২৪ তলা জনতা ব্যাংক ভবন সবার দৃষ্টি কেড়েছে। আমার ফুফুর বাড়ি শতমুখা সাহেব বাড়ির প্রিয় বড়ভাই তাহের চৌধুরী এসপিও এ প্রধান কার্যালয়ে কর্মরত ছিলেন। তাহের ভাই পুরানা পল্টন বাসায় থাকতেন। আমার রেজিগনেশন গ্রহণ যত সম্ভব দ্রুত



অনুমোদনের জন্য তিনি সাহায্য করতে থাকলেন। প্রশাসন (ডিজিএম) শাখায় তিনি আমাকে সংশ্লিষ্টদের সাথে যথাযথ পরিচয় করিয়ে দিলেন এবং কাজটি তাড়াতাড়ি অনুমোদন করার জন্য অনুরোধ জানালে সবাই হাসিমুখে সায় দেন। শত শত ফাইল কেইসআপ হয়, ডাউন হয়। প্রথমে ডাক ফাইল (চিঠিপত্র কর্তৃপক্ষ দর্শন) ওপরের দিকে প্রেরণ, ডিজিএম (প্রশাসন) স্যারের

দেখার পর ডাউন হয়ে সেকশনে ফিরে আসা। সংশ্লিষ্ট টেবিলে বিতরণ, ইনওয়ার্ড রেজিস্ট্রারে এন্ট্রি, প্রাপ্তি তারিখ / গুরুত্ব নির্দেশনা অনুযায়ী নোটিংসহ উপস্থাপন। সেকশন থেকে কেইস পিয়ন মাধ্যমে লিফটের ৫, ৭, ৮, ৯, ১১ বা আরও কিছু তলায় ওঠানামা করে। ডিজিএম (প্রশাসন) হেলাল উদ্দিন স্যারের কথা খুব মনে পড়ছে। এত

কাজের ভিড় সামলাতে পারেন! শ্যামলা পাতলা-লম্বা গড়নের স্যারের চেম্বারে সারাদেশ থেকে ফাইল কেইস এসে নিমিষে স্তূপ হয়ে যায়। পিএ আপা এগুলো নিয়ন্ত্রণে সাহায্য করেন। তাছাড়া বিভিন্ন মিটিং, সাক্ষাতকার, আপিল, সালিশ ব্যাখ্যা, সিবিএ নেতৃবৃন্দের দাবি, আবাদার ইত্যাদি শত বামেলার মাঝেও স্বাভাবিক থেকে কখনও একটু হাসির রেখা, কখনও একটু কালো মুখে সামাল দিতে দেখা যাচ্ছে। আমার কাজ হলো প্রতিদিন ১১টা-১২টার দিকে এ অফিসে সালাম দিয়ে জিজ্ঞেস করা, আপা কেইস পাস হয়ে আসছে? ‘না এখনও আসে নি’ ডিজিএম (প্রশাসন) শাখার পিএ আপাকে সালাম দিয়ে জানা, ‘আপা কেইস কি চেম্বারে চুকছে? ‘না এখনও ফেরত আসা নজরে পড়েনি।’

যত দিন যাচ্ছে আমার টেনশন, হতাশা বেড়েই চলেছে। একপর্যায়ে কেইসের কোনো হদিস মিলছিল না কোথায় আছে! এভাবে সপ্তাহ পার হয়ে গেলে তাহের ভাইকে নিয়ে ডিজিএম (প্রশাসন) স্যারের আবার দ্বারস্থ হই। তিনি জানানেন ‘এরকম আরও কয়েকটি কেইস আছে, এগুলোকে একত্রে এনে আঠানো মতে কিছু তথ্য চেয়ে সেকশনে পাঠানো হয়েছে। ডোন্ট ওরি, হয়ে যাবে।’

চেম্বার থেকে আবার আশা নিয়ে তাহের ভাইসাহেবের অফিস কাজ, ফাইলপত্র গুছিয়ে একসাথে নয় তলা থেকে লিফট যোগে নিচে নামছি। ঘটে গেল জীবনের প্রথম লিফট দুষ্টটানা।

আমরা যখন লিফটে উঠি তখনই এর ক্যাপসিটি ১৫/২০ জন পূর্ণ ছিল। নিচে নামতে নামতে পথে অভার লোডে আরও ৭/৮ জন লিফটে উঠে পড়ে। ফলে নতুন ভবনে নতুন চালু হওয়া লিফট অতিরিক্ত ভারে গ্রাউন্ড ফ্লোরে না থেমে আন্ডারগ্রাউন্ডে চলে যায় অর্ধেকাংশ। দরজা খুলছে না। সবাই ভেতরে হুড়োহুড়ি, চিংকার শুরু করে দিয়েছে। কে কার আগে রেড বাটমে চাপ দেবে! গরমে ভেতরে সবাই যেমে যাচ্ছে। আমি আর তাহের ভাই পিছনে দাঁড়ানো থেকে দোয়া দরুদ, সুরা কালাম পড়তে থাকি। আল্লাহ আপনি দয়া করেন। নতুন চাকরিতে কি জয়েন করতে পারব না! বাইরে থেকে লিফটটি কেমন করে টেনে তোলার চেষ্টা করা হচ্ছে এবং ভেতরে দুই হাত দিয়ে শক্তি প্রয়োগে দরজা ফাঁক করতে বলা হলো। কয়েকজন মিলে দরজা কিছুটা ফাঁক করা হলো। প্রায় ১৫/২০ মিনিট পর কান্নাঝরা কণ্ঠে, ঘর্মাক্ত শরীরে আমরা বেরিয়ে এলাম। সে থেকে আজও আমার লিফট-ভীতি যায়নি। একা একা ভেতরে প্রবেশ করি না, তিন-চার তলা হলে হেঁটে ওঠা স্বাচ্ছন্দ্যবোধ করি।

জনতা ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার অনুমোদন নিয়ে কেইস ডাউন প্রক্রিয়ায় সিলেট এরিয়া অফিসের আদেশনামাসহ সর্বশেষ ছাড়পত্র ম্যানেজার, কালিবাাজার শাখা, বিয়ানীবাজার থেকে প্রাপ্ত হই। সেখান থেকে আবার ঢাকা রওনা হয়ে যখন বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের পার্সোনেল ডিপার্টমেন্টে পৌঁছি তখন শেষদিন ১৯ এপ্রিল, ১৯৮৯ পূর্বক পরিয়ে যায় যায়।

## ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ  
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার



স্থান পরিবর্তন

অফিসঃ ৩৭-২৯, ৭২ স্ট্রিট  
১ম তলা, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক

- ভ্যাকসিন, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, বাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকোজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরনের ইন্সুলিন গ্রহণ করা সহ বাংলাদেশী ডাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোনঃ ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩

## জান্নাত ফার্মেসি

(জ্যাকসন হাইটসে সম্পূর্ণ বাংলাদেশী মালিকানাধীন প্রতিষ্ঠান)  
**GRAND RE-OPENING SALES**



আপনার সেবায় আমরা নিয়োজিত  
Now We Accept EBT, FOOD STAMP & OTC CARD  
Bill Pay & Flexiload  
Sim Activation  
বাংলাদেশের ফোনে ফ্লেক্সিলোড

72-03 35<sup>th</sup> Ave, (Corner of 72<sup>nd</sup> St.) Jackson Heights, NY 11372  
Tel: 718-732-4288, 718-835-2041, Fax: 718-732-4287,  
Email: jannatpharmacy@gmail.com

ঔষধ সেবনের নির্দেশনা বাংলায় দেই

Free Delivery!  
10% SENIOR DISCOUNT  
Halal Vitamin & Supplements  
5¢ Copy & \$1 Fax  
Phone Cards & Flexiload  
Huge 99¢ Sections

Open: Monday – Saturday  
10:00 am to 8:00 pm

উডসাইডে আপনাদের পাশে  
**Bismillah Pharmacy**

6409 Broadway woodside

NY 11377

Phone 718-685-2017

জামাইকার সাটফিন ব্রুয়ার্ডে বাংলাদেশীদের সেবায় নিয়োজিত

## আস-সালাম ফার্মেসি



(সাটফিন ব্রুয়ার্ড, এফ ট্রেনের  
সাবওয়ায়ে এবং তাজমহল  
রেস্টুরেন্টের নিকটে)  
১৪৭-২৬, হিলসাইড এভিনিউ,  
জামাইকা, নিউইয়র্ক ১১৪৩৫



ফোন: ৭১৮-২৯১-০৭১৭

নিরাপত্তা ও বিশ্বস্ততার প্রতীক



**সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্ক**  
**SONALI EXCHANGE CO. INC.**

(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)  
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE NY DFS, NJ DB&I, MI DIFS, GA DB&F and MD OCFR



**খোশ আমদেদ**  
**মাছে রামাদ্বান**  
**সবাইকে পবিত্র ঈদ-উল ফিতর-এর**  
**শুভেচ্ছা**

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

**ASTORIA**  
718-777-7001

**ATLANTA**  
770-936-9906

**BROOKLYN**  
718-853-9558

**JACKSON HTS**  
718-507-6002

**BRONX**  
718-822-1081

**JAMAICA**  
347-644-5150

**MANHATTAN**  
212-808-0790

**MICHIGAN**  
313-368-3845

**OZONE PARK**  
347-829-3875

**PATERSON**  
973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

## বিশ্ব অটিজম সচেতনতা দিবস সংখ্যা

## সৃষ্টিকর্তার আশীর্বাদপুষ্ট নারী

### এইচ বি রিতা

সৃষ্টিকর্তা একদিন তার শিল্পশৈলীতে কিছুটা ব্যতিক্রম ঘটালেন তারপর পৃথিবীর উপর তার তীক্ষ্ণ নজর আরোপ করে ফেরেস্তাকে ডেকে বললেন, ‘ওই নারীটির গর্ভে আমার প্রতিবন্ধী আত্মার জন্ম হোক’ ফেরেস্তা বললেন, কিন্তু তিনি তো সুখী একজন নারী। সৃষ্টিকর্তা বললেন, ‘প্রতিবন্ধী আত্মাটির যত্নে অসুখী মাতাকে বাছাই করা অন্যায় নয় কি?’ ফেরেস্তা মাথা নাড়লেন। বললেন, যদি তার ধৈর্যচ্যুতি ঘটে? তিনি বললেন, ‘আমি দেখেছি তার মাঝে অসীম সাহস আর আত্মনির্ভরশীলতা ধৈর্য সময়ের ব্যাপার মাত্র।

তাকেই শিখাতে হবে শিশুটিকে, ব্যাখ্যা করতে হবে যে পৃথিবীতে টিকে থাকা সহজ কাজ নয়।

আমি সেইসব নারীদের গর্ভে আমার আশীর্বাদ রোপন করি, যারা আমার দৃষ্টিতে পৃথিবীর সকল বৈষম্য ও বিশৃঙ্খলাকে দেখার সুযোগ রাখে এবং বিচক্ষণতা ও দূরদর্শিতায় তা প্রতিহত করার মনোবল রাখে। তারা একা নয়! তারা অভিশপ্ত নয় আমি প্রতিনিয়ত তাদের পাশে থাকি, কেননা তারা আমার সৃষ্টিকে ধারণ করে এবং আমার হয়ে আমার সৃষ্টিকে লালন করে।

## আমার আমি

### রুপা খানম

আমি নতুন, আমি অবাধ এই পৃথিবীতে কেউ আমি দলছুট, দলপতি আমি হাওয়ায় ভেসে ভেসে ছুটি যখন তখন একাগ্রতায় আমি ভিন্ন তবে আলাদা নই আমি ভাবি সবই আমার! আমি ভাবি, তুমি কে?

আমি ভাবি, বড় হবো একদিন বাবা-মায়ের আদর স্নেহে পাড়ার সব ছেলে মেয়েদের সাথে মায়া মমতায়, আনন্দ, উল্লাসে ভোগ করে যাবো পৃথিবীর সব সৌন্দর্য। এক সাথে গান গাইবো, খেলা করবো এক সাথে পথ চলবো নেই ভয়, নেই ভয়, আমি, আমরা একা নই।

দুঃখ সুখে আমরা করি হর্ষ-বিষাদ দোয়েল চিয়া, ময়না, শালিক; সবই আমাদের। কামা হাঁসির দোলায় দুলি আমরা সবাই! আমরা নই আলাদা। আমাদের একি স্বপ্ন সুন্দর আগামীরা আমি, তুমি, আমাদের সবার স্বপ্নগুলি পাবে স্থান, এই মাটির পৃথিবীতে।

এই মাটি, পাহাড়, সুন্দর আকাশ, বাতাস এই সবই আমার, আমাদের! এই সবই আমাদের সবার এই পৃথিবী আমরাই একদিন করবো জয় আমরা করবো জয়! আমরা-ই করবো জয় একদিন!

## আমিই হল্যান্ড

### মুক্তি জহির

আমাকে কেন বলতে বলো কথা?  
কেন তুমি বোঝাতে বলো  
আমার মনে যা ঘটে তার সকল কথকতা।

তার চেয়ে বরং আমাকে তুমি পড়ো,  
যেমন করে গোথ্রাসে রোজ  
গ্রন্থগুলো আদ্যপান্ত পড়ছো তুমি।

ঘুম ভাঙতে রোজ সকালে আমার ঘরে আসো,  
কিছুই বুঝি পাওনি তুমি টের,  
নীরব দুটি চোখের জলে কত কথার নৌকা ভাসে।

মনে আছে তো এমিলি কিংসলের ‘ওয়েল কাম টু হল্যান্ড’?  
ওই যে ইটালি ভ্রমণ করতে চেয়ে হল্যান্ডে নেমে পড়েছিল?  
ভুল করে নয়, পরিকল্পনা বদলই ছিল কারণ।  
আমাকে নিয়ে তোমার দশাও তাই।  
ইটালিতে ল্যান্ড করার প্রস্তুতি, তুমি মগ্ন আর উচ্ছ্বসিত,  
অথচ তোমাকে ল্যান্ড করতে হলো হল্যান্ড।

তোমাকে শিখতে হল কত কিছু!  
ধীরে ধীরে আবিষ্কার করলে আমার মত মানুষদের,  
যারা ছিল তোমার কাছে দূরের কোনো অজানা দ্বীপ, সেই হল্যান্ড...  
এরপর ইটালি আর হল্যান্ডের পার্থক্যগুলো তোমাকে  
কুঁড়ে কুঁড়ে খাচ্ছিল প্রতিদিন।

তুমি আবিষ্কার করতে থাকলে হল্যান্ড, এখানে উইন্ডমিল আছে,  
টিউলিপ আছে , যা ইটালিতে নেই।  
এত দিনে তুমি বুঝে গেছ ইটালি এক সুসজ্জিত ট্রানজিট,  
যেখান থেকে ফিরে এসে মানুষ ওখানকার সুখস্মৃতি  
রোমন্থন করে মাত্র।

হল্যান্ডে কোন ট্রানজিট নয়,  
দীর্ঘস্থায়ী এক বসবাস।  
আমি তোমার হল্যান্ড-বাস, আমি তোমার দীর্ঘস্থায়ী নিবাস।  
তোমাকে ছেড়ে যাবার কোন পরিকল্পনা আমার মাথায়ই আসে না।

এখন বল কি ভাবছো?  
হল্যান্ডে ল্যান্ড করে তুমি কি ভুল করেছ?



# স্বাভাবিক, ঝুঁকিপূর্ণ— সবাই আমাদের সন্তান

সাদিয়া ইসলাম আফরিন



প্রোগ্রাম উপস্থাপন করা হয়। সরকারি স্কুলগুলোতেও নীল কাপড়ে পথে হেঁটে অটিজমকে গ্রহণ করা হয়। আশা রাখি, বাংলাদেশেও অটিস্টিক ও নানান প্রতিবন্ধকতায় থাকা শিশুদের যত্ন ও সহায়তায় সরকারি তহবিলসহ অন্যান্য প্রয়োজনীয় শিক্ষণীয় ব্যবস্থাগুলো সরকারের পক্ষ থেকে ব্যাপকভাবে চালু করা হবে। সেই সাথে সচেতন নাগরিক হিসাবে আমাদেরও বুঝতে হবে, অটিজম কোনো পৃথক শব্দ নয়। অটিস্টিক শিশুরা ভিন্ন গ্রহের নয়। আমাদের প্রতিটা শিশু যেন একে অন্যের হাত ধরে মুক্ত আকাশতলে নিঃশ্বাস নিতে পারে, সেই মন-মানসিকতা আমাদেরকেই বৃদ্ধি করতে হবে।

প্রতিবন্ধকতায় থাকা শিশুদের যত্নে বাবা-মায়ের ভূমিকা ব্যাপক। তাঁদের দুর্দান্ত সাহস, যত্ন ও মনোবলের কারণেই শিশুরা আজ বলতে পারে, চলতে পারে, হাসতে পারে। একটি স্বাভাবিক শিশুর সাফল্যের পিছনে তার বাবা-মায়ের যে ভূমিকা, তার চেয়ে অনেক বেশি ভূমিকা রাখেন একটি ঝুঁকিপূর্ণ শিশুর পিতা-মাতা তাঁদের সন্তানের লালন-পালনে। তাই, প্রতিটি অটিজম ও অনন্য ঝুঁকিপূর্ণ শিশুর পিতা-মাতাদের স্যালুট জানাই।

বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের মধ্যে অটিজম শিশুদের কথাই বেশি শোনা হয় আমার। যতটুকু গবেষকদের আলোচনায় জানি, অটিজম হলো বিশ্বের দ্রুতবর্ধমান বিকাশগত অক্ষমতা। অটিজম একটি জটিল মায়বিক বিকাশ সংক্রান্ত রোগের শ্রেণী; যা সামাজিক বিকলতা, কথা বলার প্রতিবন্ধকতা এবং সীমাবদ্ধতা, পুনরাবৃত্তিমূলক এবং একই ধরনের আচরণ দ্বারা চিহ্নিত হয়। এটি কোনো ভয়ংকর বা জীবননাশকমূলক রোগ নয়, বরং সচেতনতার সাথে সহজভাবেই আমরা এটিকে গ্রহণ করতে পারি।

সমস্যা হলো আমাদের সমাজ। সমাজ বলতে এই আমি, আপনি, আমরাই। আমাদের সমাজে এখনো শুধু অটিস্টিক শিশু নয়, যে কোনো প্রতিবন্ধকতায় থাকা একটা শিশুকে স্বাভাবিকভাবে খুব কমই গ্রহণ করা হয়। কিছু কুসংস্কার তো রয়েই যায়। কেউ কেউ এখনো বিশ্বাস করেন যে, বাবা-মায়ের কোনো পাপের কারণে এমন শিশুর জন্ম হয়। তাছাড়া একটা প্রতিবন্ধকতায় থাকা শিশুর আচরণ যেহেতু কিছুটা ঝুঁকিপূর্ণ হয়, তাই তারা সম্পূর্ণভাবে সামাজিক যোগাযোগ রক্ষার্থেও অনেক সময় ব্যর্থ হয়। আর সেই

সব কারণে দেখা যায় অনেক বাবা-মায়েরা তাঁদের সন্তানকে নিয়ে কোনো অনুষ্ঠানেও যেতে কুষ্ঠাবোধ করেন। তাঁরা ভেতরে ভেতরে পীড়ন সহ্য করেন। আবার এমনও পরিবার আছে যেখানে একটি বিশেষ চাহিদাসম্পন্ন শিশুকে পরিবারের অন্যরাই গ্রহণ করতে চান না। সেসব পরিবারে মায়েরদের একাই লড়াই

করতে হয়। যদিও দেশ বিদেশে অনেক বাবা-মায়েরাই এখন বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের যত্নে বেশ সফলতার সাক্ষর রাখছেন, তবে বেশিরভাগ বাবা-মায়েরদের বেলায়, বিশেষ করে বাংলাদেশের শহর এবং গ্রামাঞ্চলগুলোতে অটিজম বা অন্যান্য মায়বিক-মানসিক সঙ্কটপূর্ণ অবস্থাগুলো নিয়ে

খুব একটা সচেতনতা এখনো বৃদ্ধি পায়নি। এসবের কারণে মূলত শুধু আমরা অসচেতন-অমানবিক ব্যক্তিরাই নই, রাষ্ট্রীয় প্রশাসনিক দায়িত্বহীনতা মূল ভূমিকা রাখে।

এপ্রিল বিশ্বব্যাপী অটিজম সচেতনতার মাস। এ মাসে বাইরের দেশগুলিতে অটিজম সচেতনা বাড়াতে অটিজমভিত্তিক নানান

এপ্রিল মাস হলো অটিজম সচেতনতার মাস। সারা বিশ্বের মানুষের মনে অটিজম সম্পর্কে সচেতনতা সৃষ্টি করাই এর মূল উদ্দেশ্য। আমি এখানে কয়েকটি কেস স্টাডির মাধ্যমে আপনাদের সামনে তুলে ধরব অটিজম সম্পর্কে এবং আমাদের সমাজ এবং পারিবারিক আবহে আমরা কী ধরনের সমস্যার সম্মুখীন হই এই বিশেষ ধরনের সন্তানদের নিয়ে।

#### কেসস্টাডি-১

মা-বাবার কোল আলো করে জন্ম হয় অন্তর। প্রসবকালীন কিছু জটিলতা নিয়েই অন্তর জন্ম হয়। মা ও সন্তানের জীবন নিরাপদ করতে ফরসেপ ডেলিভারির মাধ্যমে ওর জন্ম। ফলশ্রুতিতে মাথায় মারাত্মক জখমপ্রাপ্ত হয় অন্তর। ডাক্তার আশার বাণী শোনান বড় হলে সব কিছু স্বাভাবিক হয়ে যাবে।

প্রকৃতির নিয়মে সময় পার হয়। শিশুকাল পার হয়ে অন্তর কৈশোরে পা রাখে। কিন্তু মা-বাবা হতাশ হয়ে দেখেন আর দশটা বাচ্চার মতো তাদের অন্তর বেড়ে উঠেনি! ওর চলাফেরা, কথা বলা স্বাভাবিক নয়। ইতোমধ্যে চিকিৎসাসহ অনেক টাকা খরচ হয়ে গেছে কিন্তু কাক্সিত ফল রয়ে গেছে সুদূর পরাহত! তার মধ্যেই শরীরে যৌবনের হাতছানি। পরিবারের কেউই যেন ওকে আর সামলাতে পারছিল না। অন্তরকে ভর্তি করা হলো স্পেশাল চাইল্ড কেয়ার সেন্টারে। কিন্তু হতাশার আগল থেকে অভিভাবক যেন বের হতে পারে না। ওখানে ভর্তির পর দিনে দিনে অন্তর শরীর খারাপ হতে লাগল। মেজাজ আরও খিটখিটে! শরীরের বিভিন্ন জায়গায় নানা রকমের দাগ! সেন্টারের দায়িত্বশীল ব্যক্তিদের কাছে কারণ জানতে চাওয়া হলে জানায়, অন্তর খেতে চায় না, কথা শুনতে চায় না। এর পরের কাহিনী খুবই করুণ! একদিন চাইল্ড কেয়ার কর্তৃপক্ষ ফোন করে জানায় অন্তর আর বেঁচে নেই! বাবা-মায়ের কাছে ফেরত আসে অন্তর অস্টিচর্মসার দেহ!

#### কেসস্টাডি-২

মা-বাবার দ্বিতীয় সন্তান সুমন। খুবই সুন্দর দেখতে। সবকিছু ভালোভাবেই চলছিল। কিন্তু বয়স যখন সাত মাস তখন থেকেই সমস্যার শুরু। হঠাৎ করে কিছুক্ষণের জন্য সুমন শক্ত হয়ে যেত। আবার স্বাভাবিক হাসিখুশি অবস্থায় ফিরে আসত। কিন্তু সমস্যা ধীরে ধীরে বাড়তে লাগল। মুখে লাল রাবতে লাগল, চোখের দৃষ্টি স্থির হয়ে যেতে লাগল! হাসিখুশি বাচ্চাটা ক্রমশই যেন একটা জড়বস্তুর পরিণত হতে চলল! চিন্তিত অভিভাবক এবার ডাক্তারের শরণাপন্ন হন। কিন্তু ডাক্তার কোনো আশার বাণী শোনান না! জানান, সুমন এক জটিল মায়ুবিক রোগে আক্রান্ত। সুমন

জীবনে কখনোই কথা বলতে পারবে না, হাটা-চলাও করতে পারবে না! এখান থেকেই মূলত অভিভাবকের যুদ্ধের শুরু! সে যুদ্ধের সাথী কেউ হয় না। কেবল দীর্ঘপথ পাড়ি দেয়া ধূসর চোখে! সুমনের জীবনের যুদ্ধটা খুবই করুণ! মুক-বধির, চলৎশক্তিহীন একটা অটিস্টিক শিশুর জন্য পরিবারের কিছুই চাওয়ার থাকে না। শুধু থাকে অবজ্ঞা আর অবহেলা। তাই ওদের জীবনের দৈর্ঘ্যও বেশি বড় হয় না!

#### কেসস্টাডি-৩

স্থান নিউইয়র্ক। এ শহরে রঙিন স্বপ্নে জাল বোনা এক দম্পতির ঘর আলো করে আসে রাশেদ। সুস্থ স্বাভাবিক শিশু হিসাবেই ওর জন্ম। বয়স যখন দু'ছর তখন ওর অস্বাভাবিকতাগুলো স্পষ্ট হতে থাকে। হাটা এবং কথাবলার প্রচণ্ড জড়তা নিয়ে ও বড় হতে থাকে। অভিভাবক এবং ডাক্তারের তত্ত্বাবধানে চলতে থাকে চিকিৎসা এবং থেরাপি। স্পেশাল স্কুলে ভর্তি করা হলো। অভিভাবক, ডাক্তার এবং শিক্ষকদের মিলিত প্রচেষ্টায় রাশেদ এখন অনেকটাই স্বাভাবিক জীবনযাপন করে। মায়ুবিক দুর্বলতা কখনো পুরোপুরি যায় না। কিন্তু সবার মিলিত প্রচেষ্টা একজন মানুষকে অনেকটাই বাধা কাটিয়ে উঠতে সাহায্য করে।

অটিজম কখনোই অভিশাপ নয়!

এটা একটা রোগ। মায়ুবিক রোগ। এ রোগে আক্রান্ত রোগীর পাশে যেমন থাকবে পরিবার, তেমনিভাবে পরিবারের পাশে থাকবে সমাজ। কারণ সমাজের মানুষের ভয়ে অটিস্টিক বাচ্চাদের নিয়ে অভিভাবক কখনোই কোনো সামাজিক অনুষ্ঠানে যেতে চান না। এতে করে শিশুদের মনে সমাজের মানুষ সম্পর্কে এক বিরূপ ধারণার জন্ম নেয়। মানুষ দেখলেই তারা নানারকম জেদ করে। ওরা যেহেতু স্বাভাবিক মানুষের মতো চলতে পারে না, বলতে পারে না। তাই জেদ হলো ওদের প্রধান অস্ত্র। আমরা সবাই যদি সচেতন হতে চেষ্টা করি, ওদের প্রতি সহানুভূতিপূর্ণ আচরণ করি তাহলে ওরাও কিন্তু ওদের মেধার সাফল্য রাখতে পারবে সমাজে। মনে রাখবেন প্রতিটা অটিস্টিক শিশুই কোনো না কোনো দিক দিয়ে মেধাবী।



হল থেকে বাসে করে ফ্যাকাল্টিতে যেতে সাধারণত আমার নামতাম লাইব্রেরির সামনে। সেখান থেকে ক্লাসে যাবার সময় প্রায়শ আমাদের এক মেয়ে বন্ধুকে সাজগোজ করে ঝলমলে শাড়ি পরে দাঁড়িয়ে থাকতে দেখতে পেতাম। আমি এতটাই ভাবলেশহীন ছিলাম যে, তার এভাবে দাঁড়িয়ে থাকার কারণটা মোটেই আঁচ করতে পারিনি সেসময়। একদিন সে ইশারায় আমাকে কাছ ডাকে ও স্পষ্টত বলে, আমি কেন, কার জন্য দাঁড়িয়ে থাকি তুমি কিছু অনুমান করতে পার! তার নাম এ্যামা যার বিভাগ আমাদের অর্থনীতি বিভাগের পাশেই। সাদা আর কালোর মাঝামাঝি অদ্ভুত এক ধূসর রঙে রাস্তা চরিত্র তার।

তাকে দেখে তার প্রেমে পড়েছি এমন তরুণ হয়ত পাওয়া যাবে না, তবে প্রগাঢ় ব্যক্তিত্ব তাকে আলাদা এক মহিমাময় আভাষ সমুজ্জ্বল রাখত সবসময়।

ভালোলাগা আর ভালোবাসা আসলে খুব শক্তিশালী, এটি কাউকে সৃষ্টি করা বোধ হয় আবশ্যিক হয় না। নিজেকে কেবল খালি পাত্র হয়ে উঠতে পারলে, এটি নিজেকে নিজেই পূর্ণ করে ফেলে একদিন। শেষ অবধি একসময় এ্যামার ভালোলাগার সাথে নিজেকে জড়িয়ে ফেললাম আমি। রবার্ট ফ্রস্টের Stopping by woods on a snowy evening-এর মতো তাকে দেখে যেন থমকে দাঁড়িয়ে গেলাম! আগে শুনেছিলাম ভালোবাসার কোনো রঙ বা দেশ, কাল নেই,

আমাদের বেলাতেও ঘটল ঠিক তাই।

ভালো জিনিস ও সুন্দর সুখের প্রতি সাধারণত আকাঙ্ক্ষা কার না আছে এবং কেউই বোধহয় একেবারে নির্মোহ নয় এ জগতে! একজন ব্যক্তি নিজে থেকে ভালোলাগা অনুভব করে অন্যজনের বাহ্যিক মুগ্ধতায় যা তাকে প্রলুব্ধ করে এবং নানাভাবে প্রভাবিত করে সময় সময়।

এক রোদেলা দুপুরে ফ্যাকাল্টিতে ঢুকতে যাবার পথে এ্যামাকে আমার জন্য দাঁড়িয়ে অপেক্ষারত অবস্থায় পেলাম। সে বলল, তোমার তো ক্যামেরা আছে। চলো আজ সারা বিকেলজুড়ে ফটো ওঠাব আমরা। আমাদের অর্থনীতির আরেক বন্ধু সাজিদ যার নারিয়া নামের এক মেয়ে বন্ধু ছিল তখন। এ্যামা ও নারিয়া একই বিভাগের ছাত্রী ও ঘনিষ্ঠ বন্ধু। ঠিক হলো আমরা চারজনই একসাথে বেরোব বিকেলে লেডিজ হলের ওপাশে পাহাড়ি এলাকায়। ছবি তোলার জন্য আমাদের জুনিয়র, আমার ক্রমমেট আদনানকে সাথে নিতে চাইলে এ্যামা তাতে সম্মতি জানায়। কারণ সেসময় তো সেলফোন আবিষ্কৃত হয়নি, আর তাই স্বভাবত সেলফি তোলার প্রচলন বা সুযোগও একেবারেই ছিল না। যথারীতি বিকেলে আমরা চষে বেড়ালাম পাহাড়, বর্ণা, বালিয়াড়ি ও গিরিখাদ। ক্যামেরায় ছবি ধারণ করা হলো, যার মধ্যে যুগল ছবির সংখ্যা ছিল অনেক। সে অন্যরকম রোমাঞ্চকর এক অনুভূতি যার সৌন্দর্যের মহিমা পাঠ করা ও বর্ণনা দেয়া এক কথায় কঠিন!

সেই সময় লেডিস হল আলাওল হলের সাথে সম্পৃক্ত ছিল। বার্ষিক পিকনিক হবে রাঙামাটিতে। পূর্বপরিকল্পনা মতো পিকনিকের দিন সেখানে পৌঁছেই এ্যামা, নারিয়া, সাজিদ আর আমি সাপান নিয়ে পারি জমাই লেকের পানিতে ভেসে বেড়াতে। সারাদিনমান এক রোমান্টিকতার আবহে নিমগ্ন থাকি আমরা। বিকেলে যখন রাঙামাটিতে ফিরে আসলাম, পিকনিক তখন প্রায় শেষ হবার পথে। আগেরবার দায়ান স্যারের রোমানল থেকে বেঁচে গেলেও এবার ধরা খেলাম একেবারে সামনাসামনি। সার কেবল ঞ্চ কুঁচকে বললেন, পিকনিক করতে এসে কোথায় যেন হারিয়ে গেলে তোমরা!

অগত্যা মাথা নিচু করে তাড়াহুড়ো করে খাবার খেয়ে গাড়িতে চাপলাম আবার। সেদিন পিকনিক না করে অভিসার শেষে রাতে একসময় হলে ফিরে এলাম আমি।

ভালোলাগা থেকে ভালোবাসা, মানে বোধ হয় একজন আরেকজনের জন্য মনের মধ্যে এক ধরনের মিষ্টতা অনুভব করা। সেই মিষ্টতা মধুরতা শুধুই দুজনের ভেতরের সৌন্দর্যবোধ। এপ্রসঙ্গে ইংরেজি সাহিত্যের দিকপাল আমার অত্যন্ত প্রিয় রোমান্টিক মানুষ, শেক্সপিয়ারের লেখা একটা সংলাপকে আমাদের মতো করে বলতেই হয়—We were faithful to each other in our own fashion. আমরা দু'জন আমাদের মতো করেই,একে অপরের প্রতি সং ছিলাম সবসময়।

মাস্টার্স ফাইনাল পরীক্ষার সময় ঘনিয়ে এলো। আমাদের সব অনুভব ও উচ্ছ্বাসের ভাবনার দরিয়ায় তখন ভাটার টান। সেইসাথে ঘনিয়ে এলো আমাদের দু'জনের একটা কঠিন সিদ্ধান্তে আসবারও। উভয়ে অনুভব করলাম, এই বয়সে হাতের ওপর হাত রাখা যতটা সহজ, সারাজীবন এর ভার বহিতে পারা বোধ হয় ততটা সহজ নয়! কষ্ট হলেও এটাকে ফেঁচ বা নিয়তি হিসেবে মেনে নেয়াটাই সমীচীন বলে মনে হয়। আসলে প্রেম ভালোবাসার সহজলভ্যতার এই পৃথিবীতে সবচেয়ে বিরল দৃষ্টি জিনিস—মনের মানুষ ও মানুষের মন। এই দুটোর ওপর বিশ্বাস থাকা ভালো এবং উচিতও বটে। তবে সেটা কেবলই নিজের মধ্যে। কখনওই এগুলো নিয়ে অতি আত্মবিশ্বাসী হয়ে ওঠাও উচিত নয়। কারণ হাওয়ার দিক পরিবর্তন হয়ে কখন কোনদিকে বয়ে যায় সেটা সর্বদাই অনিশ্চিত। হোক সেটা প্রকৃতির হাওয়া অথবা মনের। আসলেই বোধহয় ভালোবাসা রঙ বদলায় আর planet rule একদিন মানুষকে সব ভুলিয়ে দেয়।

তারপর দিন বয়ে যেতে থাকে। দিন বয়ে যায়, সুখে দুখে ও পাওয়া না পাওয়ায়। অনেক কিছু কাছে আসে, তারচেয়ে বেশিকিছু দূরে যায়। আমি রাতে শুয়ে শুয়ে সুপ্রভাতের স্বপ্ন দেখতে থাকি। ভোরের সূর্য লাল আলো ছড়ালো কি ছড়ালো না, দেখার জন্য আমি হলকমের পেছনের পাহাড়টির দিকে তাকিয়ে দেখি। পৃথিবীর সব ধূসর রঙের সাথে সাদা হতে হতে লাল সে আভা আস্তে আস্তে মিশে যাচ্ছে আকাশে। সূর্যোদয়ের সময়ের চেয়ে মূল্যবান হচ্ছে এর আগের সময়টুকু। সে সময় তীর ঘন থকথকে লাল রঙ মাত্র বের হতে শুরু করে। পল্লবহীন গাছগুলো ভেদ করে আলো এসে ঠিকরে পড়ছে যেন সর্বত্র। চাঁদের রূপটা এখানে যেন অন্যরকমভাবে ধরা

দেয় আমার কাছে। আজ সারাদিনমান এর তো আর জ্বলে ওঠার কোনো সম্ভাবনা নেই, সন্ধ্যা অবধি কেবল নিভে নিভে নিশ্চল থাকা ছাড়া। এমন এলোমেলো ভাবনার মাঝে আমাদের সম্পর্কের পরিণতিটা নিয়ে নির্ভার হতে চাইলাম দু'জনাই।

সব স্তরুরই একটা শেষ থাকে। এ্যামার সাথে পরিচয়, সে থেকে দুজনে অন্যরকম এক ভালোলাগা থেকে ভালোবাসায় জড়িয়ে যাওয়া, আর তার পাহাড় সমান ভালোবাসা আমাদের জন্য এক অমোঘ সত্য হয়ে দেখা দেয়! সহৃদয় পাঠকদের একটা উৎসুক থেকেই যেতে পারে, এমনতর পরিস্থিতিতে ফটোর ভাগ্যে কি ঘটেছিল বলে! ভবিষ্যৎ নিরাপত্তার কথা ভেবে এ্যামা এসব চাইলে,রিলসহ সব ফটো সানন্দে তাকে ফেরত দিয়ে দিলাম। সে কেবল আমাদের দুজনের একটা যুগল ফটো স্মৃতি হিসেবে আমাকে দিয়ে দিলে, এই প্রেম ভালোলাগার এখানেই মধুরেন পরিসমাপ্তি ঘটে।

এত হাসি, এত কথা নিয়ে বুকে নিশ্চুপ হয়ে থাকি, বেদনার পায়ে চুমু খেয়ে বলি এইতো জীবন, এইতো মাধুরী, এইতো অধর ছুঁয়েছে সুখের সূত্ন সুনীল রাত...।

সেই কবেরকার ঘটনা! এমন মধুর সম্পর্কের কথা, মানুষ আমতু্য লালন করে স্মৃতির কন্দরে। পলাশ শিমুলের আগুন রঙা বসন্তের উত্তরীয় সর্ব অঙ্গে জড়িয়ে এ্যামা এখনও আমার কাছে আবহমান বাঙলার নারীর সৌন্দর্য ও সংস্কৃতির প্রতীক। তাই বুঝি জগতসংসারে মানুষের ভালবাসার পাল্লা সদাই সুশ্রী রমণীদের রূপ-সৌন্দর্যের প্রতি ঝুঁকে থাকে সবসময়।

এটা একটা সময়ের গল্প। একদিন কত দূরেই না চলে যাব আমরা সবাই! জীবন কারও জন্য কখনও থেমে থাকে না। জীবন বহে চলে তার নিজস্ব নিয়মে। তাই সানন্দ সুন্দর দিনের স্বপ্ন বুনেতে হয় আর আপন বিশ্বাসে ভর করে এগিয়ে যেতে হয় সবসময়। কেননা দিনশেষে আমরাই আমাদের জীবনের লেখক।

(পুনশ্চ : এই সত্যি ঘটনাটি স্পর্শকাতর বিধায়, এখানে এ্যামা, সায়লা, নুপুর, জারা, নারিয়া, সাজিদ ও নোবেল এই কয়জনের প্রকৃত নাম আড়াল করা হলো)



# GOLDEN AGE

## HOME CARE

Licensed Home Health Care Agency



**CDPAP**  
Service

**HHA/  
PCA**  
Service

Skilled  
**Nursing**

**Most Popular Home Care Agency**

প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে  
আপনজনকে সেবা দিয়ে  
অর্থ উপার্জন করুন

**MAKE MONEY BY SERVING  
YOUR RELATIVES AT HOME  
WITHOUT TRAINING**

**JACKSON HEIGHTS HEAD OFFICE**

71-24 35th Avenue Jackson Heights, NY 11372

Ph: **718-775-7852**, Fax: **917-396-4115**

**BRONX OFFICE**

831 Burke Avenue  
Bronx, NY 10467  
Ph: 347-449-5983  
Fax: 347-275-9834

**BROOKLYN OFFICE**

509 McDonald Ave  
Brooklyn, NY 11218  
Ph: 347-781-2778  
Fax: 917-396-4115

**JAMAICA OFFICE**

164-05 Hillside Ave  
Jamaica, NY 11432  
Ph: 718-674-6002  
Fax: 917-396-4115



**Shah Nawaz** MBA  
President & CEO  
Ph: **646-591-8396**

Email: [info@goldenagehomecare.com](mailto:info@goldenagehomecare.com)  
www. **goldenagehomecare.com**

**M&N HOME CARE SERVICES LLC**

**\$23/hr**

**CD PAP – PCA – HHA**



**866-688-6922**



ড. মধুসূদন মালো

## বাংলাদেশি-আমেরিকান বিজ্ঞানীর ডায়বেটিস গবেষণার গল্প

জাহেদ আহমদ

চিকিৎসা বিজ্ঞানী ড. মধুসূদন মালো ৪০ বছর ধরে আমেরিকায় আছেন। বোষ্টনে তাঁর একটি ছোট বায়োটেক কোম্পানিও আছে। কিন্তু বিগত কয়েক বছর তিনি বেশিরভাগ ভাগ সময় বাংলাদেশে ব্যয় করছেন ডায়বেটিস গবেষণার কাজে। তিনি বাংলাদেশ ডায়মেটিক সমিতির উপদেষ্টাদের একজন এবং বারডেমের খণ্ডকালীন অধ্যাপক।

সম্প্রতি তাঁর নেতৃত্বে পরিচালিত একটি ডায়বেটিস গবেষণার ফলাফল প্রকাশিত হয়েছে BMJ Open Diabetes Research and Care নামক মেডিকেল রিসার্চ জার্নালে। আমেরিকান ডায়মেটিক এসোসিয়েশন আর ব্রিটিশ মেডিক্যাল জার্নালের একটি যৌথ উদ্যোগে এই জার্নালটি প্রকাশিত হয়।

ড. মধুসূদন মালো এবং তাঁর টিম পাঁচ বছরব্যাপী ৩০ থেকে ৬০ বছর বয়সী ৫৭৪ জন বাংলাদেশি ওপর গবেষণা করে ডায়বেটিস রোগের নতুন একটি কারণ খুঁজে পেয়েছেন : ইন্সটাইনাল এলক্যালাইন ফসফেটেজ বা আইএপি নামক শরীরের অস্ত্রের এক ধরনের বিশেষ এনজাইম যাচাতি। মল পরীক্ষা করে বলে

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ১



শোভাযাত্রা মঙ্গল শোভাযাত্রায় আনন্দ উল্লাসে মেতে ওঠেন সকল বয়সী লোকজন। ছবি: সংগৃহীত

## নিউইয়র্কের লেফট্যানেন্ট গভর্নর বেঞ্জামিনের পদত্যাগ

এইচ বি রিতা

প্রচারণা তহবিলে অর্থ যোগানের বিনিময়ে রাজ্যের অনুদান পাইয়ে দেয়ার অভিযোগ উঠেছে নিউইয়র্কের লেফট্যানেন্ট গভর্নর ব্রায়ান এ ব্যাঞ্জামিনের বিরুদ্ধে। এর জের ধরে তাঁকে আদালতে উপস্থিত হয়ে জামিন নিতে হয়েছে।

জামিন নেয়ার কয়েক ঘণ্টা পর রাজ্য গভর্নর ক্যাথি হকুল লেফট্যানেন্ট গভর্নর



ব্রায়ান ব্যাঞ্জামিন

ব্রায়ান বেঞ্জামিনের পদত্যাগের কথা জানান। গভর্নর ক্যাথি হকুল ১২ এপ্রিল মঙ্গলবার বিকেলে ঘোষণা করেন, ব্রায়ান বেঞ্জামিনের পদত্যাগপত্র তিনি গ্রহণ করেছেন।

গভর্নর হকুল এক বিবৃতিতে বলেন, ‘যদিও আইনিপ্রক্রিয়া চলছে, এটা আমাদের দুজনের কাছেই স্পষ্ট যে তিনি

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ১

## বিয়ের মাধ্যমে গ্রীনকার্ডধারীদের জন্য অভিবাসন বিভাগের নির্দেশনা

রওশন হক

আমেরিকায় বৈবাহিক সূত্রে পাওয়া শর্তযুক্ত বা কন্ডিশনাল গ্রীনকার্ড নবায়নের জন্য এখন থেকে কোনো সাক্ষাৎকারের প্রয়োজন হবে না। মার্কিন অভিবাসন বিভাগ ৭ এপ্রিল বৃহস্পতিবার এ নিয়ে

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ১

## দূর পরবাসে স্বমহিমায় উজ্জ্বল চিকিৎসক জিমুরাইন

আসিফ মোস্তাদির

পুরো ইউরোপের বাংলাদেশিদের সেবায় নিজেকে নিয়োজিত করেছেন এক চিকিৎসক। বিদেশি বিড়ুইয়ে বাংলাদেশের নাম উজ্জ্বলকারী এই চিকিৎসক হলেন ডা. জিমুরাইন জায়গীরদার। দেশের বাইরে চিকিৎসা সেবায় যোগ দিতে হলে পাড়ি দিতে হয় পাহাড়সম চ্যালেঞ্জ। ডা. জিমুরাইন জায়গীরদার এরকম অসংখ্য চ্যালেঞ্জের মোকাবেলা করে বর্তমানে অয়ারল্যান্ডের রাজধানী ডাবলিনের কনোলি হাসপাতালে এনেছেসিয়া এন্ড ইন্টেনসিভ কেয়ারের কনসালটেন্ট হিসেবে কাজ করছেন।

জিমুরাইনের মা বলতেন, “বাবা, বড় হয়ে কখনও অসততা আর মূল্যবোধের অবক্ষয়ের কাছে মাথানত না করে মানুষের ডাকে, সেবায়



ডা. জিমুরাইন জায়গীরদার

সবসময় নিজেকে নিয়োজিত রাখো।” চিকিৎসাসেবা প্রদানের জন্য নিজে

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৪

**HILLSIDE TAX & MULTISERVICES INC.**

- Income Tax
- Sales Tax
- Corporate Tax
- Partnership Tax
- Business setup
- Payroll (W2, 1099)
- All immigration Services
- Accounting & Bookkeeping

**MD SHORIFUL ISLAM**  
President & CEO

165-19 HILLSIDE AVE, 2ND FL, JAMAICA NY 11432  
Tel: 347-254-9924, Email: HillsideTax21@gmail.com

**ZAKIR CPA, PLLC**  
Certified Public Accountants  
Accurate, Fast & Reliable Services

আমাদের সেবা সমূহ:

- ব্যক্তিগত ও বিজনেস ট্যাক্স কনসাল্টিং
- কর্পোরেশন ও এল এল সি সেটআপ
- বুককিংগিং ও রিটার্নস প্রস্তুতকরণ
- এসআইএম সিস্টেম
- জার্মানি ভিসা
- পে-হেল্প

929-207-1516  
1506 Castle Hill Ave,  
2nd Floor, Bronx, NY-10462

আমরা ইমিগ্রেশন এবং সিটিজেনশিপ এর আবেদন করে থাকি

www.zakircpa.com info@zakircpa.com

**এক্সিডেন্ট কেইসেস**  
বিনামূল্যে পরামর্শ

প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন  
**TOLL FREE 1-866-MOIN-LAW**  
**Cell: 917-282-9256**  
To Schedule Appointment Only.

- পান্ডী এক্সিডেন্ট
- বিস্টিং এ দুর্ঘটনা
- ট্রিপ এন্ড ফল
- বিকলাঙ্গ শিশুর জন্ম
- কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- লেড পয়জনিং

**IMMIGRATION**

Law offices of Timothy Bompert 37-11 74 St, Suite 209, Jackson Heights, NY 11372  
Manhattan & Long Island Office By Appointment Only  
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076  
Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC. Timothy Bompert is admitted in NY only

ম্যারিনল্যান্ডে বাড়ি ক্রয় বিক্রয় সহযোগিতার জন্য কল করুন

**RE/MAX PROS**

Hashan Chowdhury  
Realtor

Mobile: 301-675-1822  
Office: 301-916-1400  
Fax: 301-916-0282

মোবাইল: ৩০১-৬৭৫-১৮২২  
অফিস: ৩০১-৯১৬-১৪০০  
ফ্যাক্স: ৩০১-৯১৬-০২৮২

Realtorchowdhury@gmail.com  
12810 Wisteria Dr, #300  
Germantown, MD 20844

**Aasha Home Care**  
আশা হোম কেয়ার

**\$22.25** Per Hour  
New York City (5 Boroughs)

FREE SERVICES FOR MEMBERS:

- Transportation
- Arts & Crafts
- Nutritious breakfast and lunch
- Movie/Music & Group Dances
- Outdoor Activities
- A Game zone

**ESHAA**  
Vice President

917 306 2981

**KARNAFULLY**  
কর্ণফুলী ট্যাক্স

TAX SERVICES INC. www.karnafulltax.com

ইনকাম ট্যাক্স কর্পোরেট ট্যাক্স সেলস ট্যাক্স  
পেরোল বিজনেস সেটআপ  
ইমিগ্রেশন নোটারি পাবলিক

ENROLLED AGENT

PH: 718-205-6040  
37-20 74th Street, 2FI, Jackson Heights

Mohammed Hasem, EA, MBA  
MBA in Accounting  
IRS Enrolled Agent  
IRS Certifying Acceptance Agent

**Home & Habitat Realty Corp.**

নিউইয়র্কে বাড়ি ক্রয়  
বিক্রয়ের বিশ্বস্ত প্রতিষ্ঠান

516-460-8260

**Mohammed Islam**  
Branch Manager  
646-724-6417

71-20 35th Ave, Jackson Heights, NY 11372

**Immigrant Elder Home Care LLC**

হোম কেয়ার

বিস্তারিত দেখুন ১৮ পৃষ্ঠায়

নতুন রুসে বাবারি সব বাংলাদেশি খাবারের আয়োজন

**Khalil's Food**

খালিল'স ফুড

খালিলুর রহমান  
CEO, Khalil's Food

718.409.6840  
646.763.5073  
718.577.7997  
718.521.9993

1457 Unionport Rd, Bronx, NY 10462

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

**Bangla Travel**  
JACKSON HEIGHTS NEW YORK

সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি

7305 37th Road, Jackson Heights, NY 11372  
Email: digitaltravel@gmail.com (কোম্পানি কিং এর পার্শে, ডাইনাসরাসিটি প্রাঙ্গণ)

Phone: 917-396-4140, 917-592-7828

সুপার সেল \$৬৪৯+

MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

**M MOTIN**

An Icon of Growth & Development

**Sweets & Masala**

**RAHMANIA TRAVEL SERVICES**

TICKETS: DOMESTIC & INTERNATIONAL

কম খরচে বাংলাদেশসহ বিশ্বের যেকোন দেশে

ভ্রমণের জন্য আজই যোগাযোগ করুন

718-205-3270, 646-322-1654

৩৭১ ফি'তে বাংলাদেশে দ্রুত ও নিরাপদ টিকা পাঠান

37-15 73rd Street, Bangladesh Plaza, Suite # 203, Jackson Heights, NY 11372

**MTR Electric**  
Murad Hussain

আপনি কি বাসায় কিংবা অফিসে সিকিউরিটি ক্যামেরা, বিদ্যুৎ সংযোগ বাড়ি রেনোভেশন করতে চান? আজই আমাদের কল করুন।

আমরা অত্যন্ত দক্ষতার সাথে বাড়ি কিংবা অফিসে যেকোনো ধরনের বিদ্যুৎ সংযোগ, রিপেয়ার ইলেকট্রিক্যাল কন্ট্রোল, ব্যালার সিস্টেম, থার্মোস্ট্যাট, এয়ার কন্ডিশন, ওয়ারিং, লাইটিং সিস্টেম, সাউন্ড সিস্টেম এবং সিকিউরিটি ক্যামেরা, আলার্ম সিস্টেম, হাউস রেনোভেশন, টাইলস, সিটরাক, ফ্লোরিং, দরজা-জানালাসহ ফুল হাউস রেনোভেশনের কাজ করে থাকি।

MRT Electric, 347-251-7335, Email: muradhussain0907@gmail.com

**Mohammed A Azad MBA**  
Real Estate Developer

Libertyrenovation04@gmail.com  
989 Liberty Ave, Brooklyn, NY 11208  
Commercial, Residential & Retail

917-346-8207

**Liberty Renovation**  
Libertyrenovation.com